



ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 23 May, 2023 ■ আগরতলা ২৩ মে, ২০২৩ ইং ■ ৮ জ্যৈষ্ঠ ১৪৩০বঙ্গাব্দ, মঙ্গলবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

# তৃণমূল স্তরে সংগঠনের শক্তি বৃদ্ধির উপর বিজেপি কার্যকারিণী বৈঠকে গুরুত্বারোপ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নয় বছরের কার্যকাল নিয়ে আজ ত্রিপুরায় প্রদেশ বিজেপির একদিবাসীয় কার্যকারিণী বৈঠকে আলোচনা হয়েছে। দেশের উৎসর্গিত তাঁর অবদানে ত্রিপুরা দারুণভাবে উপকৃত হয়েছে। আজ চড়িলাম উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে প্রদেশ বিজেপির কার্যকারিণী বৈঠক শেষে সাংবাদিক সম্মেলনে একথা বলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক(ডা.) মানিক সাহা। তাঁর কথায়, তৃণমূল স্তর পর্যন্ত বিজেপির সাংগঠনিক শক্তি বৃদ্ধিতে বিশেষ নজর দেওয়ার জন্য এদিনের বৈঠকে আলোচনা হয়েছে। এদিকে, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নয় বছরের কার্যকাল সমাপ্ত হওয়ায় মাসব্যাপী কর্মসূচীর পরিকল্পনার বিষয়টি তুলে ধরেছেন।

এদিন মুখ্যমন্ত্রী বলেন, এবছর কার্যকারিণী বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নয় বছরের কার্যকালের বিষয়ে আলোচনা হয়েছে। দেশের সেবায় তাঁর অবদানে ত্রিপুরা দারুণভাবে উপকৃত হয়েছে। এক্ট ইস্ট পলিসি-র ফলে একাধিক জনকল্যাণমুখী কর্মসূচী উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে রূপায়িত হয়েছে। তিনি বলেন, বর্তমানে ত্রিপুরা বহুমুখী যোগাযোগ ব্যবস্থার সুফল পাচ্ছে। খুব শীঘ্রই এমবিবি বিমান বন্দরে আন্তর্জাতিক বিমান পরিষেবা শুরু হবে। পাশাপাশি, ১৩টি এক্সপ্রেস ট্রেন ত্রিপুরাকে বিভিন্ন বড় শহরের সাথে জুড়েছে। সাথে তিনি যোগ করেন, জাতীয় সড়কের সংখ্যা এক থেকে বেড়ে নয় হয়েছে।

সাংগঠনিক বিষয় নিয়ে আলোচনা সম্পর্কে মুখ্যমন্ত্রী বলেন, নানা বিষয়ে এদিন বিস্তারিত চর্চা ☛ ৬ এর পাতায় দেখুন

## এক পরিবারের মতোই বিজেপি রাজ্যে কাজ করে চলেছে ঃ মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** এক পরিবার মতোই দল ত্রিপুরায় কাজ করে চলেছে। মাঝেমধ্যে কিছু সমস্যা দেখা দিলেও, বিজেপি-তে কারোর সাথেই মতানৈক্য নেই। এই দাবি করে আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক(ডা.) মানিক সাহা প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব কুমার দেবের বহিরাগত ইস্যু নিয়ে মন্তব্য এড়িয়ে গেলেন। তাঁর সাফ কথা, ওই বিষয়ে কোন মন্তব্য করতে চাই না।

তাঁর দাবি, ত্রিপুরায় বিজেপিতে প্রত্যেকেই ঐক্যবদ্ধ আছেন। এমনকি, নেতাদের মধ্যে মতানৈক্য নেই। তাঁর মতে, দল এক পরিবারের মতো ত্রিপুরায় কাজ করে চলেছে। মাঝেমধ্যে কিছু সমস্যা দেখা দেয় ঠিকই। কিন্তু, শীর্ষ নেতৃত্বের সহায়তায় আলোচনার মাধ্যমে সমস্ত ☛ ৬ এর পাতায় দেখুন

## ২,০০০ টাকার নোট বদলের প্রক্রিয়া শুরু আজ

**নয়াদিল্লি, ২২ মে (হি.স.)।।** আগামীকাল মঙ্গলবার থেকে ২,০০০ টাকার নোট বদলের প্রক্রিয়া শুরু হবে। তবে এনিয়ে হুড়োহুড়ির কোনও দরকার নেই। সাধারণ মানুষকে আশ্বস্ত করলেন আরবিআই গভর্নর শক্তিকান্ত দাস। সোমবার তিনি জানান, বাজারে থাকা সব ২,০০০ টাকার নোট বদলে দেওয়ার মতো টাকা ব্যাংকগুলির কাছে আছে। ৩০ সেপ্টেম্বরের ডেডলাইন আদতে প্রক্রিয়া মসৃণ করার জন্য ধার্য করা হয়েছে।

এরই মধ্যে এসবিআই ঘোষণা করে জানিয়েছে, একবারে কোনও পরিচয়পত্র ছাড়াই ১০টি ২০০০ টাকার নোট বদল করা যাবে। তবে ব্যাংকে নোট বদল শুরুর আগে অনেকেই পেট্রোল পাম্পে ২,০০০ টাকার নোট বদলের চেষ্টা চালাচ্ছেন। অনেকক্ষেত্রে আবার পাম্পের ☛ ৬ এর পাতায় দেখুন



'কম্প্যানিয়ন অব দ্য অর্ডার অব ফিজি' সম্মনে সম্মানিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

## ইন্টারলোকেটর নিয়ে ধোঁয়াশায় রাজ্যবাসী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** গ্রেটার তিপ্রাল্যান্ড ও ইন্টার লোকেটর বিষয়ে মথার সুপ্রিমো প্রদ্যুৎ কিশোর দেববর্মণের আওয়াজ দিন দিন ক্ষীণ হচ্ছে। এমনটাই বক্তব্য রাজনৈতিক বিশ্লেষকদের। কারণ তিনি রাজ্যে গ্রেটার তিপ্রাল্যান্ড ও সাংবিধানিক সমাধান দাবির চেয়েও এবার নর্থইস্টের ইন্ডিজিয়াস পিপুলের স্বার্থে আঞ্চলিক দলগুলোকে নিয়ে বিরোধী ঐক্য মঞ্চ গড়ে তোলার উপরেই বেশি গুরুত্ব আরোপ করছেন।

দিল্লির সঙ্গে বারবার কথা বলে মহারাজ যখন সাংবিধানিক সমাধানের সমস্যার সমাধানের পথ খুঁজে পাচ্ছেন না তখন নতুন করে অন্য খেলায় ২৪ এর লোকসভা নির্বাচনের গান গাইতে চাইছেন। আগামী দিনে কর্মীদের এই বিষয়ে মাঠে নামার প্রস্তুতির আভাস ☛ ৬ এর পাতায় দেখুন

## বিভিন্ন দাবীতে বিবিএম কলেজের অধ্যক্ষকে তালাবন্দী করল এবিভিপি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** বীর বিক্রম মেমোরিয়াল কলেজে শৌচালয়ের বেহাল দশা। কলেজে পাঠরত ছাত্র-ছাত্রীদের পরিচয় পত্র প্রদান করা হচ্ছে না। এমনই একাধিক দাবিতে আজ সোমবার কলেজের অধ্যক্ষের কক্ষে তালা দিয়ে বিক্ষোভে সামিল হয়েছেন এবিভিপি সমর্থিত ছাত্রছাত্রীরা। তাঁদের দাবি, অতিসত্বর কলেজে পাঠরত ছাত্র ছাত্রীদের পরিচয় পত্র প্রদান ও শৌচালয় পরিষ্কার করতে হবে।

কলেজে পাঠরত জনৈক ছাত্রের অভিযোগ, গত চার বছর ধরে কলেজে পাঠরত ছাত্র ছাত্রীদের পরিচয় পত্র প্রদান করা হচ্ছে না। এছাড়া কলেজে নেই পর্যাপ্ত পানীয় জলের ব্যবস্থা। তার মধ্যে কলেজের শৌচালয়ের বেহাল দশা। তাঁর আরও অভিযোগ, কলেজের শৌচালয়ের দূর্গন্ধে পরীক্ষা দিতে সমস্যা হচ্ছে ছাত্র ছাত্রীদের। এ বিষয়ে একাধিকবার কলেজের অধ্যক্ষকে জানানো হলেও সমস্যার সমাধান করছেন না তিনি। তাই তাঁরা বাধ্য হয়ে বিক্ষোভে সামিল হয়েছেন। দীর্ঘ সময় পর অধ্যক্ষের কক্ষের তালা খুলে দেন এবিভিপি-র কর্মীরা। এরপর ছাত্রছাত্রীদের এক প্রতিনিধি দল তাঁর কাছে দাবি সনদ তুলে ধরেন।

এদিকে কলেজের অধ্যক্ষ রতন দেব জানিয়েছেন, কিছু দিন আগে কলেজ থেকে জলের পাইপ চুরি হয়ে গিয়েছিল।তাই জলের সমস্যা দেখা দিয়েছে। এ-বিষয়ে সমস্যা দূরীকরণের নির্দেশ দেওয়া হয়েছে। কলেজে পাঠরত ছাত্র ছাত্রীদের পরিচয় পত্র দেওয়ার জন্য প্রয়োজনীয় অর্থ নেই বলে জানান তিনি।

## ধর্মনগরে আগুনে পুড়ে ছাঁই বসত ঘর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** আগুনে পুড়ে ছাই হয়ে গেছে একটি বসত ঘর। রবিবার রাত ১২টা নাগাদ ওই ঘটনায় ধর্মনগর আলগাপুর এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে দমকল বাহিনী। দমকল বাহিনীর দীর্ঘ প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। কিন্তু আগুন লাগার কারণ খুঁজে পাওয়া যায় নি বলে জানান দমকলকর্মী। তবে, দমকলের ইঞ্জিন ঘটনাস্থলে আসার আগেই ঘরে থাকা একটি গ্যাস সিলিন্ডার ফেটে আগুন তীব্র আকার ধারণ করে বলে জানিয়েছেন পরিবারের সদস্যরা।

বাড়ির মালিক বাপ্পি দেবনাথ জানিয়েছেন, রবিবার রাতে সব কাজ সেরে তাঁর মা কাঞ্চন দেবনাথ নিজ ঘরে ঘুমিয়ে পড়েছিলেন। রাত বারটা নাগাদ তিনি শরীরে আগুনের তাপ অনুভব করেন। তাতে তাঁর ঘুম ভেঙ্গে যায়। ঘুম থেকে উঠে তিনি প্রত্যক্ষ করেন ঘরে আগুন লেগেছে। তখন কোনো মতে তিনি ঘর থেকে বেরিয়ে পাশের ঘরে থাকা ছেলে বাপ্পি দেবনাথকে ডাক দিয়েছেন। সাথে সাথে পরিবারের সদস্যরা খবর ☛ ৬ এর পাতায় দেখুন

## বেতনের টাকা মিটিয়ে না দেওয়ায় অঙ্গনওয়াড়িতে তালা দিলেন কর্মীরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** বেতনের নির্ধারিত টাকা নির্দিষ্ট সময়ের মধ্যে মিটিয়ে না দেওয়ায় ধোলাই জেলার গন্ডাছড়া মোহকুমার অঙ্গনওয়াড়ি সেন্টারগুলিতে তালা ঝুলিয়ে বিক্ষোভ প্রদর্শন করলেন অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকারা। তালা ঝোলালেন স্ব-শাসিত জেলা পরিষদের ২৩৯টি শিশুকল্যান সেন্টারে।

আজ সকাল থেকে গন্ডাছড়া মহকুমার জুড়ে স্ব-শাসিত জেলা পরিষদের এপ্রিল মাসের বেতনের টাকা না পেয়ে তালা দিলেন গন্ডাছড়া মহকুমার অঙ্গনাওয়াড়ী

**গন্ডাছড়া**

কর্মী ও সহায়িকারা।

১৯মে বেতনের টাকা মিটিয়ে দেওয়ার দাবিতে তারা গন্ডাছড়া মহকুমা শিশুকল্যাণ দপ্তর অফিসের ভারপ্রাপ্ত সিডিপিও মঙ্গল রংখলের কাছে ডেপুটেশন দিয়েছিলেন এবং অফিসে তালা দিয়েছিলেন। সিডিপিও তাদেরকে আশ্বাস দেন যে শনিবার দিন ২০ তারিখ তাদের টাকা মিটিয়ে দেওয়া হবে। প্রতিমাসই তাদের মোবাইলে বেতন ঢোকার আগে বার্তা দেওয়া হয়।কিন্তু দেখা যায় মে মাসের ২০ তারিখ পার হয়ে গেলেও তাদের মোবাইলে কোন বার্তা আসে নি। তাতে ক্ষুব্ধ হয়ে সোমবার গন্ডাছড়া মহকুমার ৩৩৯ টি শিশু কল্যাণ সেন্টারে তালা ঝুলিয়ে দেন তারা।সকাল থেকে দিদিমনি হেল্পার কেউই উপস্থিত ছিলেন না সেন্টারে।

## মিশন লাইফ কর্মসূচির সচেতনতা গড়ে তুলতে সচিবালয়ে বৈঠক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** বিজ্ঞান, প্রযুক্তি এবং পরিবেশ দপ্তরের উদ্যোগে 'মিশন লাইফ' কর্মসূচির বিষয়ে রাজ্যব্যাপী সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে আজ সচিবালয়ের ১ নং কনফারেন্স হলে এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। মুখ্যসচিব জে কে সিনহার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে বি'ান ও প্রযুক্তি দপ্তরের প্রধান সচিব কে এস শেট্টি ছাড়াও বিভিন্ন দপ্তরের সচিব এবং উচ্চপদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য 'মিশন লাইফ'-এর মূল লক্ষ্য হল জলবায়ু পরিবর্তন প্রতিরোধ কর্মসূচিকে জনআন্দোলনে রূপান্তরিত করা। আচরণগত পরিবর্তনের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের মোকাবিলাও সম্ভব। এটি এমন একটি প্রচারাভিযান যা প্রতিটি ব্যক্তির সাথে সরাসরি সম্পর্কিত।

বৈঠকে বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের অধিকর্তা অনিমেষ দাস পরিবেশ রক্ষায় ব্যক্তিগত ☛ ৬ এর পাতায় দেখুন

## জেসিবি তুলে নিয়েছে বন দপ্তর, খোয়াইয়ে বন্ধ রাস্তার কাজ, প্রতিবাদে অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** বনদপ্তরের কর্মীরা রাস্তা নির্মাণের কাজে ব্যবহৃত দুটি জেসিবি তুলে নিয়েছেন। ফলে রাস্তার কাজ মাঝপথেই বন্ধ হয়ে গিয়েছে। তাতে খোয়াই পদ্মবিল এলাকায় প্রতিনিয়ত সমস্যা পড়তে হচ্ছে যাত্রীদের। দুইদিন পর পর ঘটছে যান দূর্ঘটনা। তাই বাধ্য হয়ে সোমবার জেসিবি ছাড়িয়ে আনতে এলাকাবাসীরা খোয়াই-আগরতলা জাতীয় সড়ক অবরোধ করেন। অবরোধের জেরে রাস্তার যান চলাচল স্তব্ধ হয়ে পড়েছিল। দীর্ঘ সাড়ে চার ঘণ্টা পর ঘটনাস্থলে ছুটে গিয়েছেন খোয়াই মহকুমা বন আধিকারিক নীতিশ চক্রবর্তী।তিনি অবরোধকারীদের সাথে কথা বলেন এবং সমস্যার দ্রুত সমাধানের আশ্বাস দেন। এরপরই অবরোধ প্রত্যাহার করেন এলাকাবাসী।

জনৈক অবরোধকারীর অভিযোগ, দুই মাস আগে খোয়াই পদ্মবিল এলাকায় পাগলাবাড়িতে নতুন রাস্তা নির্মাণের কাজ শুরু হয়েছিল। কাজ চলাকালীন বন দপ্তরের কর্মীরা রাস্তার কাজে ব্যবহৃত দুটি জেসিবি তুলে নিয়ে গেছেন। তাতে মাঝপথেই রাস্তার কাজ বন্ধ হয়ে যায়।ফলে প্রতিনিয়ত সমস্যায় পড়তে হচ্ছে যাত্রীদের। দুইদিন পর পর ঘটছে যান দূর্ঘটনা। অবশেষে জেসিবি ছাড়িয়ে আনতে এলাকাবাসী এদিন জাতীয় সড়ক অবরোধ করেন।

এই অবরোধের জেরে রাস্তার দুই ধারে যান চলাচল স্তব্ধ হয়ে পড়েছিল। তাতে যাত্রীদের দূর্ভোগ চরমে পৌঁছেছিল। দীর্ঘ সাড়ে চার ঘণ্টা পর ঘটনাস্থলে গিয়েছেন খোয়াই মহকুমা বন আধিকারিক নীতিশ চক্রবর্তী। তিনি অবরোধকারীদের সাথে কথা বলেন এবং সমস্যার দ্রুত সমাধানের আশ্বাস দিয়েছেন। ওই আশ্বাসের ভিত্তিতে অবরোধ প্রত্যাহার করেন এলাকাবাসী।

## খোয়াইয়ে বিদ্যুৎ নিগমের অফিসে ভাঙচুর চালাল ক্ষুব্ধ গ্রাহকরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** রবিবার রাতে আনুমানিক সাড়ে ১০টা নাগাদ খোয়াই বিদ্যুৎ নিগম কার্যালয়ে ক্ষুব্ধ লোকজন তাণ্ডব চালায়। ওইদিন সন্ধ্যায় খোয়াই শহর ও তার আশপাশ এলাকায় ঝড়ো বাতাস এবং হালকা বৃষ্টিপাত হয়। আর তাতেই বিপর্যস্ত হয়ে পড়ে খোয়াই শহরের বিদ্যুৎ পরিষেবা। রাতে বিদ্যুৎ নিগমের সাথে ফোনে যোগাযোগ করা সত্ত্বেও সদুত্তর না পাওয়ায় এলাকাবাসী রাত সাড়ে ১০টা নিগম কার্যালয়ে এসে উপস্থিত হয়। সেখানে নিগমের কর্মকর্তাদের না পেয়ে কার্যালয়ে ভাঙচুর চালায়। এলাকাবাসীর হাতে আক্রান্ত হন গ্রুপ-ডি কর্মচারী সজল সরকার। অন্য কর্মচারীরা প্রাণ বাঁচতে অফিস ছেড়ে পালিয়ে যায়।

## বাল্যবিবাহ রোধে সাহসী ভূমিকা নিল আমজাদনগরের জ্যোৎস্না আখতার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** বাল্যবিবাহ রোধে সাহসী ভূমিকা নেওয়া আমজাদ নগরের মেয়ে জোৎস্না আক্তারের বাড়িতে গেলেন মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। নিজের বিবাহ নিজে বন্ধ করে অনন্য নজির সৃষ্টি করলেন বিলোনিয়া মহকুমার আমজাদ নগর উচ্চ বিদ্যালয়ের সংখ্যালঘু পরিবারের দশম শ্রেণির ছাত্রী জ্যোৎস্না আক্তার।

এমনিতেই রাজ্যের মধ্যে বাল্যবিবাহ সবচাইতে এগিয়ে রয়েছে দক্ষিণ জেলা। তাই প্রশাসন থেকে শুরু করে শিক্ষা দপ্তর এ বিষয়ে তৎপর হয়ে বাল্যবিবাহ বন্ধ করার জন্য বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করছেন। যার একটি হল প্রতিটি বিদ্যালয়ে বালিকাদের দিয়ে বালিকা মঞ্চ গঠন করা। আর জ্যোৎস্না আক্তার হলেন আমজাদ নগর বিদ্যালয়ের বালিকা মঞ্চের কনভেনার। জ্যোৎস্না আক্তার আরো পড়াশোনা করতে চায় এবং নিজের পায়ে নিজে দাঁড়াতে চায়। তাই মা-বাবার ইচ্ছাকে নস্যাৎ করে দিয়ে বালিকা মঞ্চ এবং প্রশাসনের সহায়তায় নিজের বিবাহ বন্ধ করে। তারপর থেকে সকলের চোখে জোৎস্না হয়ে ওঠেন বীরাঙ্গনা। এই খবর প্রকাশিত হতেই জ্যোৎস্না ☛ ৬ এর পাতায় দেখুন

## ২৪ ঘন্টার মধ্যে চুরি যাওয়া বাইক উদ্ধার ধৃত দুই বাংলাদেশী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** বাইক চুরির ঘটনায় বড়সড় সাফল্য পেয়েছে আগরতলা পশ্চিম থানার পুলিশ। ২৪ ঘন্টার মধ্যে মধুপুর থানার পুলিশ ও বিএসএফের সহায়তায় চুরি যাওয়া বাইক উদ্ধার করা সম্ভব হয়েছে বলে জানিয়েছেন সদর মহকুমা পুলিশ আধিকারিক দেবপ্রসাদ রায়। সাথে দুই বাংলাদেশী চোরকেও পুলিশ আটক করতে পেরেছে বলে জানিয়েছেন তিনি।

সদর মহকুমা পুলিশ আধিকারিক জয়প্রসাদ রায় বলেন, গত ২০ মে রাতে রামনগরস্থিত হরিজন কলোনি থেকে একটি বাইক চুরি হয়ে গিয়েছিল। সেই ঘটনার পরিপ্রেক্ষিতে বাইক মালিক পশ্চিম থানায় একটি মামলা দায়ের করেছিলেন। মামলা হাতে নিয়ে তদন্তে শুরু করেছিল পুলিশ। পশ্চিম থানার পুলিশ অন্যান্য থানায় চুরি যাওয়া বাইকের বিষয়টি জানিয়েছিল। এরপর রবিবার রাতে মধুপুর থানার পুলিশ ও বিএসএফের সহায়তায় মধুপুর হরিহর এলাকা থেকে চুরি যাওয়া বাইক উদ্ধার করা সম্ভব হয়েছে বলে জানিয়েছেন তিনি। সাথে দুই বাংলাদেশী চোরকে আটক করতে সক্ষম হয়েছে পুলিশ। তিনি আরও জানিয়েছেন, ত্রিপুরার চুরি যাওয়া বিভিন্ন সামগ্রী সহজেই ☛ ৬ এর পাতায় দেখুন

## সাইবার ক্রাইম নিয়ে ধর্মনগরে সচেতনতা কর্মসূচি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক সাইবার ক্রাইম সম্পর্কিত সচেতনতামূলক অনুষ্ঠান আজ ধর্মনগরে অনুষ্ঠিত হয়। বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে উত্তর ত্রিপুরা জেলা পুলিশ প্রশাসন এবং ধর্মনগর পুরপরিষদের যৌথ উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধ সেন অনুষ্ঠানের উদ্বোধন করেন।

বক্তব্য রাখতে গিয়ে অধ্যক্ষ বলেন, সাইবার ক্রাইম সম্পর্কিত এই ধরনের সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সময়োপযোগী। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন ধর্মনগর পুরপরিষদের চেয়ারপার্সন প্রদ্যৎ দে সরকার, ধর্মনগর মহকুমার মহকুমা শাসক বিবেক এইচ বি প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উত্তর ত্রিপুরা জেলার এসপি ভানুপদ চক্রবর্তী। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন সমাজসেবী শ্যামল নাথ। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে বক্তব্য রাখেন ডিজিট্যাল এক্সপার্ট বাপী সাহা ও অন্যান্যরা। সচেতনতামূলক অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রী, এনএসএস ভলান্টিয়ার্স, ☛ ৬ এর পাতায় দেখুন

## ইয়েচুরি, কারাতের উপস্থিতিতে সিপিএম রাজ্য কমিটির একদিনের বৈঠক অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** এয়োদশ বিধানসভা নির্বাচনের পর সিপিআইএম রাজ্য কমিটির তৃতীয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে। মূলত, দলকে কিভাবে আরও শক্তিশালী করা যায় সেই বিষয় নিয়ে এদিনের বৈঠক বিস্তারিত আলোচনা হয়েছে বলে জানালেন সিপিএম রাজ্য সম্পাদক তথা বিধায়ক জিতেন চৌধুরী।

এদিন আগরতলায় মেলারমাঠে দলীয় কার্যালয়ে সিপিআইএম সর্বভারতীয় সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি, প্রকাশ করাত ও প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা পলিটব্যুরো সদস্য মানিক সরকারের উপস্থিতিতে একদিনের রাজ্য কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়েছে।



এদিন সিপিএম রাজ্য সম্পাদক তথা বিধায়ক জিতেন চৌধুরী বলেন, এয়োদশ বিধানসভা নির্বাচনের পর আজ তৃতীয় বার রাজ্য কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়েছে। তারঁ দাবি, নিয়ম মেনে সংগঠনকে শক্তিশালী করার লক্ষ্যে প্রতিমাসে রাজ্য কমিটির বৈঠক হয়ে থাকে। মূলত, আজ সংগঠনকে শক্তিশালী করতে এবং আগামী দিনে কর্মসূচি স্থির করার লক্ষ্যে বৈঠকের আয়োজন করা হয়েছে।

## অর্থ দপ্তরের প্রশিক্ষণ শিবির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** মুক্তধারা অডিটোরিয়ামে আজ আগরতলা ট্রেজারি ওয়ান এবং জিরানীয়া সাব ট্রেজারির অন্তর্গত বিভিন্ন দপ্তরের হেড অব অফিস, ডিডিও, অ্যাকাউন্টস অফিসার এডিসি'র প্রিন্সিপাল অফিসার, ক্যাশিয়ার, অডিটর, কমিশনার অব ট্যাক্সেস এর আধিকারিক এবং এজি অফিসের সিনিয়র অ্যাকাউন্টস আধিকারিকদের নিয়ে একদিনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। অর্থ দপ্তর এই প্রশিক্ষণ শিবিরের আয়োজন করে। প্রদীপ জেলে এই প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করে অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায় হেড অব অফিস, ডিডিও এবং ট্রেজারি অফিসারদের এজি অফিসের সাথে সমন্বয় রেখে কাজ করার পরামর্শ দেন।

অর্থ দপ্তরের অতিরিক্ত সচিব আকি'ন সরকার বলেন, অর্থ দপ্তর আইটি ফ্রন্টে যাবার জন্য নানা পদক্ষেপ গ্রহণ করেছে। এতে সরকারি কর্মচারি, ☛ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ◘ বর্ষ-৬৯ ◘ সংখ্যা ২১৯ ◘ ২৩ মে ২০২৩ ইং ◘ ৮ জৈষ্ঠ্য ◘ মঙ্গলবার ◘ ১৪৩০ বঙ্গাব্দ

## বিরোধী ঐক্যে ফের শান !

বিজেপি বিরোধিতায় আগেও একাধিকবার হাতে হাত রাখিয়া লড়াইয়ের বার্তা দিয়াছিলেন। পশ্চিমবঙ্গে বিভিন্ন সময়ে নির্বাচনে আপ সুপ্রিমো অরবিন্দ কেজরিওয়ালের সমর্থন পাইয়াছেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবার চব্বিশের লোকসভা ভোটের আগে ফের বিরোধী ঐক্যে শান দিতেছেন দিল্লির মুখ্যমন্ত্রী। তিনি আসিতেছেন কলকাতায়। দেখা করিবেন মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে। বিরোধী স্ট্র্যাটেজি নিয়া কথার পাশাপাশি কেন্দ্রীয় বিলের বিরোধিতায় তৃণমূল নেত্রীর সমর্থন চাইতে পারেন কেজরিওয়াল। মঙ্গলবার কলকাতায় পা রাখিবেন দিল্লির মুখ্যমন্ত্রী। বুধবার মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে তাঁহার দেখা করিবার কথা। সম্প্রতি কেন্দ্র বিশেষ অর্ডিন্যান্স জারি করিয়া দিল্লি সরকারের হাত থেকে বিশেষ ক্ষমতা কাড়িয়া নিয়াছে। আগামী সংসদ অধিবেশনে সেই বিল পাশ করানোর পরিকল্পনা রহিয়াছে কেন্দ্রের। সেই বিলের বিরুদ্ধেই গোটা দেশের বিরোধীদের একজোট করিতে চান কেজরিওয়াল। রাজ্যসভায় বিলটি পেশ হইলে যাহাতে বিরোধীরা তাহা রুখিয়া দিতে ঐক্যবদ্ধ হন, সেই চেষ্টা করিবেন। প্রত্যেক বিরোধী রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে তিনি ব্যক্তিগতভাবে এনিয়া আবেদন জানাইবেন। এছাড়া বাংলার মতো দিল্লিতেও কেন্দ্রীয় এজেন্সির 'অতিসক্রিয়তা' নিয়াও আলোচনা হইতে পারে। ইতিমধ্যে কেজরিওয়াল সরকারের ২ মন্ত্রী জেলে। অন্যদিকে, পার্থ চট্টোপাধ্যায়, অনুব্রত মণ্ডল-সহ তৃণমূলের একাধিক হেভিওয়েটও জেলবন্দি। তাহা নিয়া মমতা-কেজরিওয়ালের মধ্যে আলোচনার সম্ভাবনা।

এর আগেও কেজরিওয়ালের নানা পদক্ষেপকে নির্দ্বিধায় সমর্থন জানাইয়াছেন মমতা বন্দ্যোপাধ্যায়। সেই ভরসা থেকেই ফের 'দিদি'র কাছে আরজি জানাইতে আসিতেছেন আপ সুপ্রিমো। বুধবার উভয়ের সাক্ষাতের আরও বেশ কিছু প্রসঙ্গ উঠিতে পারে। যেমন চব্বিশের বিজেপি বিরোধিতায় কীভাবে একজোট হইয়া লড়াই করা যায়, তাহা নিয়া আলোচনা হওয়ার সম্ভাবনা। রাজনৈতিক মহলের একাংশের আবার মত, কর্ণাটকে কংগ্রেস সরকারের শপথ অনুষ্ঠানে 'ব্রাত্য' কেজরিওয়াল সমমনোভাবাপন্ন আমন্ত্রিতদের সঙ্গে সাক্ষাৎ করিয়া আসলে কংগ্রেসকেই বার্তা দিতে চাইছেন। চব্বিশের লড়াইয়ে বিজেপির বিরুদ্ধে লড়িতে গেলে যে সমস্ত বিরোধী দলকেই সঙ্গে নিতে হইবে, কংগ্রেসকে সেটা বোঝাইতে চান তিনি। আর সেক্ষেত্রে মমতা বন্দ্যোপাধ্যায় আদর্শ ব্যক্তিত্ব। এর আগে বিরোধী ঐক্য জোরদার করিতে তৃণমূল সুপ্রিমোর সঙ্গে দেখা করিয়াছেন সমাজবাদী পার্টির সুপ্রিমো অখিলেশ যাদব, জেডি(ইউ) নেতা এইচডি কুমারস্বামী। মাঝে মমতা বন্দ্যোপাধ্যায় গিয়াছিলেন ওড়িশায়, মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েকের সঙ্গে দেখা করিতে। কেজরিওয়ালের সঙ্গে সাক্ষাৎ হইলে চার বিরোধী দলের সঙ্গে আলোচনার রাস্তা খুলিতে পারে।

## রায়গঞ্জে নিজের গলায় রাইফেল ঠেকিয়ে আত্মহত্যার চেষ্টা করলেন হোমগার্ড

রায়গঞ্জ, ২২ মে (হি. স.) : উত্তর দিনাজপুরের রায়গঞ্জে নিজের সার্ভিস রাইফেল দিয়ে গুলি করে আত্মহত্যার চেষ্টা করেন এক হোমগার্ড। ঘটনাটি ঘটেছে সোমবার সকালে।

পুলিশ সূত্রে জানা গেছে, ওই হোমগার্ডের নাম তাপি থোকদার (৩২)। বাড়ি ইটাহারের হাটগাছি গ্রাম পঞ্চায়েতের, বনগ্রাম এলাকায়। গুরুতর আহত অবস্থায় তাকে রায়গঞ্জ সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বর্তমানে তাকে অপারেশন থিয়েটারে নিয়ে যাওয়া হয়েছে। চিকিৎসা চলছে। কী কারণে এই ঘটনা সে ব্যাপারে এখনও কিছু জানা যায়নি।

পরিবার সূত্রে জানা গিয়েছে, তিন বছর আগে বিয়ে হয় হোমগার্ড তাপি থোকদারের। তবে দুই বছর আগে তাঁর স্ত্রী হঠাৎই মালদা জেলার চাঁচলে তাঁর বাপের বাড়ি চলে যায়। পারিবারিক অশান্তির জেরে এই ঘটনা ঘটেছে কিনা তা এখনও স্পষ্ট নয়। তবে কী কারণে এই ঘটনা ঘটল তা খতিয়ে দেখছে পুলিশ। এ বিষয়ে রায়গঞ্জ পুলিশ জেলার পুলিশ সুপার মহঃ সানা আখতার ফোনে জানিয়েছেন, আহতের চিকিৎসা চলছে। কী কারনে এই ঘটনা ঘটল তা খতিয়ে দেখা হচ্ছে।তার অপরেশন হয়েছে, গুলি বের কড়া হয়েছে।

## অস্ট্রেলিয়ার বিপক্ষে ম্যাচ খেলতে চিনে যাবেন মেসিরা

বেজিং, ২২ মে (হি.স.) : আগামী ১৫ জুন বেজিংয়ের ওয়ার্কার্স স্টেডিয়ামে একটি ম্যাচ খেলতে চিনে যাবে আর্জেন্টিনা ফুটবল দল। সোমবার এই খবর জানিয়েছে চিনে অবস্থিত আর্জেন্টিনা দূতাবাস থেকে। উল্লেখ্য, এর আগে ২০১৭ সালে আর্জেন্টিনার বিশ্বজয়ী অধিনায়ক লিওনেল মেসি চিনে সফরে এসেছিলেন। তার আগেও আরও বেশ কয়েকবার চিন সফরে এসেছিলেন লিও। এই নিয়ে সপ্তমবারের জন্য চিন সফরে আসছেন মেসি। সংবাদ সংস্থা সূত্রে খবর, ইতিমধ্যেই মেসির চিন সফর ঘিরে চিনের ফুটবলপ্রেমীদের মধ্যে দারুণ উৎসাহ ও উদ্দীপনা ছড়িয়ে পড়েছে। টিকিটের চাহিদাও তুঙ্গে।

প্রসঙ্গত, কাতার বিশ্বকাপের গ্রুপের শেষ খেলায় আর্জেন্টিনা মুখোমুখি হয় অস্ট্রেলিয়ার। সেই ম্যাচে নীল-সাদা জার্সির হয়ে গোল দুটি করেছিলেন লিওনেল মেসি ও আলভারেজ। অস্ট্রেলিয়ার পক্ষে আর্জেন্টিনার হয়ে আত্মঘাতী গোল করেছিলেন এনেজো ফার্নান্দেস। বিশ্বকাপের পর আবার ফের এই দুই দেশ পরস্পরের মুখোমুখি হবে।

## রাজস্থানকে একগুচ্ছ প্রকল্প উপহার গড়করির

শ্রীগঙ্গানগর, ২২ মে (হি.স.) : সোমবার রাজস্থান সফরে রয়েছেন কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গড়করি। তিনি শ্রীগঙ্গানগর-হনুমানগড় এবং অন্যান্য এলাকায় পাক্কা সারনা গ্রামে রাস্তা ও আরইউবি নির্মাণের ঘোষণা দিয়েছেন। তিনি ৫০১ কোটি টাকা ব্যয়ে জাতীয় সড়ক ৬২-এ বিকানের থেকে সুরাটগড় ২-লেনের পাকা কাঁধের রাস্তার ১৭২ কিলোমিটার নির্মাণের উদ্বোধন করেন। এই প্রকল্পে বিকানেরে বাইপাস তৈরি করা হয়েছে।

তিনি বলেন, ৩৭০ কোটি টাকা ব্যয়ে নির্মিত নাগৌর থেকে বিকানের পর্যন্ত ২-লেনের পাকা কাঁধের রাস্তাটি নাগৌর এবং বিকানেরের মধ্যে ট্র্যাফিকের উন্নতি করেছে। ১১৬ কোটি টাকা ব্যয়ে ফতেপুর থেকে ঝুনঝুনু পর্যন্ত ২-লেনের পাকা কাঁধের রাস্তা তৈরি করা মান্দাওয়া পর্যটন এলাকার সাথে যোগাযোগ উন্নত করেছে। তিনি ৩২১ কোটি টাকা ব্যয়ে জাতীয় সড়ক ৫৪-এর হনুমানগড় থেকে কেঁচিয়া পর্যন্ত ২-লেনের পাকা কাঁধের রাস্তার ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন।

রাজগড় এবং পিলানিতে ২-লেনের পাকা কাঁধের বাইপাস নির্মাণ রাজগড় এবং পিলানির ভিতরে যানজটের চাপ কমিয়ে দেবে।

# প্রথম ব্রাহ্মসমাজ মন্দির ও একটি বাড়ি

খাস কলকাতা শহরে অবস্থিত জোড়াসাঁকো চিৎপুরের বিখ্যাত গুটকে কচুরি খেয়ে, আঙুল চেটে শীতের সকালে বা বিকালে গুটি গুটি হাঁটতে হাঁটতে মার্বেলের মূর্তি তৈরির দোকানগুলির ঠিক আগে একটা ভাঙাচোরা পুরোনো বাড়ির সামনে নিয়ে সাইনবোর্ডে নজর পড়লে চমকে উঠবেন না যেন রাজা রামমোহন চেয়েছিলেন যে বিদেশীরা বুঝুন হিন্দু ধর্ম কতটা সুমহান, কি বিশাল, কত ব্যাপক তার বিস্তার .হিন্দুরা পরমব্রহ্মের উপাসনা করেন। "ওম তৎ সৎ একমেবাদ্বিতীয়ম। রাজা রামমোহন রায়। এ নামটি নিশ্চয়ই পাঠককে স্মরণ করাতে বা নতুন করে পরিচয় দিতে হবেনা। তিনি একাধারে মহান বিদ্দ্বজ্জন, ইতিহাসে বর্ণিত শ্রেষ্ঠতম সমাজ সংস্কারকদের অন্যতম এবং অনেক কিছুই একাধারে — শুধু এটি মনে রাখাই যথেষ্ট মনে হয়, এই ব্যক্তি যদি ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধের অন্ধকারের মধ্যে আবির্ভূত না হতেন, যদি তাঁর প্রতিভার অগ্নিশিখা তৎকালীন সমাজকে এক নব চিন্তার স্রোত দর্শন না করাতো তাহলে আপনি ও আমি কোনভাবেই বর্তমানের এই আধুনিকতার সংশ্রবে আসতে পারতাম না। কোনভাবেই নয়। রামমোহন রায় প্রথম স্থাপন করলেন আত্মীয়সভা। উদ্দেশ্য ধর্মানুশীলন সত্যানুসন্ধান ও ধর্মীয় বিষয় সমূহের খোলাখুলি আলোচনা। সভায় সবাই যে ধর্ম আলোচনার জন্য আসতেন ঠিক তা নয়, অন্য ব্যাপারে রাজা রামমোহনের মত মানুষের পরামর্শ নিতেও আসতেন আবার অনেকে ছিলেন যাঁরা শুধুমাত্র নামজাদা মানুষটিকে দেখে তাঁর সান্নিধ্য লাভ করতে আসতেন। রাজা ফার্সী ভাষায় ছিলেন মহা পারদর্শী, অন্যদিকে সংস্কৃতে মহান পন্ডিত। কিন্তু তিনি ফারসি ভাষায় সবাইকেই সম্বোধন করে বলতেন --- বেরাদার।

এহেন আত্মীয় সভার বৈঠক বসত রামমোহন রায়ের বাগানবাড়িতে। আপার সার্কুলার রোডের এই গৃহ মানিকতলা গার্ডেন হাউস নামেও পরিচিত ছিল। এই সভার অনুষ্ঠান হতো এইভাবে --- পন্ডিত শ্রী শিবপ্রসাদ শাস্ত্রী শাস্ত্র পাঠ করতেন। কোনো বিশিষ্ট সঙ্গীতজ্ঞ রামমোহনের লেখা গান গাইতেন। এরপর আত্মীয় সভা চলে গেল রামমোহনের অপর একটি গৃহ আমহার্স্ট স্ট্রীটের সিমলা হাউজে। তার পরে চলে গেল বড়বাজারের শ্রী বিহারীলাল চৌবের বাড়িতে। বিহারীলাল চৌবের গৃহতেই মাদ্রাজের শ্রী সুব্রাহ্মন্য স্বামী ও রামমোহনের সুবিখ্যাত শাস্ত্রীয় তর্কযুদ্ধ হয়েছিল। এই তর্কযুদ্ধকে কেন্দ্র করে তৎকালীন টাউন কলকাতায় একটি শোরগোল পড়ে যায়। বহু বিশিষ্ট ব্যক্তি সেটি প্রত্যক্ষ করার জন্য সভাস্থলে উপস্থিত ছিলেন। রাজা রাধাকান্ত দেব বাহাদুরও ছিলেন তাঁদের অন্যতম। ১৮১৭ খ্রিষ্টাব্দের তাঁর ভ্রাতুষ্পুত্র গোবিন্দদাস, রামমোহনের সম্পত্তির অংশ দাবী করে। এই সংক্রান্ত মোকদ্দমার কারণে তিনি ব্যস্ত থাকায়, নিয়মিতভাবে 'আত্মীয় সভা' চালাতে পারেন নি। তখনো



রামমোহন রাজা উপাধি পাননি। তাঁর অনুরাগীদের এই একটি দল তৈরি হলো। তৎকালীন সমাজের বিশিষ্ট ব্যক্তিরা সমবেত হলেন রামমোহনের বৈঠকখানায়। সমাজে এখন একটি নবজাগরণের দরকার। নিশ্চিন্ত নিদ্রা থেকে টেনে তুলতে হবে সমাজকে।

এর ভিতরে তিনি ১৮১৭ খ্রিষ্টাব্দে কিছু বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে কলকাতার গরানহাটায় শ্রী গোরাচাঁদ বসাকের বাড়িতে হিন্দু কলেজ স্থাপন করেন। এই সময় তাঁকে বিশেষভাবে সাহায্য করেছিলেন প্রিন্স দ্বারকনাথ ঠাকুর। পরে তিনি হেদুার কাছে ইংরেজি শিক্ষার জন্য একটি এ্যাংলো হিন্দু স্কুল প্রতিষ্ঠা করেন।প্রিন্স দ্বারকানাথ ঠাকুর।রামমোহনের একান্ত সহযোগি। চারটি ক্ষেত্র -সামাজিক, রাজনৈতিক, ধর্ম, শিক্ষা ঢেলে সাজাতে হবে আরও দুই ঠাকুর এলেন — শ্রী প্রসন্নকুমার ঠাকুর ও শ্রী রমানাথ ঠাকুর।রমানাথ ঠাকুর সম্পর্কে দ্বারকানাথের ভাই ছিলেন।প্রসন্নকুমার ঠাকুর হলেন পাথুড়িয়াঘাটার গোপীমোহন ঠাকুর এর পুত্র।পরবর্তীকালে আইনবিশেষজ্ঞ হিসাবে শ্রদ্ধার আসন পান।১৮১৮ খ্রিষ্টাব্দে রামমোহন তাঁর 'প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ' বইয়ে প্রমাণ করেন যে, সতীদাহ প্রথা অন্যায় এবং এ বিষয়ে হিন্দুদের ধর্মশাস্ত্রে কোনো বিধান নেই। এ নিয়ে সে সময়ে হিন্দু সমাজে ব্যাপক আলোড়ন সৃষ্টি হয়।এর মধ্যেই ১৮১৯ খ্রিষ্টাব্দে 'আত্মীয় সভা' বন্ধ হয়ে যায়। ১৮২১ খ্রিষ্টাব্দে তিনি ইউনিটোরিয়ান কমিটি নামে ধর্মসভা স্থাপন করেন। পত্রিকার স্বাধীনতা হরণের প্রতিবাদে তিনি মীরাৎ-উল-আখ্‌বার বন্ধ করে দেন।১৮২৩ খ্রিষ্টাব্দের ১১ ডিসেম্বরে তিনি নিজ খরচে এ্যাংলো-ইন্ডিয়ান স্কুল স্থাপন করেন।

আত্মীয় সভা, ইউনিটারিয়ান কমিটি, ব্রিটিশ ইন্ডিয়ান ইউনিটারিয়ান অ্যাসোসিয়েশন, ব্রাহ্মসমাজ.. শ্রী তারাচাঁদ চক্রবর্তী ও শ্রী চন্দ্রশেখর দেব রামমোহন রায়ের নিকট প্রস্তাব রাখলেন নিজেদের সম্পূর্ণ উপাসনাস্থলের। যা সমস্ত রকম বিদেশি সংস্পর্শ বহির্ভুত হবে।রামমোহন রায়, প্রিন্স দ্বারকানাথ ও টাকি নিবাসী রায়ের কালীনাথ মুন্সির সঙ্গে পরামর্শ করলেন। নিজের একটি সভা ডাকলেন। এলেন দ্বারকানাথ , কালিনাথ, প্রসন্নকুমার ঠাকুর , মথুরানাথ মল্লিক। এক বাক্যে স্বীকার করলে এটি একটি উত্তম প্রস্তাব। জোড়াসাঁকো, চিৎপুর রোড। ১৮২৮ খ্রিষ্টাব্দে ২০ আগষ্ট তারিখে ব্রাহ্ম মতাদর্শের বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে উত্তর কলকাতার বাঙালি শ্রী কমললোচন বোসের বাড়িতে একটি 'ধর্মসভা'র আয়োজন করেন। যদিও লোকে বলে কমল খ্রিষ্টান ছিল , তবে সে তা ছিল না। পর্তুগিজ কোম্পানিতে কাজ করা কমল কে তার কেতাদুস্তরতার জন্য ফিরিঙ্গি কমল বলত লোকে।এই সভায় ব্রাহ্মদের জন্য একটি পৃথক ধর্মীয় সমাজ গঠনের সিদ্ধান্ত আনুষ্ঠানিকভাবে গ্রহণ করা হয় এবং এই সমাজের নামকরণ করা হয়, 'ব্রাহ্মসভা', মতান্তরে উপাসনা সভা। কমলের বাড়ির সামনের দুইটি ঘর ভাড়া নিয়ে সমাজের কাজ শুরু হয়।প্রতি শনিবার সন্ধ্যা সাতটা থেকে নয়টা সভার কার্য্যকাল। দুজন তেলেগু ব্রাহ্মণ ব্যক্তি বেদ, উৎসবানন্দ বিদ্যাবাগীশ উপনিষদ পাঠ করতেন।রামচন্দ্র বৈদিক শ্লোকের ব্যাখ্যা করতেন। তারপর সংগীত ও সভা-শেষ। কলকাতার বিশিষ্ট হিন্দুরা যোগদান করলেন। ভারী চেহারা, সুন্দর সুন্দর পোশাক, ফিটন গাড়ি , ভেতরে তত্ত্ব আলোচনা সাধু বাংলায় সম্বোধন .পাশে জোড়া সাঁকো. কিছুদিনের মধ্যেই যথেষ্ট অর্থ সংগ্রহ হল। কমলের বাড়ির পাশেই কেনা হলো এক খন্ড জমি। নির্মিত হলো নিজস্ব সমাজ গৃহ। চারকাঠা আধপোয়া জমি।তার সঙ্গে একটি গৃহ। চার হাজার দুশো টাকা দাম। ১৮২৯ সালের ৬ জুন।স্ট্যাম্প বিক্রেতার নাম ব্রজমোহন দত্ত। বিক্রেতার নাম কালিপ্রসাদ কর।জোড়াসাঁকো তখনো সুতানুটি।রামমোহন রায় রাজা উপাধি পান নি।তখনো ব্রাহ্মসমাজ নাম হয়নি। নাম ছিল ব্রহ্মসভা। ১২৩৬, ১১ মাঘ ( ১৮৩০ খ্রিষ্টাব্দ, ২৩ জানুয়ারি) নতুন গৃহে সমাজের কাজ শুরু হলো .প্রথম প্রথম ভাদ্র মাসের সাম বাৎসরিক উৎসব হত। যা ভাদ্র উৎসব নামে পরিচিত ছিল। প্রচুর ব্রাহ্মণ নিমন্ত্রিত হতেন। তাদের দক্ষিণা দান করে বিদায় দেওয়া হতো। সমস্ত খরচ সামলাতেন দ্বারকানাথ ঠাকুর , কালীনাথ আর মথুরনাথ। ১৮৩০ খ্রিষ্টাব্দর ২৩শে জানুয়ারি (১১ই মাঘ), এই বিশেষ দিনটিকে ব্রাহ্মধর্মাবলম্বীরা 'মাঘোৎসব' হিসেবে পালন করে থাকেন। এখানে একজন মাত্র ইউরোপীয় ছিলেন। কে তিনি? --- মন্টোগোমেরি মার্টিন।হিস্ট্রি অফ ব্রিটিশ কলোনির লেখক। তিনি লিখেছিলেন --- ১৮৩০ সালে সমাজ প্রতিষ্ঠিত হয় প্রতিষ্ঠা দিবসে তিনি নিজে উপস্থিত ছিলেন। প্রায় ৫০০ মানুষ উপস্থিত ছিল এবং তাদের প্রচুর পরিমাণে অর্থ দক্ষিণা দেওয়া হয়েছিল।ইংরেজি সংবাদপত্র জন বুল দুঃখ প্রকাশ করে বললে — ভাবা গিয়েছিল রামমোহন হয়তো খ্রিস্ট ধর্মের প্রচার করবেন! কিন্তু তিনি যে হিন্দু শাস্ত্র মতে ব্রম্ভ জ্ঞান এর প্রচারে মেতে গেলেন.সেই ব্রাহ্মমন্দির আজ বিপদজনক বাড়ির তকমা পেয়েছে। যে ধর্মান্তর রোখার জন্য রাজা রামমোহন রায় ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠা করেছিলেন, রাজা রামমোহন রায়ের মৃত্যুর পর দেবেন্দ্রনাথ ঠাকুর যে সমাজকে আদি ব্রাহ্মসমাজ রুপ দিয়ে তাকে জীবনভর আগলে রেখেছিলেন. সেই ব্রাহ্মসমাজ, সেই ব্রহ্মমন্দির আজ পরিত্যক্ত।

যে বাড়ির পরতে পরতে আজও এক আগ্নেয় ইতিহাসকে স্পর্শ করা যায়, অনুভব করা যায় এক কালকে — যখন প্রজ্ঞা, শ্রম ও দৃঢ়প্রতিজ্ঞা একই অঙ্গে লীন হয়েছিল আর যা রচনা করেছিল বাঙ্গালী হিন্দু জাতির উল্কাসম গতিতে উত্থানের প্রথম সোপান — তা আজ কালের ধুলায় উপেক্ষিত। স্বদেশী যুগের পরবর্তী বঙ্গে যে বামপন্থীয় মানবতাবোধের স্রোত আছড়ে পড়ল সমাজের অভ্যন্তরে তার কাছেও এই চিন্তার কোন মূল্য নেই। খোঁজা হয়েছে শুধু তার মধ্যে যবনকেন্দ্রিক ধর্মনিরপেক্ষতার ঝাঁঝ কত ছিল — তাই আজ সেটি পরিত্যক্ত; খন্ডহরে পরিণত হয়েছে প্রশাসনিক উদাসীনতার কারণে। যে হিন্দুত্বের ভাবধারা, যে উপনিষদের শাস্ত্রীয় ব্যাখ্যা দিয়ে ব্রাহ্মসমাজের সূচনা ঘটেছিল ক্রমশ কেশব সেন ও তার পরবর্তী পর্য্যায়ে সেই ব্রাহ্মসমাজ একটি সর্বধর্ম সমন্বয় সমাজে পরিণত হয়েছিল। যা ধীরে ধীরে ব্রাহ্মদের মধ্যে সেকুলারিজমের সৃষ্টি করেছিল। এ ঘটনা আমরা সমাজকে লেখা রবীন্দ্রনাথ ঠাকুরের চিঠি তে পাই। তারপর কত কত বছর কেটে গেছে কত ধর্মনিরপেক্ষ মানুষের দল এই বাংলায় রাজত্ব করেছেন কিন্তু এই ব্রাহ্মসমাজের কথা তাদের মনে পড়েনিসেকুলার বুদ্ধিজীবি মানুষের নিকট এখন সে সমাজ ব্রাত্য

সৌজন্যে বার্তা টুডে

# নিউরনের জাল এবং মহাবিশ্ব

### প্রদীপ দেব

মহাবিশ্বের গতিপ্রকৃতি অত্যন্ত জটিল। কয়েক হাজার বছর ধরে বিজ্ঞানীরা মহাবিশ্বের তথ্য সংগ্রহ করছেন। শুরুতে খালি চোখে, পরে আধুনিক টেলিস্কোপের সাহায্যে। কোটি কোটি তথ্যবিন্দু বিশ্লেষণ করে বিজ্ঞানীরা মহাবিশ্বের জটিল নিয়ম বুঝতে চেষ্টা করে চলেছেন শতাব্দীর পর শতাব্দী ধরে। মহাবিশ্বের প্রকৃতিকে বিজ্ঞানের সূত্রে বেঁধে ফেলার অনেক চেষ্টা হয়েছে। মহাবিশ্বের বৈজ্ঞানিক নিয়ম সম্পর্কে আইরিশ নাট্যকার জর্জ বার্নার্ড শ অত্যন্ত প্রয়োজনীয় কয়েকটি কথা বলেছিলেন। ১৯৩০ সালে লন্ডনের একটি অনুষ্ঠানে আলবার্ট আইনস্টাইনকে পরিচয় করিয়ে দিতে গিয়ে তিনি বলেছিলেন, 'টলেমি একটি বৈজ্ঞানিক মহাবিশ্ব তৈরি করেছিলেন, যা ১ হাজার ৪০০ বছর টিকে ছিল। এরপর নিউটন একটি বৈজ্ঞানিক মহাবিশ্ব তৈরি করেছিলেন, যা টিকে ছিল ৩০০ বছর। এরপর এলেন আইনস্টাইন। আমরা এখনো জানি না আইনস্টাইনের বৈজ্ঞানিক মহাবিশ্ব কত বছর টিকে থাকবে। আইনস্টাইনের জেনারেল থিওরি অব রিলেটিভিটি বা আপেক্ষিকতার সার্বিক তত্ত্ব থেকে আমরা যে মহাবিশ্বের ধারণা পেয়েছি, তা এখনো সঠিকভাবে টিকে আছে। অভিকর্ষ বলের স্থান- কালের নীতির সঙ্গে যুক্ত হয়েছে মহাবিশ্বে ছড়ানো বিপুল পরিমাণ অদৃশ্য বস্তু বা ডার্ক ম্যাটার এবং অদৃশ্য শক্তি বা ডার্ক এনার্জি।' শক্তিশালী টেলিস্কোপের সাহায্যে প্রাপ্ত তথ্য ও উপাত্ত এবং আধুনিক পদার্থবিজ্ঞানের তত্ত্বের সমন্বয়ে মহাবিশ্বকে বৈজ্ঞানিক পদ্ধতিতে উপস্থাপন করার সর্বাধুনিক মডেল হলো ল্যামডা কোল্ড ডার্ক ম্যাটার মডেল বা ল্যামডা-সিডিএম মডেল। মহাবিশ্বের তিনটি প্রধান উপাদান হলো গুপ্ত শক্তি (ডার্ক এনার্জি), গুপ্তবস্তু (ডার্ক ম্যাটার) এবং সাধারণ পদার্থ ও শক্তি। এই তিন ধরনের উপাদানকে ল্যামডা- সিডিএম মডেলে চমৎকারভাবে উপস্থাপন করা হয়েছে। তাই এ মডেলকে মহাবিশ্বের স্ট্যান্ডার্ড মডেল বলা হয়। ল্যামডা হলো মহাজাগতিক ধ্রুবক (কসমোলজিক্যাল কনস্ট্যান্ট), যা ডার্ক এনার্জির অস্তিত্ব প্রতিষ্ঠা করেছে। মহাবিশ্বের গতিপ্রকৃতি সার্থক ও সঠিকভাবে ব্যাখ্যা করা যায় এ মডেলের সাহায্যে। কিন্তু এরপরও ডার্ক ম্যাটার ও ডার্ক এনার্জি যেহেতু সরাসরি শনাক্ত করা যাচ্ছে না এখনো, মহাবিশ্বের অনেক রহস্য এখনো অধরাই রয়ে গেছে। বিজ্ঞান ও প্রযুক্তির এত উন্নতির পরও দেখা যাচ্ছে, মহাবিশ্বের জটিল রহস্যের জট খুব সামান্যই খুলতে পেরেছেন বিজ্ঞানীরা।

কিন্তু মহাবিশ্বের কাজকর্মের চেয়েও জটিল একটি অঙ্গ নিয়ে আমাদের জীবন। সেটা হলো আমাদের মস্তিষ্ক। আমাদের মস্তিষ্কে প্রায় ১০ হাজার কোটি (১০০ বিলিয়ন) নিউরন আছে। এই ১০ হাজার কোটি নিউরনের প্রায় ১ কোটি (১০০ ট্রিলিয়ন) জটিল স্নায়বিক সংযোগের মাধ্যমে চলে আমাদের মস্তিষ্কের সব কাজকর্ম। আমাদের মস্তিষ্ককে সুপারকম্পিউটারের সঙ্গে তুলনা করা হয়, তা আমরা জানি। কিন্তু আমাদের মস্তিষ্কের মরফোলজি বা গঠনবিজ্ঞান আর মহাবিশ্বের গঠনবিজ্ঞানের মধ্যে যে আশ্চর্য মিল আছে, তার সুনির্দিষ্ট তুলনামূলক বৈজ্ঞানিক বিশ্লেষণ পাওয়া গেছে অতিসম্প্রতি। ইতালির বোলোগনা বিশ্ববিদ্যালয়ের জ্যোতিঃপদার্থবিজ্ঞানী ফ্রাঙ্কো ভাজ্জা এবং ভেরোনা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব নিউরোসার্জারির স্নায়ুবিজ্ঞানী আলবার্তো ফেলেত্তি মহাবিশ্বের কসমিক নেটওয়ার্ক বা মহাজাগতিক জাল এবং মস্তিষ্কের নিউরাল নেটওয়ার্ক বা নিউরনের জালের গঠনবিজ্ঞানের মধ্যে চমকপ্রদ মিল খুঁজে পেয়েছেন। ২০২০ সালের নভেম্বরের মাঝামাঝি ফ্রন্টিয়ার্স ইন ফিজিকস জার্নালে তাঁদের গবেষণালব্ধ ফলাফল প্রকাশিত হয়েছে।

আমাদের মস্তিষ্ককে থ্রি পাউন্ড ইউনিভার্স বা দেড় কেজি ভরের মহাবিশ্ব বলা হয়। এই তুলনা যে কেবল বাহ্যিক সাদৃশ্যের কারণে তুলনা নয়, তা প্রমাণ করার জন্য অধ্যাপক ভাজ্জা ও অধ্যাপক ফেলেত্তি নিউরাল নেটওয়ার্ক ও কসমিক নেটওয়ার্কের বিস্তারিত গাণিতিক বিশ্লেষণ করেন। পদার্থবিজ্ঞানের অনেক মৌলিক সূত্রের মধ্যে গঠনগত সাদৃশ্য আছে, তা আমরা জানি। যেমন নিউটনের মহাকর্ষ বলের সূত্রের সঙ্গে বিদ্যুৎ—চুম্বক বলের কুলম্বের সূত্রের মিল আছে। উভয় বলই দূরত্বের বর্গের বিপরীত অনুপাতিক। কিন্তু তাদের প্রকৃতি অনেকটাই ভিন্ন। যেমন মহাকর্ষ বল মহাবিশ্বের সব জায়গায় সব ধরনের পদার্থের ওপর কাজ করে। কিন্তু বিদ্যুৎ—চুম্বক বল কাজ করে শুধু চার্জযুক্ত কণার মধ্যে। তেমনি মস্তিষ্কের নিউরনের নেটওয়ার্ক এবং মহাবিশ্বের কসমিক নেটওয়ার্কের কার্যপদ্ধতির মধ্যে অনেক পার্থক্য থাকলেও তাদের গাণিতিক গঠনবিজ্ঞানে আশ্চর্য সাদৃশ্য রয়েছে। আমাদের মস্তিষ্কের মোট ভরের ৮০ শতাংশ হলো গ্রে ম্যাটার। এই গ্রে ম্যাটারে আছে প্রায় ৬০০ কোটি নিউরন এবং ৯০০ কোটি অন্যান্য কোষ। মস্তিষ্কের সেরিবিলামে আছে প্রায় ৭ হাজার কোটি নিউরন এবং প্রায় ১ হাজার ৬০০ কোটি অন্যান্য কোষ। মানুষের মস্তিষ্কের মোট নিউরনের সংখ্যা মহাবিশ্বের মোট গ্যালাক্সির সংখ্যার প্রায় সমান। নিউরনগুলো মস্তিষ্কে জোটবদ্ধ হয়ে পরস্পরের মধ্যে স্নায়বিক সংযোগের মাধ্যমে তৈরি করে জটিল নিউরাল নেটওয়ার্ক। একইভাবে মহাবিশ্বের গ্যালাক্সিগুলোর মধ্যে মাধ্যাকর্ষণ এবং অন্যান্য জটিল প্রাকৃতিক প্রক্রিয়ায় তৈরি হয় কসমিক নেটওয়ার্ক। যদিও কসমিক নেটওয়ার্ক নিউরাল নেটওয়ার্কের তুলনায় বিলিয়ন বিলিয়ন বিলিয়ন (১০২৭) বা ১০ লাখ কোটি কোটি কোটি গুণ বড়। নিউরাল নেটওয়ার্ক ও কসমিক নেটওয়ার্কের মধ্যে আছে আশ্চর্য দৃশ্যমান সাদৃশ্য। পাশে দেখা যাচ্ছে, কম্পিউটার প্রোগ্রামের মাধ্যমে তৈরি মহাবিশ্বের একটি বাস্তব নমুনা। ১০০ কোটি আলোকবর্ষ দূরত্বের ভেতর কসমিক নেটওয়ার্কের যতটুকু দেখা যায়, তা দেখা যাচ্ছে এই ছবিতে। ডান পাশের ছবিটি হলো মস্তিষ্কের সেরিবিলামের ৪ মাইক্রোমিটার পুরু একটি স্লাইসের আণুবীক্ষণিক চিত্র। দৃশ্যত, একই আকারের দুটি চিত্রের পাওয়ার স্পেকট্রাম অ্যানালাইসিস করে দেখা গেছে, এই দুটি নেটওয়ার্কের গঠনবিজ্ঞান প্রায় কাছাকাছি। কসমিক নেটওয়ার্কে পাওয়া গেছে ৩ হাজার ৮০০ থেকে ৪ হাজার ৭০০ নোড বা সংযোগস্থল। প্রতিটি সংযোগস্থলে গড়ে ৩ দশমিক ৮ থেকে ৪ দশমিক ১টি সংযোগ পাওয়া গেছে। অন্যদিকে নিউরাল নেটওয়ার্কে ১ হাজার ৮০০ থেকে ২ হাজার নোড পাওয়া গেছে। প্রতিটি নোডে আছে ৪ দশমিক ৬ থেকে ৫ দশমিক ৪ স্নায়বিক সংযোগ।

মস্তিষ্কের উপাদানের ৭৭-৭৮ শতাংশ পানি, ১০-১২ শতাংশ লিপিড, ৮ শতাংশ প্রোটিন, ১ শতাংশ কার্বোহাইড্রেট, ২ শতাংশ অন্যান্য জৈব যৌগ, লবণ ১ শতাংশ। পানি স্নায়বিক সংযোগে কোনো ভূমিকা রাখে না। দেখা যাচ্ছে, মস্তিষ্কের মোট ভরের ৭৭ থেকে ৭৮ শতাংশ কোনো ধরনের স্নায়বিক সংযোগে অংশ নেয় না। এদিকে মহাবিশ্বের মোট শক্তির প্রায় ৭৫ শতাংশ অদৃশ্য শক্তি বা ডার্ক এনার্জি। কসমিক নেটওয়ার্কে এই অদৃশ্য শক্তির সরাসরি কোনো ভূমিকা আমরা এখনো দেখতে পাই না। দেখা যাচ্ছে, নিউরাল ও কসমিক উভয় নেটওয়ার্কেই প্রায় ৭৫ শতাংশ উপাদানের প্রত্যক্ষ অংশগ্রহণ নেই।

কসমিক নেটওয়ার্কের উদ্ভব কীভাবে হয়েছে, তা সঠিকভাবে খুঁজে বের করা খুব সহজ কাজ নয় বলেই বিজ্ঞানীরা এখনো নিশ্চিতভাবে বলতে পারছেন না ঠিক কীভাবে কী হয়েছে। কারণ, কম্পিউটারে মহাবিশ্বের একটি সার্থক মডেল তৈরি করতে ১ থেকে ১০ পেটাবাইট (১ পেটাবাইট গু ১০২৪ টেরাবাইট) ডেটা দরকার। আর এত বিপুল পরিমাণ ডেটা বিশ্লেষণ করার জন্য দরকার সুপারকম্পিউটার। আমাদের মস্তিষ্কের সঙ্গে কি এর তুলনা চলে?

আমাদের মস্তিষ্কের সব নিউরনকে কাজে লাগালে আমরা ২ দশমিক ৫ পেটাবাইট ডেটা আমাদের মাথার মধ্যে রাখতে পারব। আমরা আমাদের মস্তিষ্ককে যত বেশি খাটাব, মস্তিষ্কের নিউরাল নেটওয়ার্ক তত বেশি শক্তিশালী হবে, তত বেশি জটিল সমস্যার সমাধান আমরা করতে পারব। পুরো মহাবিশ্বের নেটওয়ার্কে যত তথ্য আছে, তার সব তথ্য ধরে রাখার মতো ক্ষমতা আমাদের মস্তিষ্কের নিউরনে আছে। এই ক্ষমতাকে কাজে লাগানোর জন্য দরকার নিয়মিত মাথা খাটানো। অর্থাৎ মগজের চর্চা। যে যত বেশি চর্চা করবে, তার নিউরাল নেটওয়ার্ক হবে ততই কার্যকর।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# বিলোনিয়া স্থলবন্দর পুরোপুরি চালু হলে ভারত-বাংলাদেশ সম্পর্কের আরও উন্নয়ন হবে




মনির হোসেন,ঢাকা,মে ২২।। নবাংলাদেশের ফেনীর বিলোনিয়া স্থলবন্দর পুরোপুরি চালু হলে ভারতের ত্রিপুরা ও বাংলাদেশের মধ্যে ব্যবসা-বাণিজ্য ও জনগণের সম্পর্কের আরও উন্নয়ন হবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশের নৌ-পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। বিকালে বন্দরের উদ্বোধন ঘোষণা করে প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেন, ২০০৯ সালের ৪ অক্টোবর শাজাহান খান এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন। এতদিন শুল্কবন্দরকে স্থলবন্দর করে গেজেট হলেও বন্দর হিসেবে উদ্বোধন হয়নি। আজ তা বাস্তবায়িত হয়েছে। তবে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের বাধায় বন্দরের কিছু কাজ বাকি রয়েছে। তাদের সঙ্গে একাধিক বৈঠক হয়েছে, আরও বৈঠক হবে, শিগগির এর স্থায়ী সমাধান হবে। প্রতিমন্ত্রী আরও বলেন, স্থলবন্দরটি পুরোপুরি চালু হলে শুধু ব্যবসা-বাণিজ্য নয়, দুই দেশের সম্পর্ক আরও উন্নয়ন হবে। দুই দেশের জনগণের মধ্যে ভ্রাতৃত্ববোধ বাড়বে।

বাংলাদেশ স্থলবন্দর সূত্রে জানা গেছে, বাংলাদেশ-ভারতের মধ্যে আমদানি-রপ্তানি মালামাল সংরক্ষণ ও পার্কিং সুবিধা নিশ্চিত করতে পরশুরাম উপজেলায় বিলোনিয়া স্থলবন্দরের অবকাঠামো উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়।

এ জন্য বরাদ্দ দেওয়া হয় সাড়ে ৩৮ কোটি টাকা। অধিগ্রহণ করা হয় ১০ একর জমি। ২০১৯ সালে বন্দরের অবকাঠামো নির্মাণে কাজ শুরু হয়। তবে সীমানা জটিলতার কারণে পুরো কাজ শেষ হয়নি। এই নিয়ে একাধিকবার বিজিবি এবং বিএসএফ দ্বি-পাক্ষিক বৈঠক করেও কোনো সুরাহা হয়নি। বিলোনিয়া স্থলবন্দরের কর্মকর্তা মো. সাইফুল ইসলাম জানান, দুই-তৃতীয়াংশ কাজ বাকি রয়েছে। কিন্তু বর্তমানে যে অবকাঠামো রয়েছে তা দিয়েও বন্দরের কার্যক্রম চালু রাখা সম্ভব হবে।

স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান মো. আলমগীরের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ফেনী-১ আসনের সংসদ সদস্য শিরীন আখতার, ফেনী জেলা প্রশাসক আবু সেলিম মাহমুদ-উল হাসান, ফেনী-৪ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল রাকিবুল হাসান, ফেনী পুলিশ সুপার জাকির হাসান, পরশুরাম উপজেলা পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন মজুমদার, পরশুরাম পৌরসভার মেয়র নিজাম উদ্দিন চৌধুরী (সাজেল)। বিলোনিয়া স্থলবন্দর শ্রমিক ইউনিয়নের সভাপতি মো. ইব্রাহিম বলেন, দীর্ঘদিন পর অবকাঠামো উন্নয়নের কারণে এ স্থলবন্দরের কার্যক্রম আরও গতিশীল হবে। স্থলবন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান মো. আলমগীর জানান, প্রকল্পটি বাস্তবায়নে ৩৮ কোটি ৬৪ লাখ টাকা ব্যয় হয়েছে।

১০ একর জমিতে ভূমি উন্নয়ন, সীমানা প্রাচীর, অভ্যন্তরীণ সড়ক, ওপেন স্ট্যাক ইয়ার্ড, পার্কিং ইয়ার্ড, একটি ওয়্যারহাউজ, ট্রান্সশিপমেন্ট শেডসহ একটি অফিস ভবন, একটি ডরমিটরি ভবন নির্মাণ করা হয়েছে। প্রকল্পের আওতায় বন্দরের ড্রেনেজ ব্যবস্থা নির্মাণ, টয়লেট কমপ্লেক্স ও আমদানি-রপ্তানি করা পণ্যের সঠিক পরিমাপ নির্ণয়ে ১০০ টন ধারণ ক্ষমতাসম্পন্ন দুটি ডিজিটাল ওয়েব্রিজ স্কেল নির্মাণ করা হয়েছে। এ বন্দর দিয়ে সকল ধরনের পণ্য আমদানি-রপ্তানি করা যায়।

ভারতের পূর্বাঞ্চলীয় ত্রিপুরাসহ সংশ্লিষ্ট এলাকার আমদানি-রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে দুই দেশের যৌথ সিদ্ধান্তে বিলোনিয়া স্থলবন্দরটি চালু করা হয়। তবে স্থলবন্দরটি উদ্বোধনের পর থেকে একমুখী বাণিজ্য কার্যক্রম চালু রয়েছে। শুধুমাত্র ভারতে রপ্তানি কার্যক্রম চলছে। এর আগে স্থানীয় আমদানি-রপ্তানিকারকদের দাবির পরিপ্রেক্ষিতে ২০২২ সালের শেষ দিকে আমাদানি কার্যক্রম শুরু হয়। তবে কয়েক সপ্তাহ পেঁয়াজ আমদানি হলেও ডলার সংকটসহ নানা অজুহাতে ফের বন্ধ হয়ে যায় আমদানি কার্যক্রম।

## বৃষ্টি সত্ত্বেও গরম কমছেই না দক্ষিণবঙ্গে

কলকাতা, ২২ মে (হি.স.): বিক্ষিপ্তভাবে বৃষ্টি হয়েই চলেছে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়। তবুও গরম কমছেই না। মাত্রাতিরিক্ত রোদের দাপটে কাহিল তিলোত্তমাও। এই পরিস্থিতিতেও রয়েছে বৃষ্টির পূর্বাভাস। অলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, চলতি সপ্তাহে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সোমবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.০ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিক। বৃহস্পতিবার পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলায় বৃষ্টি হতে পারে। মঙ্গলবার থেকে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে। মঙ্গল থেকে বৃহস্পতিবার পর্যন্ত কলকাতা-সহ দক্ষিণবঙ্গের সব জেলায় বৃষ্টির সঙ্গে ঘণ্টায় ৫০ থেকে ৬০ কিমি বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। দক্ষিণবঙ্গের পাশাপাশি উত্তরবঙ্গের জেলাগুলিতেও বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বিগত ৩ দিন ধরে কলকাতায় আবার অস্বস্তিকর গরম ফিরেছে। সোমবার অবশ্য আংশিক মেঘলা ছিল কলকাতা ও লাগোয়া জেলাগুলির আকাশ। মাঝেমধ্যেই রোদের দেখা মিলেছে।

## নৈহাটিতে বিকল সিগন্যাল

নৈহাটি, ২২ মে (হি.স.): উত্তর ২৪ পরগনার নৈহাটিতে বিকল হয়ে গেল সিগন্যাল। সিগন্যালে ত্রুটির কারণে সপ্তাহে প্রথম কাজের দিনই সমস্যায় পড়লেন অসংখ্য নিত্যযাত্রীরা। সোমবার সকালে নৈহাটির কাছে সিগন্যাল বিকল হয়ে যাওয়ায় শিয়ালদহ মেইন শাখায় থমকে যায় ট্রেন চলাচল। যাত্রীদের একাংশ জানিয়েছেন, শিয়ালদহমুখী একাধিক ট্রেন বিভিন্ন স্টেশনে আটকে রয়েছে। অল্প কিছু ট্রেন চললেও, সেগুলি নির্ধারিত সময়ের প্রায় ৪০-৪৫ মিনিট পর গন্তব্যে গিয়ে পৌঁছচ্ছে। সমস্যা সমাধানে দ্রুত আধিকারিক এবং ইঞ্জিনিয়ারদের নৈহাটিতে পাঠানো হয়েছে। কী কারণে সিগন্যালিং ব্যবস্থায় এমন বিভ্রাট, তা খতিয়ে দেখা হচ্ছে। রেলের তরফে যাত্রীদের আশ্বাস দিয়ে জানানো হয়েছে, খুব দ্রুতই সমস্যা মিটে যাবে। তবে এখনও পর্যন্ত ট্রেন পরিষেবা স্বাভাবিক হয়নি বলেই রেল সূত্রে খবর।

## দিল্লির সর্বনিম্ন তাপমাত্রা বেড়ে ২৭.৩ ডিগ্রি

নয়াদিল্লি, ২২ মে (হি.স.): উত্তর-পশ্চিম, মধ্য ও পূর্ব ভারতের কিছু কিছু জায়গায় আগামী ৪৮ ঘন্টা তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে ভারতীয় মৌসম বিভাগ। উত্তর প্রদেশ, হরিয়ানা, রাজস্থান, মধ্যপ্রদেশ, ছত্তিশগড়, ঝাড়খন্ড ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চলে আগামী দুই দিন তাপমাত্রা ২ থেকে ৪ ডিগ্রি বাড়ার সম্ভাবনা রয়েছে। গরম কম নেই রাজধানী দিল্লিতেও। সোমবারই দিল্লির সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৩ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি বেশি।

সোমবার সকালের দিকে দিল্লি গরম কম থাকলেও, বেলা বাড়তেই রোদের দাপটও বাড়ে। প্রবল গরমে নাভিশ্বাস ওঠার অবস্থা দিল্লিবাসীর। ইতিমধ্যেই দিল্লিতে সর্বোচ্চ তাপমাত্রা ৪৫ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়ে গিয়েছে। আবহাওয়া দফতরের পূর্বাভাস, আগামী কয়েক দিনে রাজধানীতে তাপমাত্রার পারদ ঊর্ধ্বমুখী থাকবে। এমনকি তাপপ্রবাহের সতর্কতাও জারি করা হয়েছে।

## ভারতে সক্রিয় কোভিড রোগী কমে ৭,৬২৩

নয়াদিল্লি, ২২ মে (হি.স.): ভারতে করোনার দৈনিক সংক্রমণ আরও কিছুটা কমেছে, সুস্থতার হারও বেড়েছে অনেকটাই। বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ৪৭৩ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ৭,৬২৩-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০২ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। ৭ জনের মৃত্যুর পর সোমবার সকাল আটটা পর্যন্ত মৃত্যু হয়েছে ৫,৩১,৮৩৯ জনের (১.১৮ শতাংশ)।

# কঠিন সময়ে বন্ধুত্বপূর্ণ প্রশান্ত মহাসাগরীয় দ্বীপ রাষ্ট্রগুলির পাশে দাঁড়িয়েছে ভারত : প্রধানমন্ত্রী



পোর্ট মোরেসবি, ২২ মে (হি.স.): কঠিন সময়ে বন্ধুত্বপূর্ণ প্রশান্ত মহাসাগরীয় দ্বীপ রাষ্ট্রগুলির পাশে দাঁড়িয়েছে ভারত। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, কোভিড মহামারীর প্রভাব সবচেয়ে বেশি পড়েছে দক্ষিণ গোলার্ধের দেশগুলিতে। জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক দুর্যোগ, ক্ষুধা, দারিদ্র্য এবং স্বাস্থ্য সম্পর্কিত চ্যালেঞ্জগুলি আগে থেকেই ছিল, এখন নতুন সমস্যা দেখা দিচ্ছে...ভারত নিজস্ব বন্ধুত্বপূর্ণ প্রশান্ত মহাসাগরীয় দ্বীপ দেশগুলির পাশে দাঁড়িয়েছে এ জন্য আমি খুশি। সোমবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পাপুয়া নিউ গিনির প্রধানমন্ত্রী জেমস মারাপের সঙ্গে তৃতীয় ভারত-প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের সহযোগিতা শীর্ষ সম্মেলনের সহ-সভাপতিত্ব করেন। ১৪টি প্রশান্ত মহাসাগরীয় দ্বীপ রাষ্ট্র শীর্ষ সম্মেলনে অংশ নিয়েছে।

প্রধানমন্ত্রী এই সম্মেলনে আরও বলেছেন, আমার কাছে আপনারা বড় সমুদ্রের দেশ এবং ছোট দ্বীপ রাষ্ট্র নয়। প্রধানমন্ত্রী মোদী জোর দিয়ে বলেছেন, জি-২০-এর মাধ্যমে দক্ষিণ গোলার্ধের উদ্বেগ, তাঁদের প্রত্যাশা ও আকাঙ্খাগুলি বিশ্বের কাছে পৌঁছে দেওয়াকে ভারত নিজস্ব দায়িত্ব বলে মনে করে। জি-৭ সম্মেলনেও গত দুই দিনে আমার এই প্রচেষ্টা ছিল। প্রধানমন্ত্রী আরও বলেছেন, ভারত আপনাদের উন্নয়ন সহযোগী হতে পেরে গর্বিত। একটি নির্ভরযোগ্য অংশীদার হিসাবে ভারতকে বিশ্বাস করতে পারেন আপনারা। আমরা বিনা দ্বিধায় আপনার সঙ্গে নিজেদের অভিজ্ঞতা এবং ক্ষমতা ভাগ করে নিতে প্রস্তুত। আমরা বহুপাক্ষিকতায় বিশ্বাস করি এবং একটি মুক্ত, উন্মুক্ত এবং অন্তর্ভুক্তিমূলক ইন্দো-প্যাসিফিককে সমর্থন করি।'

# গ্রেফতার বেআইনি, অবিলম্বে শিরিন মাজারিকে মুক্তির আদেশ লাহোর হাইকোর্টের

লাহোর, ২২ মে (হি. স.) তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) সিনিয়র নেতা শিরিন মাজারির গ্রেফতারকে 'বেআইনি' ঘোষণা করেছেন লাহোর হাইকোর্টের (এলএইচসি) রাওয়ালপিন্ডি বেঞ্চ। একইসঙ্গে আদালত তাকে অবিলম্বে মুক্তির আদেশ দিয়েছেন।

সোমবার শুনানি সময় মাজারির মেয়ে এই পদক্ষেপকে বেআইনি, অসাংবিধানিক এবং মৌলিক অধিকারের লঙ্ঘন বলে ঘোষণা করার জন্য আদালতকে অনুরোধ করেছিলেন।


শুনানির সময় আদালতের বিচারপতি আওরঙ্গজেব উল্লেখ করেন, ইসলামাবাদ পুলিশ ডেপুটি কমিশনারের জারি করা আদেশ মেনেছে এবং আদালতের আদেশ লঙ্ঘন করেছে।

প্রসঙ্গত, ১২ মে ভোরে শিরিন মাজারিকে গ্রেফতার করে ইসলামাবাদ পুলিশ।

# উত্তর প্রদেশের গোন্ডায় মোটরবাইকে ধাক্কা বেপরোয়া ট্রাকের, প্রাণ হারালেন দু''জন

গোন্ডা, ২২ মে (হি.স.): উত্তর প্রদেশের গোন্ডা জেলায় নিয়ন্ত্রণ হারিয়ে মোটরবাইকে ধাক্কা মারল একটি ট্রাক। রবিবার রাতে দুর্ঘটনাটি ঘটেছে গোন্ডা জেলায় উমরি-গোন্ডা সড়কে। এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে দু''জনের, তাঁরা হলেন-লাল্লু চৌহান (২২) ও তাঁর শ্বশুর কারিয়া চৌহান (৪৫)। মোটরবাইকে চেপে বিয়ে বাড়িতে যাচ্ছিলেন তাঁরা, সেই সময় একটি ট্রাক তাঁদের মোটরবাইকে ধাক্কা মারলে দু''জনের মৃত্যু হয়। অতিরিক্ত পুলিশ সুপার শিবরাজ সোমবার সকালে জানিয়েছেন, রবিবার রাতে উমরি-গোন্ডা সড়কের ওপর একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে মোটরবাইকে ধাক্কা মারে। দুর্ঘটনায় দু''জনের মৃত্যু হয়েছে। তাঁরা পরসপুরের বারি গ্রামে একটি বিয়ের অনুষ্ঠানে যাচ্ছিলেন।

# নতুন সংসদ ভবন রাষ্ট্রপতির দ্বারা উদ্বোধন হওয়া উচিত : মল্লিকার্জুন খাড়গে



নয়াদিল্লি, ২২ মে (হি.স.): আগামী ২৮ মে নবনির্মিত সংসদ ভবন দেশকে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কিন্তু, প্রধানমন্ত্রী পরিবর্তে নতুন সংসদ ভবন রাষ্ট্রপতির দ্বারা উদ্বোধন হওয়া উচিত বলে মন্তব্য করলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। সোমবার একের পর এক টুইট করেছেন খাড়গে। প্রথমে টুইটে খাড়গে লেখেন, নতুন সংসদ ভবনের উদ্বোধনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে আমন্ত্রণ জানানো হচ্ছে না। ভারতের সংসদ হল ভারতীয় গণতন্ত্রের সর্বোচ্চ আইন প্রণয়নকারী সংস্থা, ভারতের রাষ্ট্রপতি হলেন এর সর্বোচ্চ সাংবিধানিক কর্তৃপক্ষ। দ্বিতীয় টুইটে খাড়গে লেখেন, রাষ্ট্রপতি একাই সরকার, বিরোধী দল এবং প্রতিটি নাগরিকের প্রতিনিধিত্ব করেন। তিনি ভারতের প্রথম নাগরিক। তাঁর দ্বারা নতুন সংসদ ভবনের উদ্বোধন গণতান্ত্রিক মূল্যবোধ এবং সাংবিধানিক অধিকারের প্রতি সরকারের অঙ্গীকারের প্রতীক হবে। তৃতীয় টুইটে খাড়গে লেখেন, মোদী সরকার বারবার অধিকারকে অসম্মান করেছে। বিজেপি-আরএসএস সরকারের অধীনে ভারতের রাষ্ট্রপতির কার্যালয়কে টোকেনিজমে পরিণত করা হয়েছে। চতুর্থ টুইটে খাড়গে বিজেপি সরকারের সমালোচনা করে লেখেন, মনে হচ্ছে মোদী সরকার শুধুমাত্র নির্বাচনী কারণেই দলিত ও উপজাতি সম্প্রদায় থেকে ভারতের রাষ্ট্রপতি নির্বাচন নিশ্চিত করেছে। যদিও প্রাক্তন রাষ্ট্রপতি শ্রী কোবিন্দকেও নতুন সংসদের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়নি। উল্লেখ্য, এখনও পর্যন্ত যা ঠিক হয়েছে, আগামী ২৮ মে নবনির্মিত সংসদ ভবন দেশকে উৎসর্গ করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। নতুন সংসদ ভবনের নির্মাণ কাজ সম্পূর্ণ হয়েছে এবং নতুন ভবনটি আত্মনির্ভর ভারতের চেতনার প্রতীক (আত্মনির্ভর ভারত)। নতুন সংসদ ভবন উদ্বোধনের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আমন্ত্রণ জানিয়েছেন লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা। সংসদের বর্তমান ভবনটি ১৯২৭ সালে উন্মুক্ত হয়েছিল এবং এখন প্রায় ১০০ বছর বয়স হতে চলেছে। বর্তমান চাহিদা অনুযায়ী এই ভবনে জায়গার অভাব অনুভূত হচ্ছিল। উভয় কক্ষেই সংসদ সদস্যদের বসার সুবিধাজনক ব্যবস্থার অভাব ছিল, যা সদস্যদের কাজের দক্ষতাকে প্রভাবিত করছে। লোকসভা ও রাজ্যসভা, উভয় কক্ষই সংসদের জন্য নতুন ভবন নির্মাণের জন্য সরকারকে অনুরোধ জানিয়ে প্রস্তাব পাস করেছিল। ফলস্বরূপ, ২০২০ সালের ১০ ডিসেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সংসদের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন। নবনির্মিত সংসদ ভবনটি রেকর্ড সময়ে গুণমানের সঙ্গে নির্মাণ করা হয়েছে।

## ফ্রান্সে বন্দুক হামলায় নিহত ৩, আহত আরও ২জন

প্যারিস, ২২ মে (হি. স.) : ফ্রান্সে অজ্ঞাত পরিচয় হামলাকারীর গুলিতে নিহত তিনজন। ফ্রান্সে একটি গাড়িতে গুলি করে হত্যা করা হয় এদের। হামলা চালানো ওই গাড়িতে মোট পাঁচজন ছিলেন। ঘটনার পর অজ্ঞাত হামলাকারীরা ঘটনাস্থল থেকে পালিয়ে যায়।

পুলিশ জানিয়েছে, তারা একটি নাইট ক্লাব থেকে বের হয়ে গাড়িতে উঠলেই তাদের ওপর গুলি চালানো হয়। হামলার শিকার ওই পাঁচজনের বয়সই ২০ এর মধ্যে। পুলিশের ধারণা এই ঘটনার সঙ্গে মাদক ব্যবসার যোগসাজশ রয়েছে। মার্সেইতে এ পর্যন্ত মাদক সংক্রান্ত হত্যাকাণ্ডের সংখ্যা এটা নিয়ে ২১ দাঁড়িয়েছে।

তদন্তকারীরা ফরাসি সংবাদ মাধ্যমকে বলেছে, নিহত তিনজনই পুলিশের কাছে পরিচিত ছিলেন। তারা একটি হাউজিং এস্টেটে বাস করতেন, যেখানে মাদক অপরাধ ব্যাপক।

## ইডি-র মুখোমুখি হলেন জয়ন্ত পাটিল

মুম্বই, ২২ মে (হি.স.) : প্রবর্তন নির্দেশালয়ের দ্বিতীয় সমনে সাড়া দিলেন এনসিপি নেতা জয়ন্ত পাটিল। আইএল ও এফএস মামলায় সোমবার মুম্বইয়ে ইডি-র দফতরে হাজিরা দিয়েছেন তিনি। মুখোমুখি হয়েছেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার, শুরু হয়েছে জিজ্ঞাসাবাদ। সোমবার বেলা এগারোটা নাগাদ ইডি-র দফতরে এসে পৌঁছন। তার আগে তিনি সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে জানান, 'আমি তদন্তে সম্পূর্ণ সহযোগিতা করব এবং ইডি যে তথ্য চাইবে তা প্রদান করব।'

দ্বিতীয়বারের জন্য সমন পাঠিয়ে মহারাষ্ট্র এনসিপি-র সভাপতি জয়ন্ত পাটিলকে সোমবার, ২২ মে হাজিরা দিতে বলা হয়েছিল। সেই মতো এদিন ইডি-র মুখোমুখি হয়েছেন তিনি, তার আগে দলীয় কার্য্যালয়েও যান তিনি। টুইট করে জয়ন্ত পাটিল সকালে জানান, 'ইডি-র সমন পাওয়ার পর থেকে, আমি সমগ্র রাজ্য থেকে দলের এবং অন্যান্য বন্ধুত্বপূর্ণ দলগুলির পদাধিকারীদের কাছ থেকে ফোন কল পাচ্ছি। আমি অনুরোধ করছি কেউ মুম্বইতে যেন না আসেন। আমি এই তদন্তে ইডি-কে সম্পূর্ণ সহযোগিতা করব।'

## উত্তর প্রদেশের বালিয়ায় নৌকাডুবে মৃত্যু ৩ মহিলার

বালিয়া, ২২ মে (হি.স.): উত্তর প্রদেশের বালিয়ায় নৌকাডুবে প্রাণ হারালেন ৩ জন মহিলা। এছাড়াও অসুস্থ অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন ৪ জন।ইঞ্জিন বিকল ও প্রবল হাওয়ার বেগে নৌকাটি ভারসাম্য হারিয়ে উল্টে যায়। জলে ডুবে প্রাণ হারিয়েছেন ৩ জন মহিলা ও ৪ জন মহিলাকে উদ্ধার করার পর হাসপাতালে ভর্তি করা হয়েছে। সোমবার মর্মান্তিক এই ঘটনাটি ঘটেছে। বালিয়ায় জেলাশাসক রবীন্দ্র কুমার বলেছেন, সোমবার বালিয়ায় ইঞ্জিন বিকল এবং প্রবল হাওয়ার বেগে নৌকা ভারসাম্যহীন হয়ে ডুবে যায়। জলে ডুবে ৩ জন মহিলার মৃত্যু হয়েছে। সঙ্গে সঙ্গে উদ্ধারকাজ শুরু হয়। সব যাত্রীকে উদ্ধার করা হয়েছে। হাসপাতালে চিকিৎসাধীন ৪ জন মহিলা। আপাতত উদ্ধারকাজ জারি রয়েছে।

# দেশবাসীকে আশ্বাস আরবিআই গভর্নরের, বললেন মুদ্রিত নোট পর্যাপ্ত পরিমাণের চেয়ে বেশি উপলব্ধ রয়েছে

মুম্বই, ২২ মে (হি.স.): দেশবাসীকে আশ্বস্ত করলেন রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আরবিআই)-র গভর্নর শক্তিকান্ত দাস। সোমবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেছেন, 'আমি আপনাদের আশ্বস্ত করে বলছি, আমাদের কাছে ইতিমধ্যেই মুদ্রিত নোটগুলির পর্যাপ্ত পরিমাণের চেয়ে বেশি উপলব্ধ রয়েছে। আমাদের সিস্টেমে ইতিমধ্যেই পর্যাপ্ত পরিমাণে প্রিন্ট করা নোট পাওয়া যাচ্ছে - শুধুমাত্র আরবিআই-এর কাছেই নয়, ব্যাঙ্কগুলি দ্বারা পরিচালিত কারেন্সি চেস্টেও রয়েছে। সুতরাং, পর্যাপ্ত স্টক উপলব্ধ এবং চিন্তার কোন কারণ নেই।' আরবিআই গভর্নর শক্তিকান্ত দাস আরও বলেছেন, 'দীর্ঘদিন ধরে রিজার্ভ ব্যাঙ্ক একটি ক্লিন নোট নীতি অনুসরণ করে আসছে। সময়ে সময়ে, আরবিআই একটি নির্দিষ্ট সিরিজের নোট প্রত্যাহার করে এবং নতুন নোট জারি করে...আমরা প্রচলন থেকে ২০০০ টাকার নোট প্রত্যাহার করে নিচ্ছি কিন্তু তারা আইনি দরপত্র হিসাবে চালিয়ে যাচ্ছে।' আরবিআই গভর্নর শক্তিকান্ত দাস বলেছেন, 'আমরা আমাদের প্রেস নোটে স্পষ্টভাবে ব্যাখ্যা করেছি যে ২০০০ টাকার নোটগুলি প্রাথমিকভাবে অর্থের মূল্য দ্রুত পূরণ করার উদ্দেশ্যে জারি করা হয়েছিল, যা সিস্টেম থেকে নেওয়া হয়েছিল যখন তখন প্রচলিত ১০০০ এবং ৫০০ টাকার নোটের আইনি দরপত্রের অবস্থা ছিল। ৩০ সেপ্টেম্বর পর্যন্ত সময় দেওয়া হয়েছে (নোট বিনিময়ের জন্য) যাতে এটিকে গুরুত্ব সহকারে নেওয়া হয়।'

# আদিবাসী সেঙ্গেল অভিযানের ডাকা বনধের আংশিক প্রভাব পড়ল ঝাড়গ্রামে

শিলিগুড়ি, ২১ মে (হি. স.) : ১০০ দিনের কাজ, আবাস যোজনার টাকা দেওয়ার দাবিতে শিলিগুড়িতে ৩২ ঘন্টার ধর্না শুরু করল তৃণমূল মহিলা কংগ্রেস। সোমবার থেকে মৈনাক পর্যটন আবাসের সামনে এই ধর্না শুরু হয়।

এদিন ধর্নায় উপস্থিত রয়েছেন তৃণমূল মহিলা কংগ্রেসের রাজ্য সভানেত্রী তথা রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, স্মিতা বক্সি সহ অন্যান্য রাজ্য নেতৃত্ব। মঙ্গলবার বিকেল সাড়ে চারটা পর্যন্ত টানা এই ধর্না চলবে বলে জানিয়েছেন চন্দ্রিমা।

এদিন তিনি বলেন, 'কেন্দ্রীয় সরকার রাজ্যের সঙ্গে বঞ্চনা করে চলেছে। রাজ্যের ন্যায্য প্রাপ্য আটকে রেখেছে। উপরন্তু বিভিন্নভাবে আমাদের হেনস্থা করছে। এর প্রতিবাদেই এই ধর্না।' স্বাস্থ্য পরিষেবা প্রসঙ্গে তাঁর বক্তব্য, উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতাল-ই শুধু নয়, রাজ্যের সমস্ত হাসপাতালেই সরকারিভাবে অ্যাম্বুল্যান্স দেওয়া হচ্ছে। উত্তরবঙ্গের জেলাগুলিতেও নিশ্চয়ই মুখ্যমন্ত্রী এই ব্যবস্থা করবেন।' তবে দালালরাজের তত্ত্ব তিনি মানতে চাননি।

# গোমূত্র দিয়ে কর্ণাটক বিধানসভা শুদ্ধিকরণ করল কংগ্রেস, বোম্মাইয়ের সঙ্গে হাসিমুখে শিবকুমার

বেঙ্গালুরু, ২২ মে (হি. স.) : গোমূত্র দিয়ে কর্ণাটক বিধানসভা (বিধান সৌধ) শুদ্ধিকরণ করল কংগ্রেস। সোমবার সকালে কংগ্রেস কর্মীরা কর্ণাটক বিধানসভা চত্বরে গোমূত্র ছিটিয়ে পূজার্চনা করছেন। কংগ্রেস কর্মীদের বলতে শোনা যায়, তাঁরা গোমূত্র ছিটিয়ে বিধান সৌধকে ''শুদ্ধিকরণ'' করছেন।

এদিকে, রাজনৈতিক বিভেদ থাকা সত্ত্বেও সোমবার বিধানসভা চত্বরে হাসিমুখে দেখা গেল কর্ণাটকের উপ-মুখ্যমন্ত্রী ও প্রদেশ কংগ্রেস সভাপতি ডি কে শিবকুমার ও প্রাক্তন মুখ্যমন্ত্রী বাসভরাজ বোম্মাইকে। রাজ্য বিধানসভায় হাসিমুখেই কথা বলতে দেখা যায় শিবকুমার ও বোম্মাইকে, উভয়ে কুশল বিনিময় করেন।

এদিনই কর্ণাটক বিধানসভার প্রোটেম স্পিকার হিসেবে শপথ নিয়েছেন প্রবীণ কংগ্রেস নেতা আর ভি দেশপান্ডে।


কর্ণাটকের রাজ্যপাল থাওয়ারচন্দ গেহলট তাঁকে শপথবাক্য পাঠ করান।

# হরেকরকম

হরেকরকম

হরেকরকম

## মাঝেমাঝেই পিঠে প্রচণ্ড ব্যথা হয়?



পিঠে ব্যথা বা ব্যাক পেন সাধারণত পেশীর সমস্যার কারণে হয়, যেমন - আঘাত লাগা, ভুল পদ্ধতিতে ঘুমানো অথবা এক টানা বসে বসে কাজ করা। তবে পর্যাপ্ত বিশ্রাম, গরম-ঠান্ডা থেরাপি বা হালকা স্ট্রেচিং করে ব্যাক পেনের সমস্যা নিরাময় করা যেতে পারে। ব্যাক পেন কেবলমাত্র এই সব সাধারণ কারণের জন্যই হয় না, এটি বিভিন্ন ক্যান্সারের লক্ষণও হতে পারে।

বিভিন্ন ধরণের ক্যান্সারের কারণে হতে পারে ব্যাক পেন। আমরা সাধারণ পিঠে ব্যথা মনে করে এই লক্ষণকে অতটাও গুরুত্ব দিই না। কিন্তু দীর্ঘদিন ধরে এই সমস্যা চলতে থাকলে অবশ্যই ডাক্তারের কাছে যাওয়া উচিত। চলুন জেনে নেওয়া যাক, কোন কোন ক্যান্সারের কারণে পিঠে ও কোমরে মারাত্মক ব্যথা হতে পারে -

মূত্রাশয় ক্যান্সার- আমাদের তলপেটের একটি অঙ্গ মূত্রাশয়, যার মধ্যে প্রস্রাব সঞ্চিত থাকে। পিঠের নিচের অংশে অসহ্য যন্ত্রণা বা ব্যথা হওয়া মূত্রাশয় ক্যান্সারের লক্ষণ হতে পারে। ইয়েল মেডিসিনের মতে, মূত্রাশয়ের গভীরতম টিস্যুতে টিউমার বেড়ে ওঠা খুবই সাধারণ।

পিঠের নিচের অংশে ব্যথা সাধারণত মূত্রাশয় ক্যান্সারের অ্যাডভান্স রূপের লক্ষণ। যদি মূত্রাশয় ক্যান্সারের অন্যান্য লক্ষণগুলির পাশাপাশি পিঠের নিচের অংশেও ব্যথা হয়, তবে অবিলম্বে চিকিতা করানো উচিত।

মেরুদণ্ডের ক্যান্সার-মেরুদণ্ডের ক্যান্সার ব্যাক পেনের অন্যতম কারণ হতে পারে, যদিও এটি খুবই বিরল। এই ব্যথা মেরুদণ্ডের -এর কারণে হতে পারে, যা শরীরের অন্যান্য অংশে ছড়িয়ে পড়ে না। মেরুদণ্ডের ক্যান্সারের অনতম প্রাথমিক লক্ষণ হল ব্যাক পেন। সময়ের সাথে সাথে এই ব্যথা আরও বাড়তে পারে এবং শরীরের অন্যান্য অংশে যেমন হিপ, পা, পায়ের পাতা বা বাহুতে ছড়িয়ে পড়তে পারে।

ফুসফুসের ক্যান্সার

ফুসফুসের ক্যান্সারের কারণেও ব্যাক পেন হতে পারে। ব্যাক পেনের সঙ্গে ফুসফুসের ক্যান্সারের অন্য কোনও উপসর্গ লক্ষ্য করে থাকলে অবশ্যই ডাক্তার দেখান। ফুসফুসের ক্যান্সার সাধারণত দুই ধরনের হয় - নন স্মল সেল লাং ক্যান্সার এবং স্মল সেল লাং ক্যান্সার। প্রথমটা ফুসফুসের ক্যান্সারের সবচেয়ে সাধারণ রূপ এবং স্মল সেল লাং ক্যান্সারের তুলনায় এর বেঁচে থাকার হারও বেশি।

অন্যান্য লক্ষণ-ব্যাক পেনের পাশাপাশি, এই তিনটি ক্যান্সারের অন্যান্য লক্ষণগুলি হল - ১) মূত্রাশয় ক্যান্সারের লক্ষণগুলির মধ্যে রয়েছে - ঘন ঘন প্রস্রাব, প্রস্রাবে রক্ত এবং প্রস্রাবের সময় ব্যথা বা যন্ত্রণা। ২) মেরুদণ্ডের ক্যান্সারের লক্ষণগুলি হল - অসাড়তা, দুর্বলতা, বাহু ও পায়ের অবস্থা খারাপ এবং প্যারালইসিস। ৩) ফুসফুসের ক্যান্সারের লক্ষণগুলির মধ্যে রয়েছে - কাশিতে রক্ত পড়া, ক্রমাগত শ্বাসকষ্ট, দীর্ঘস্থায়ী কাশি। কাশি দুই বা তার বেশি সপ্তাহ ধরেও থাকতে পারে।

## মলদ্বারে অস্ত্রোপচার না করেই কি পাইলস সারে?

পাইলস হল পায়ুপথের জটিল রোগগুলোর একটি।এই রোগে রোগীরা সাধারণত পায়ুপথ দিয়ে রক্তক্ষরণ, পায়ুপথ ফুলে যাওয়া, ব্যথা অনুভব করা, পায়ুপথ দিয়ে পাইলস বেরিয়ে আসা, মলদ্বারের চারপাশে চুলকানো বিভিন্ন উপসর্গের কথা বলে থাকেন। উপসর্গগুলো দীর্ঘমেয়াদে জিইয়ে রাখলে মারাত্মক আকার ধারণ করতে পারে।

এ কারণে পাইলসের চিকিতায় অস্ত্রোপচার অনেক সময় জরুরি হয়ে উঠে। তবে অনেক ক্ষেত্রে মলদ্বার না কেটেও অনেক সময় অস্ত্রোপচার করা হয়ে থাকে বলে জানান এক দল চিকিতকরা। পাইলস পায়ুপথ দিয়ে বেরিয়ে আসে কিনা তার ওপর নির্ভর করে পাইলসকে চার মাত্রায় বিভক্ত করা হয়ে থাকে এবং পাইলস চিকিতা বহুলাংশে এ মাত্রা বিভেদের ওপর নির্ভরশীল। পায়ুপথে শুধু রক্তক্ষরণ প্রথম ডিগ্রি/মাত্রা পাইলসের বৈশিষ্ট্য, এ মাত্রার পাইলস কখনই পায়ুপথ দিয়ে বেরিয়ে আসে না। দ্বিতীয় এবং তৃতীয় মাত্রা পাইলস পায়ুপথ দিয়ে বেরিয়ে আসে মলত্যাগ করার সময়ে কিন্তু মলত্যাগ সম্পন্নের পর দ্বিতীয় মাত্রার ক্ষেত্রে নিজ হতেই মলদ্বারের ভেতরে চলে যায় এবং তৃতীয় মাত্রা পাইলসের ক্ষেত্রে রোগীকে অঙ্গুল দ্বারা চাপ দিয়ে আবার মলদ্বারের ভেতরে প্রতিস্থাপন করতে হয়। চতুর্থ মাত্রার পাইলস সব সময়ই পায়ুপথের বাইরে অবস্থান করে। প্রথম মাত্রা এবং প্রথমাবস্থায় দ্বিতীয় মাত্রা পাইলস চিকিতা।ইনজেকশন ও ব্যান্ড লাইগেশনের মাধ্যমে চিকিতা করা হয়ে থাকে। সেই সঙ্গে খাদ্য অভ্যাস এবং জীবনধারা পদ্ধতি পরিবর্তন করে নরম কিন্তু শক্ত অথবা পাতলা নয় এমন মল ত্যাগ করার অভ্যাস করা। উপরিউক্ত চিকিতার মাধ্যমে প্রথম মাত্রা এবং প্রথমাবস্থায় দ্বিতীয় মাত্রা পাইলসের চিকিতা সম্ভব হতে পারে। ১৯৯৩ সালে ইতালির প্যালেরমো বিশ্ববিদ্যালয়ের শল্যবিভাগের অধ্যাপক ডা. এন্টোনিও লংগো নতুন পদ্ধতির মাধ্যমে মলদ্বারে ক্ষত না করে, চর্ম অথবা মাংস না কেটে পাইলসের অত্যাধুনিক অপারেশন আবিষ্কার করেন। এই অত্যাধুনিক পদ্ধতি ''স্ট্যাপলেড হেমোরহাইডেক্টটমি'' অথবা ''স্ট্যাপলেড হেমোরহাইডোপেক্সি'' নামকরণে ভূষিত। এটি একটি অস্ত্রোপচারপদ্ধতিযা অস্বাভাবিকভাবে বর্ধিত হিমোরোডিয়াল (পাইলস) টিস্যু অপসারণ করে, তারপরে অবশিষ্ট হেমোরোডিয়াল (পাইলস) টিস্যুকে তার স্বাভাবিক শারীরিক অবস্থানে ফিরিয়ে আনে।

## যেভাবে পুরুষদের মাথায় চুল পড়া কমানো যেতে পারে



চুল পড়া পুরোপুরি বন্ধ না হলেও অন্তত কমবে। পুরুষের চুল পড়া সমস্যা রোধের কিছু উপায় হচ্ছে- খাদ্যাভ্যাস ঠিক রাখা, মানসিক চাপ নিয়ন্ত্রণে রাখা এবং চিকিতকের পরামর্শ নেওয়া। চুল পড়া রুখতে পর্যাপ্ত জল পান করুন। শরীরে জলের অভাব দেখা দিলে চুলের গ্রন্থিগুলো দুর্বল হয়ে যায়।

ফলে চুলের ঘনত্ব কমে যায় এবং চুল পড়া শুরু হয়। তাছাড়া শরীরে জলের অভাব দেখা দিলে নতুন চুলগ্রন্থি তৈরি হয় না। ফলে মাথায় চুলের পরিমাণ বাড়ে না। চুল পড়া রোধে পর্যাপ্ত জল পান করুন। এর মধ্যে অনেকেই রয়েছেন যারা চুল পড়া নিয়ে চরম দুশ্চিন্তায় ভোগেন। ফলাফল হিসেবে চুল পড়ার হার বেড়ে যায়। অতিরিক্ত দুশ্চিন্তার ফলে চুলপড়াজনিত নানারকম সমস্যা বেড়ে যায়। এর মধ্যে অন্যতম হচ্ছে টেলোজেন এফ্লুভিয়াম (যার ফলে মাথা থেকে আপনাআপনি চুল ঝরে যায়) এবং ট্রিকোটেলোমেনিয়া (যার ফলে বারবার চুল টানার ইচ্ছা জাগে ফলে মাথা থেকে প্রচুর পরিমাণে চুল পড়ে যায়)। সুতরাং মানসিক চাপ বা দুশ্চিন্তা এড়াতে নিয়মিত বিভিন্ন ব্যায়াম করুন। গবেষণায় দেখা গেছে ধূমপান এবং মদ্যপান চুল পড়ার জন্য দায়ী। ধূমপানের ফলে শরীরের রক্ত চলাচল ব্যাহত হয়। ফলে আপনার চুলের গ্রন্থিগুলোতে সঠিক মাত্রায় রক্তপ্রবাহ না থাকায় চুল পড়া শুরু হয়। অন্যদিকে মদ্যপানের ফলে শরীরে জলশূন্যতা এবং নানানরকম পুষ্টিজনিত সমস্যা দেখা দেয়। ফলে চুল পড়ার হার বৃদ্ধি পায়।

## অতিরিক্ত শরীরচর্চাও বাড়িয়ে দেয় হার্ট অ্যাটাকের ঝুঁকি



চিকিৎসকরা সুস্থ থাকতে ওজন কমানোর কথা বলেন। কারণ, শরীরের বাড়তি ওজন ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, উচ্চ কোলেস্টেরলের মতো ক্রনিক সমস্যার জন্ম দেয়। কিন্তু অনেক সময়ে ওজন কমানোর প্রবণতায় হিতে বিপরীত হতে পারে। মাত্রাছাড়া ডায়েট প্রভাব ফেলে হৃদযন্ত্রে।

বাড়িয়ে তোলে হার্ট অ্যাটাকের ঝুঁকি। শুধু ডায়েট কেন অতিরিক্ত পরিমাণে শরীরচর্চাও কিন্তু হার্টের স্বাস্থ্যের অবনতি ঘটাতে পারে। ওজন নিয়ন্ত্রণে রাখতে শরীরচর্চার অভ্যাস নিঃসন্দেহে স্বাস্থ্যকর। কিন্তু তার একটি নির্দিষ্ট মাত্রা থাকা প্রয়োজন। সীমা পেরিয়ে গেলেই ক্ষতি। ডায়েট এবং নিয়ম করে শরীরচর্চা করার অভ্যাস, ওজন নিয়ন্ত্রণে রাখার একমাত্র উপায়। তবে এগুলো করতে গিয়ে শরীরের কথা ভুলে গেলে চলবে না। ডায়েট হতে হবে স্বাস্থ্যকর। না খেয়ে থাকলেন আর রোগা হয়ে গেলেন, ব্যাপারটি কিন্তু মোটেই এতো সহজ নয়। ডায়েট হতে হবে স্বাস্থ্যকর এবং সুষম। রোগা হওয়ার পর্বে প্রতিদিনকার খাবারে অনেকেই ক্যালোরি, কার্বোহাইড্রেট রাখেন না। পুষ্টিবিদদের মতে, এই সিদ্ধান্ত কিন্তু ভুল। সব ধরনের পুষ্টি শরীরে যাওয়া প্রয়োজন। তাহলেই রোগ হওয়ার পথ আরো দ্রুত মসৃণ হবে। ''লো ক্যালোরি ডায়েট'' ''ক্র্যাশ ডায়েট'' এখন বেশ জনপ্রিয়। চিকিতকরা জানান, এই ধরনের ডায়েট প্রভাব ফেলে হৃদ্যন্ত্রে। কম ক্যালোরিযুক্ত খাবার হৃদযন্ত্রের রক্ত সঞ্চালন ব্যহত করে। হৃতিণ্ড দুর্বল হয়ে পড়ে। তাই এমন কিছু খাবার বেছে নিন যেগুলো একই সঙ্গে ওজন কমায় আবার হার্টের স্বাস্থ্যেরও খেয়াল রাখে।


## আপনার শিশুকে দীর্ঘ সময় ডায়াপার পরিয়ে রাখলে যে ক্ষতি হয়



আমরা সাধারণত নিজেদের শিশুকে বাড়ির বাইরে নিয়ে যাওয়ার সময় তাকে ডায়াপার পরিয়ে নিই। এছাড়া রাতে ঘুমনোর সময়ও ডায়াপার পরা থাকলে পাশে মাও একটু ঘুমোতে পারেন। এটি না পরালে বার বার ঘুম থেকে উঠে কাঁথা পাল্টানোর দরকার পড়ে।এই ডায়পার অনেক মা-বাবাই প্রায় তিন বছর বয়স পর্যন্ত সন্তানকে পরিয়ে রাখেন।

বেশিরভাগ অভিভাবকই মনে করেন, শিশুকে ডায়াপার পরিয়ে রাখা মানে অনেকটা নিশ্চিন্ত থাকা। বিশেষ করে, বাইরে বেরোনোর সময় কিংবা রাতে একটু নিশ্চিন্তে বিশ্রামের কারণে সন্তানকে ডায়াপার পরিয়ে রাখেন। ডায়াপার ব্যবহারের সুবিধা থাকলেও, এর কিছু পার্শপ্রতিক্রিয়াও আছে। দীর্ঘ সময় ডায়াপার ব্যবহারের ফলে শিশুর ত্বক ও স্বাস্থ্যের ক্ষতি হতে পারে। এর ফলে হতে পারে অ্যালার্জি। শিশুদের ত্বক খুবই নরম ও মসৃণ হয়, তাই সামান্য অবহেলাতেই তাদের ত্বকের বিরাট ক্ষতি হতে পারে। ডায়াপার তৈরিতে সিন্থেটিক ফাইবার, রং এবং বিভিন্ন রাসায়নিক পণ্য ব্যবহার করা হয়। এসব ডায়াপার ব্যবহারে শিশুর সেনসিটিভ ত্বকের ক্ষতি হয় এবং অ্যালার্জিও হতে পারে। তাই, এমন ডায়াপার ব্যবহার করুন যা অত্যন্ত নরম এবং স্কিন-ফ্রেন্ডলি উপকরণ দিয়ে তৈরি। দীর্ঘ ডায়াপার পরাতে ব্যাশ হতে পারে। শিশুদের ডায়াপার ব্যাশ খুব সাধারণ সমস্যা। ভেজা নোংরা ডায়াপার দীর্ঘক্ষণ পরে থাকলে তাতে ব্যাকটেরিয়া বংশবৃদ্ধি করে এবং সেখান থেকেই ত্বকে ব্যাশ, লালচে ভাব হতে পারে। শিশুকে ডায়াপার পরালে অবশ্যই নিয়মিত তা বদলানোর কাজটি মনোযোগ দিয়ে করতে হবে। ডায়াপার এমন উপাদান দিয়ে তৈরি করা হয়, যা সহজেই প্রস্রাব শোষণ করতে পারে। এই উপাদানই শিশুর ডায়াপারের ভেতরে বাতাস প্রবেশে বাধা দিতে পারে, ফলে ডায়াপারের মধ্যে ব্যাকটেরিয়া এবং অন্যান্য জীবাণুর বংশবৃদ্ধি হতে পারে। ডায়াপার বেশি ব্যবহার করলে শিশুর ইনফেকশন হওয়ার ঝুঁকি বেশি থাকে। তাই, ঘন ঘন শিশুর ডায়াপার পরিবর্তন করুন।

## অ্যালার্জি কেন হয়? এটা থেকে যেভাবে মুক্তি পাবেন



শিশু থেকে বৃদ্ধ- সব বয়সি মানুষ অ্যালার্জি রোগে ভুগে থাকে। অ্যালার্জিতে হাঁচি থেকে শুরু করে খাদ্য এবং ওষুধের মারাত্মক প্রতিক্রিয়া ও শ্বাসকষ্ট হতে পারে। কারও কারও ক্ষেত্রে অ্যালার্জি সামান্য অসুবিধা সৃষ্টি করে। আবার কারও ক্ষেত্রে জীবনকে বিষিয়ে দেয়।

হঠাতকরে হাঁচি এবং পরে শ্বাসকষ্ট হলে অথবা ফুলের গন্ধ নিচ্ছেন বা গরুর মাংস, চিংড়ি, ইলিশ, গরুর দুধ, বেগুন খেলেই শুরু হলো গা চুলকানি বা চামড়ায় লাল লাল চাকা হয়ে ফুলে ওঠা। এগুলো হলে আপনার অ্যালার্জি আছে ধরে নিতে হবে। প্রশ্ন হল, অ্যালার্জি কী? কেন হয় এবং কীভাবে এড়ানো যায়? আসলে প্রত্যেক মানুষের শরীরে এক একটি প্রতিরোধ ব্যবস্থা বা ইমিউন সিস্টেম থাকে, কোনো কারণে এই ইমিউন সিস্টেমে গোলযোগ দেখা দিলে তখনই অ্যালার্জির বহিঃপ্রকাশ ঘটে। আমাদের শরীর সবসময়ই ক্ষতিকর বস্তুকে (পরজীবী, ছত্রাক, ভাইরাস ও ব্যাকটেরিয়া) প্রতিরোধের মাধ্যমে রোগ প্রতিরোধের চেষ্টা করে। এই প্রচেষ্টাকে রোগ প্রতিরোধ প্রক্রিয়া বা ইমিউন বলে। কিন্তু কখনো কখনো আমাদের শরীর সাধারণত ক্ষতিকর নয়, এমন অনেক ধরনের বস্তুকেও ক্ষতিকর ভেবে প্রতিরোধের চেষ্টা করে। সাধারণত ক্ষতিকর নয়, এমন সব বস্তুর প্রতি শরীরের এই অস্বাভাবিক প্রতিক্রিয়াকে অ্যালার্জি বলা হয়। এর উপসর্গ হচ্ছে- অনবরত হাঁচি, নাক চুলকানো, নাক দিয়ে জল পড়া বা নাক বন্ধ হয়ে যাওয়া, কারও কারও চোখ দিয়েও জল পড়ে এবং চোখ লাল হয়ে যায়। চামড়ার কোথাও কোথাও শুকনো, খসখসে, ছোট ছোট দানার মতো ওঠা। বহিস্থ উপাদান বা অ্যালার্জেনের সংস্পর্শে ত্বকে প্রদাহ হলে তাকে অ্যালার্জিক কনটাক্ট ডারমাটাইটিস বলা হয়। এর লক্ষণ ও উপসর্গ। ত্বকে ছোট ছোট ফোসকা পড়ে। ফোসকাগুলো ভেঙে যায়। চুয়ে চুয়ে জল পড়ে। ত্বকের বহিরাবরণ উঠে যায়। ত্বক লালচে হয় এবং চুলকায়। চামড়া ফেটে অঁশটে হয়।এ গুলি থেকে রক্ষা পেতে রক্তে ইয়োসিনোফিলের মাত্রা বেশি আছে কিনা, তা পরিক্ষা করে দেখুন। সিরাম আইজিইর মাত্রা,: সাধারণত অ্যালার্জি রোগীদের ক্ষেত্রে আইজিইর মাত্রা বেশি থাকে। স্কিন প্রিক টেস্ট , এ পরীক্ষায় রোগীর চামড়ার ওপর বিভিন্ন অ্যালার্জেন দিয়ে পরীক্ষা করা হয় এবং এই পরীক্ষাতে কোন কোন জিনিসে রোগীর অ্যালার্জি আছে তা ধরা পড়ে। স্পেসিফিক আইজিই টেস্ট , এই পরীক্ষা স্কিন পিক টেস্টেরই অংশ। এ পরীক্ষাটি ডিজিটাল পদ্ধতির, রক্ত নিয়ে করা হয়। বুকের এক্স-রে করুন, হাঁপানি রোগের ক্ষেত্রে চিকিৎসা শুরু করার আগে অবশ্যই বুকের এক্স-রে করে নেওয়া দরকার যে, অন্য কোনো কারণে শ্বাসকষ্ট হচ্ছে কিনা। অ্যালার্জেন পরিহার করুন। যখন অ্যালার্জির সুনির্দিষ্ট কারণ খুঁজে পাওয়া যায়, তখন তা পরিহার করে চললেই সহজ উপায়ে অ্যালার্জি নিয়ন্ত্রণ করা যায়। ওষুধ প্রয়োগে অ্যালার্জি ভেদে ওষুধ প্রয়োগ করে অ্যালার্জির উপশম অনেকটা পাওয়া যায়। অ্যালার্জি দ্রব্যাদি এড়িয়ে চলা ও ওষুধের পাশাপাশি ভ্যাকসিনও অ্যালার্জিজনিত রোগীদের সুস্থ থাকার অন্যতম চিকিতসা পদ্ধতি।

## টক-মিষ্টি এই ফলটি স্বাদে-গুণে সেরা

এই ফল খুব দামি মোটেই নয়, আবার সস্তাও নয়। কোভিড পরবর্তী সময়ে দর বেড়েছে এই লের। বহুযুগ আগে থেকেই মায়েরা বাচ্চাদের সুস্বাস্থ্যের জন্য এই ফল নিয়ম করে খাওয়াতেন। স্বাদের দিক থেকে মোসাম্বি তুলনাহীন। পাকা হলে তা হয় চিনির মত মিষ্টি। এছাড়াও মোসাম্বির মধ্যে রয়েছে পটাসিয়াম, আয়রন, ক্যালসিয়াম, ভিটামিন ।

যে কারণে মোসাম্বি আমাদের ত্বকের জন্যেও খুব ভাল। মোসাম্বির এই পুষ্টিগুণের জন্যই সব সময় পুষ্টিবিদরা এই ফলটি খাওয়ার পরামর্শ দেন। রোজ একটা করে মোসাম্বি খেতে পারলে খুবই ভাল। গ্রীষ্মকালে বেশি পাওয়া গেলেও এখন বছরভর বাজারে পাওয়া যায় এই ফল। শরীরে রোজকারের ভিটামিনের চাহিদা পূরণ করতে এবং রোগ প্রতিরোধক ক্ষমতা বাড়িয়ে তুলতে এই ফলটির জুড়ি মেলা ভার।

ত্বকের জন্য দারুণ ভাল--- মোসাম্বির মধ্যে থাকে প্রচুর পরিমাণ ভিচামিন সি। যা ত্বকে কোলাজেন তৈরি করতে সাহায্য করে। এটি একটি প্রয়োজনীয় প্রোটিন। যা ত্বককে দৃঢ় রাখতে সাহায্য করে। এছাড়াও লেবুর মধ্যে থাকে অ্যান্টিঅক্সিডেন্ট। যে কারণে বার্ধক্য অনেক দেরীতে আসে। ত্বকে বয়সজনিত কোনও ছাপ পড়ে না।

ক্যানসারের ঝুঁকি কমায়- মোসাম্বিলেবুর মধ্যে থাকে লিমোনয়েড নামের একপ্রকার যৌগ। যা ক্যানসারের ঝুঁকি কমায়। হজমে সাহায্য করে- মোসাম্বিতে থাকে ফ্ল্যাভিনয়েড যা আমাদের হজমে সাহায্য করে। সেই সঙ্গে পাচক রস, অ্যাসিড এবং পিত্তের নিঃসরণ বাড়িয়ে হজমে সাহায্য করে। সেই সঙ্গে পাকস্থলিতে একরকমের পাচক রস তৈরি করে যা রেচনতন্ত্রের মাধ্যমে বিষাক্ত টক্সিন শরীর থেকে বের করে দেয়। এছাড়াও মোসাম্বির আরও যা কিছু উপকারিতা রয়েছে

মোসাম্বি শরীর থেকে ক্ষতিকর টক্সিন বের করে দিতে সাহায্য করে। ফলে ব্রণর সমস্যা থেকে দূরে থাকা যায়। অ্যান্টিব্যাকটেরিয়াল এবং অ্যান্টিঅক্সিডেন্ট থাকার কারণে অনেক রকম সমস্যা থেকেও দূরে রাখে। এছাড়াও রোজ মোসাম্বি খেলে চোখে ছানি পড়ে না।

অ্যান্টি ব্লিচ হিসেবে কারণ কাজ করে এই ফল। রোজ খেতে পারলে ত্বকের জন্য আর কিছু প্রয়োজন পড়বে না।

অনেকেই এই ফল গোটা খেতে পারেন না। সেক্ষেত্রে বাড়িতেই জুস বানিয়ে খান। রোজ এককাপ করে মোসাম্বির জুস খেলে একাধিকুপকারিতা পাওয়া যায়।

## ভাত খাওয়ার পরই কেন ঘুম পায়?

স্বাস্থ্য সচেতনরা ভাত মোটামুটি এড়িয়েই চলেন। বাঙালিসহ বিশ্বের বিভিন্ন দেশের মানুষেরা নিয়মিত ভাত খেয়ে অভ্যস্ত। হরেক পদের সঙ্গে ভাত খাওয়ার মজাই আলাদা। তবে দুপুরে ভাত খেলে অনেকেরই ঘুম ঘুম পায়। অনেকে তো আবার খাওয়ার পর ভাত ঘুমে বিশ্রাম নেন।

তবে কেন ভাত খাওয়ার পর ঘুম পায়? এ বিষয়ে পুষ্টিবিদরা জানিয়েছেন, ভাতে প্রচুর পরিমাণে কার্বোহাইড্রেট বা শর্করা থাকায় তা গ্লুকোজে পরিণত হয়। গ্লুকোজের জন্য ইনসুলিনের দরকার হয়। শরীরে ইনসুলিনের পরিমাণ বেড়ে গেলে প্রয়োজনীয় ফ্যাটি অ্যাসিড ট্রিপটোফ্যান দুই হরমোন মেলাটোনিন ও সেরাটোনিনের পরিমাণ বাড়িয়ে দেয়। হঠাতকরে দুই হরমোন বেড়ে যাওয়ার কারণেই ঘুম ঘুম ভাব হয়। ভাত খাওয়ার পর পরই ঘুম পাওয়া খুবই স্বাভাবিক বিষয়। এ ঘটনা তখনই ঘটে যখন শরীর হজমের কাজে ব্যস্ত হয়ে পড়ে। এখন প্রশ্ন, এটা ঠেকানো যায় কীভাবে? এর জন্য কয়েকটি বিষয় মাথায় রাখতে হবে। দুপুরে ভাত খাওয়ার পর পরই ঘুমিয়ে পড়া উচিত নয়। এতে হজম কাজ বাধাপ্রাপ্ত হয়। এ সময় ঘুমিয়ে পড়া ঠেকাতে দুপুরের বেশি খাবার না খাওয়াই উচিত। খাবারের তালিকায় ৫০ শতাংশ সবজি, ২৫ শতাংশ প্রোটিন ও ২৫ শতাংশ শর্করা রাখুন। তাহলে শরীর সুস্থ থাকবে। দুপুরে ঘুমের সমস্যা এড়াতে ভাতের পরিবর্তে রুটিও খেতে পারেন।


## গর্ভবতী মহিলারা যে পানীয় বেশি পান করবেন




সন্তানের সুস্থতা এবং নিজের স্বাস্থ্যের কথা ভেবে এই সময় হবু মাকে বেশ কিছু বিধিনিষেধ মেনে চলতে হয়। বিশেষ করে খাওয়া-দাওয়ার ক্ষেত্রে কঠোর নিয়ম মেনে চলার পরামর্শ দেন ডাক্তাররা। প্রিয় খাদ্যগুলো ডায়েট থেকে বাদ চলে যায় এবং যেগুলো একবারেই খেতে ভালো লাগে না, অনিচ্ছা সত্বেও সেগুলোই খাদ্যতালিকায় যোগ করতে হয়।

অন্তঃসত্ত্বা অবস্থায় মা এবং গর্ভস্থ শিশু উভয়ই সুস্থ থাকতে হলে বেশ কিছু পানীয় নিয়মিত খাওয়া অত্যন্ত জরুরি। এ তালিকায় প্রথমে থাকবে টাটকা ফলের রস।ফলের রস গর্ভবতী মহিলাদের ডায়েটরি ফাইবার সরবরাহ করে। গর্ভাবস্থায় সব ধরনের মৌসুমি ফলের রস খাওয়া যেতে পারে। প্রায় সব ফলই আমাদের দেহে প্রচুর পরিমাণ ভিটামিন এবং খনিজ সরবরাহ করে, যা ক্রমবর্ধমান শিশুর জন্য অপরিহার্য। এছাড়া গর্ভবতী অবস্থায় বিভিন্ন সবজি দিয়ে তৈরি সুপ নিয়মিত গ্রহণ করা উচিত। সুপ আমাদের শরীরে পুষ্টি সরবরাহ করে এবং গর্ভাবস্থায় যে সব মহিলা খাবার খেতে চান না, তাদের খিদে বাড়াতে সাহায্য করে। ব্রকলি, গাজর, বাঁধাকপি, পেঁয়াজ, টমেটো, এ সব সবজি দিয়ে তৈরি সুপ দেহে প্রোটিন এবং ফাইবার সরবরাহ করে। বাটারমিল্ক বা ঘোল পাচনতন্ত্রকে প্রশমিত করে এবং গর্ভাবস্থায় অম্বলের সমস্যা দূর করে। ঘোল আমাদের অন্ত্রে ভালো ব্যাকটেরিয়া বাড়াতেও সাহায্য করে। গরমকালে দিনের বেলা এ পানীয় খেলে শরীরে তরল এবং লবণের ঘাটতি দূর হয়। এগুলির পাশাপাশি দুধ পান করা উচিত।দুধ হলো ক্যালসিয়ামের অন্যতম উত। শিশুর হাড় ও দাঁতের বিকাশের জন্য পর্যাপ্ত ক্যালসিয়াম অত্যন্ত প্রয়োজনীয়। তাই গর্ভাবতীদের নিয়মিত দুধ এবং দুগ্ধজাত দ্রব্য খাওয়া আবশ্যক। সর্বোপরি লেবুর জল খাবেন।লেবুর জল এক ধরনের শক্তিদায়ক পানীয়। সকালে এক চা চামচ মধুর সঙ্গে লেবুর জল খেতে পারেন।

# অভিষেকের দ্রুত শুনানির আর্জি মঞ্জুর করল না সুপ্রিম কোর্ট





নয়াদিল্লি, ২২ মে (হি.স.) : কুন্তল ঘোষের চিঠি সংক্রান্ত মামলায় সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। কিন্তু তাঁর দ্রুত শুনানির আর্জি মঞ্জুর করা হল না। শীর্ষ আদালত শুক্রবার এই মামলার জন্য সময় দিয়েছে।
অভিষেককে সিবিআই শনিবার জিজ্ঞাসাবাদ করেছিল। সেই বিষয়ে সোমবার শীর্ষ আদালতের দৃষ্টি আকর্ষণ করেন অভিষেকের আইনজীবী অভিষেক মনু সিঙ্ঘভি। এই মামলার দ্রুত শুনানির আর্জিও জানানো হয়।
সুপ্রিম কোর্টের বিচারপতি অনিরুদ্ধ বসুর ডিভিশন বেঞ্চে আর্জি জানান অভিষেক।
কিন্তু দ্রুত শুনানির আর্জি মঞ্জুর হয়নি। সুপ্রিম কোর্ট আগামী শুক্রবার এই মামলার শুনানির দিন ধার্য করেছে।
নিয়োগ দুর্নীতিকাণ্ডে ধৃত তৃণমূলের বহিষ্কৃত যুবনেতা কুন্তল অভিযোগ করেছিলেন, ইডি এবং সিবিআই তাঁকে অভিষেকের নাম বলার জন্য চাপ দিচ্ছেন। অভিযোগ জানিয়ে নিম্ন আদালতে চিঠিও দেন কুন্তল। তার পর পুলিশি হস্তক্ষেপ চেয়ে সেই চিঠি যায় হেস্টিংস থানায়।
এই মামলায় কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের পর্যবেক্ষণ ছিল, কেন্দ্রীয় সংস্থা চাইলে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদককে জিজ্ঞাসাবাদ করতে পারবে। হাইকোর্টের নির্দেশের বিরুদ্ধে সরাসরি সুপ্রিম কোর্টে গিয়েছিলেন অভিষেক।
তার পর সুপ্রিম কোর্ট মামলার বেঞ্চ বদলে দেয়। শুনানি হয় বিচারপতি অমৃতা সিনার এজলাসে।
নতুন বিচারপতিও পুরনো নির্দেশই বহাল রাখেন।
তার পর সিবিআই নোটিস দিয়ে শনিবার অভিষেককে ডেকে পাঠায়। নিজাম প্যালেসে টানা সাড়ে ৯ ঘণ্টা জিজ্ঞাসাবাদ করা হয়। সুপ্রিম কোর্ট তাঁর দ্রুত শুনানির আর্জি সোমবার মঞ্জুর করল না। শুনানির জন্য অভিষেককে শুক্রবার পর্যন্ত অপেক্ষা করতে হবে।

## কোচবিহারের করুণাময়ী মন্দিরে চুরি

কোচবিহার, ২১ মে (হি. স.) ঐতিহ্যবাহী কোচবিহারের করুণাময়ী মন্দিরের দুটি গ্রিল, নয়টি তালা ভেঙে চুরির ঘটনা ঘটল। প্রায় ১০ ভরি সোনার গয়না নিয়ে পালাল দুষ্কৃতীরা। হেরিটেজের তালিকায় থাকা এই মন্দিরে এমন ঘটনায় নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।
করুণাময়ী মন্দির কমিটি সূত্রে জানা গিয়েছে, রবিবার নিত্য পূজার পর মন্দির বন্ধ করা হয়। এরপর এদিন সকালে মন্দির কমিটির অন্যতম সদস্য ধীমান ভৌমিক মন্দিরে এসে দেখেন তালাগুলি ভাঙা অবস্থায় রয়েছে। মন্দির খোলা পড়ে রয়েছে।
স্থানীয়রা সেখানে জড়ো হন। খবর পেয়ে কোচবিহার কোতোয়ালি থানার পুলিশ সেখানে পৌঁছায়।
মন্দির কমিটির সম্পাদক দীপঙ্কর পাল জানান, তাঁদের এই মন্দিরটি ১১৪ বছরের পুরোনো। প্রতিদিন বহু ভক্ত এই মন্দিরে আসেন। মন্দিরে মায়ের প্রায় দশ ভরির মতো সোনার গয়না ছিল। রূপোর থালা সহ আরও কিছু জিনিসপত্র ছিল। সবই খোয়া গিয়েছে। এই মন্দিরের সঙ্গে স্থানীয়দের আবেগ জড়িয়ে রয়েছে। ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত দাবি করেন তিনি। এদিকে এমন ঘটনায় মন্দিরে নিরাপত্তার দাবি জানিয়েছেন স্থানীয়রা।

## পুরনিয়োগ মামলায় কেন্দ্রীয় এজেন্সি দিয়ে তদন্তে স্থগিতাদেশ দিল না ডিভিশন বেঞ্চ

কলকাতা, ২২ মে (হি.স.) : পুরনিয়োগ মামলায় সিবিআই তদন্তে স্থগিতাদেশ দিল না হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। বিচারপতি অমৃতা সিনহার রায়কে চ্যালেঞ্জ জানিয়ে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছিল রাজ্য। তবে অন্তর্বর্তী স্থগিতাদেশ দিল না বিচারপতি বিশ্বজিৎ বসুর ডিভিশন বেঞ্চ।
বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের নির্দেশ ছিল সিবিআই তদন্তের। সেই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিল রাজ্য। দেশের শীর্ষ আদালত হাইকোর্টের রায়ে অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছিল। সুপ্রিম নির্দেশে মামলা ফিরেছিল হাইকোর্টে।
তা উঠেছিল হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহার বেঞ্চে। তিনি সিলমোহর দিয়েছিলেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়য়ের রায়েই। সেই রায়কে চ্যালেঞ্জ করে ফের ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছিল রাজ্য।আজ, সোমবার সেই মামলার শুনানি হলো।
উল্লেখ্য, হুগলি জেলার প্রমোটার অয়ন শীলের বাড়িতে তল্লাশি চালিয়েছিল ইডি। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দাবি, পুরনিয়োগেও দুর্নীতি হয়েছে। তা জানিয়েই হাইকোর্টের দ্বারস্থ হয়েছিল ইডি। বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় রায় দিয়েছিলেন, সিবিআই তদন্তের। পুরনিয়োগ মামলায় ইতিমধ্যেই কামারহাটি পুরসভার কর্মী শ্বেতা চক্রবর্তীকেও জিজ্ঞাসাবাদ করেছেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা।

## দুই হাজার টাকার নোট বদল করার জন্য তড়িঘড়ি ব্যাঙ্কে ছোটার প্রয়োজন নেই : আরবিআই গভর্নর



নয়াদিল্লি, ২২ মে (হি.স.): দুই হাজার টাকার নোট বদল করার জন্য তড়িঘড়ি ব্যাঙ্কে ছোটার প্রয়োজন নেই। দেশবাসীকে আশ্বস্ত করে বললেন রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার গভর্নর শক্তিকান্ত দাস। সোমবার তিনি বলেছেন, এই নোট বদলে নেওয়ার জন্য ৪ মাস সময় পাওয়া যাবে। নতুন দিল্লিতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে আরবিআই গর্ভনর বলেন, বাজার থেকে ২ হাজার টাকার ব্যাঙ্ক নোট তুলে নেওয়া, তাদের মুদ্রা ব্যাবস্থাপনার অঙ্গ। আরবিআই গভর্নর শক্তিকান্ত দাস আরও বলেছেন, 'দীর্ঘদিন ধরে রিজার্ভ ব্যাঙ্ক একটি ক্লিন নোট নীতি অনুসরণ করে আসছে। সময়ে সময়ে, আরবিআই একটি নির্দিষ্ট সিরিজের নোট প্রত্যাহার করে এবং নতুন নোট জারি করে...আমরা প্রচলন থেকে ২০০০ টাকার নোট প্রত্যাহার করে নিচ্ছি কিন্তু তারা আইনি দরপত্র হিসাবে চালিয়ে যাচ্ছে।'

## মঙ্গলবার থেকে ২,০০০ টাকার নোট বদলের প্রক্রিয়া শুরু

নয়াদিল্লি, ২২ মে (হি.স.) : আগামীকাল মঙ্গলবার থেকে ২,০০০ টাকার নোট বদলের প্রক্রিয়া শুরু হবে। তবে এনিয়ে হুড়োহুড়ির কোনও দরকার নেই। সাধারণ মানুষকে আশ্বস্ত করলেন আরবিআই গভর্নর শক্তিকান্ত দাস। সোমবার তিনি জানান, বাজারে থাকা সব ২,০০০ টাকার নোট বদলে দেওয়ার মতো টাকা ব্যাংকগুলির কাছে আছে। ৩০ সেপ্টেম্বরের ডেডলাইন আদতে প্রক্রিয়া মসৃণ করার জন্য ধার্য করা হয়েছে।
এরই মধ্যে এসবিআই ঘোষণা করে জানিয়েছে, একবারে কোনও পরিচয়পত্র ছাড়াই ১০টি ২০০০ টাকার নোট বদল করা যাবে। তবে ব্যাংকে নোট বদল শুরুর আগে অনেকেই পেট্রোল পাম্পে ২,০০০ টাকার নোট বদলের চেষ্টা চালাচ্ছেন। অনেকক্ষেত্রে আবার পাম্পের লোকেরা মানা করে দেওয়ায় আতঙ্ক তৈরি হচ্ছে। অনেকে ২,০০০ টাকার নোট নিয়ে সোনার দোকানেও পৌঁছে যাচ্ছেন। এদিকে আরবিআইয়ের বিজ্ঞপ্তিতে স্পষ্ট করে লেখা, ২,০০০ টাকার নোট অবৈধ হচ্ছে না। ৩০ সেপ্টেম্বর পর্যন্ত তা লেনদেনের জন্য ব্যবহার করা যাবে।
সম্প্রতি, আরবিআইয়ের তরফে জানিয়ে দেওয়া হয়, ২,০০০ টাকার নোট বাতিল করা হচ্ছে। নতুন করে আর ২,০০০ টাকার নোট ছাপানো হবে না। চলতি বছরের ৩০ সেপ্টেম্বরের মধ্যে ২,০০০ টাকার সমস্ত নোট তুলে নেবে আরবিআই। আপাতত এই নোট বৈধ থাকবে। যাঁদের কাছে এখনও ২০০০ টাকার নোট রয়েছে তাঁদের ৩০ সেপ্টেম্বরের মধ্যে ব্যাংকে জমা করার নির্দেশ দেওয়া হয়।

## বেহাল রাস্তা পথ অবরোধ স্থানীয়দের

তুফানগঞ্জ, ২২ মে (হি. স.) : কোচবিহারের ধলপল ১ ও ২ গ্রাম পঞ্চায়েতের নদীভাংতি এলাকা থেকে শালবাড়ি মোড় পর্যন্ত প্রায় ২ কিলোমিটার রাস্তা দীর্ঘ ২০ বছর থেকে বেহাল হয়ে রয়েছে। প্রশাসনকে জানিয়েও সুরাহা হয়নি। প্রতিবাদে তুফানগঞ্জ ভাটিবাড়ি রাজ্য সড়কের নদীভাংতি এলাকায় পথ অবরোধে শামিল হলেন স্থানীয়রা।
অভিযোগ, প্রাক বর্ষায় রাস্তা দিয়ে চলাচল করা মুশকিল হয়ে দাঁড়িয়েছে। স্থানীয় বাসিন্দা কুশল দেব ও চন্দ্রেশ্বর দাস জানান, রাস্তাটি মেরামতের কোনও উদ্যোগ নেওয়া হচ্ছে না। বর্তমানে রাস্তাটি চলাচলের

## শ্রীনগরে শুরু জি-২০ পর্যটন কর্মী গোষ্ঠীর বৈঠক, আগত প্রতিনিধিদের উষ্ণ অভ্যর্থনা

শ্রীনগর, ২২ মে (হি.স.): জি-টোয়েন্টির সদস্য দেশগুলির পর্যটন সংক্রান্ত কর্মী গোষ্ঠীর তৃতীয় বৈঠক সোমবার জম্মু ও কাশ্মীরে গ্রীষ্মকালীন রাজধানী শ্রীনগরে শুরু হয়েছে।
এই বৈঠক চলবে ২৪ মে পর্যন্ত। ডাল লেকের তীরে শের-ই-কাশ্মীর আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এই বৈঠক বসেছে। এই বৈঠককে ঘিরে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে শ্রীনগরে।
এদিন আগত প্রতিনিধিদের উষ্ণ অভ্যর্থনা জানানো হয়।
শ্রীনগরে আয়োজিত জি-২০ পর্যটন সংক্রান্ত কর্মী গোষ্ঠীর বৈঠকে স্পেন, সিঙ্গাপুর, মরিশাস, নাইজেরিয়া, দক্ষিণ আফ্রিকা, ব্রাজিল ও ভারত ফিল্ম ট্যুরিজম নিয়ে আলোচনা করবে। শের-ই-কাশ্মীর আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আগত প্রতিনিধিদের চিরাচরিত রীতি মেনে স্বাগত জানানো হয়।
শ্রীনগর বিমানবন্দরেও সকলকে স্বাগত ও অভ্যর্থনা জানানো হয়। কড়া নিরাপত্তা বেষ্টনীতে আগত প্রতিনিধিরা বৈঠক স্থলে পৌঁছন।

## অসমে সর্বকালীন রেকর্ড ভঙ্গ, মাধ্যমিকে পাশের হার বেড়ে ৭২.৬৯ শতাংশ

গুয়াহাটি, ২২ মে (হি.স.) : কোভিড অতিমারির দু-বছর বাদ দিয়ে অসমে এবারের মাধমিকের ফলাফল সর্বকালীন রেকর্ড ভঙ্গ করেছে। এবারের ২০২৩ শিক্ষাবর্ষে মাধ্যমিকে পাশের হার বেড়ে হয়েছে ৭২.৬৯ শতাংশ। ঘোষিত ফলাফল অনুযায়ী এবার মাধ্যমিকে মেধা তালিকার প্রথম দশে স্থান দখল করেছেন ৬১ জন ছাত্রছাত্রী।
পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী আজ সোমবার সকাল ঠিক দশটায় অসম মাধামিক শিক্ষা পর্যদ (সেবা) পরিচালিত হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষার ফলাফল সেবা-র ১০টি ওয়েবসাইটে আপলোড করে ঘোষণা করা হয়েছে। ঘোষিত ফলাফল অনুযায়ী এবার মাধ্যমিকে ছাত্রীদের টেক্কা দিয়েছে ছাত্ররা। ছাত্রের উত্তীর্ণের হার ৭৪.৭১ শতাংশ এবং ছাত্রী উত্তীর্ণের হার ৭০.৯৬ শতাংশ। আজ ঘোষিত ফলাফলে জেলা ভিত্তিতে ৮৮.৬৮ শতাংশ উত্তীর্ণের হারে প্রথম স্থান দখল করেছে চিরাং জেলা। অন্যদিকে ৫৯.৮০ শতাংশ উত্তীর্ণ হয়ে হারের তালিকায় সর্বনিম্ন স্থান পেয়েছে গোয়ালপাড়া জেলা।
এবার হাইস্কুল পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল মোট ৪ লক্ষ ১৫ হাজার ৩২৪ জন শিক্ষার্থী। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৩ লক্ষ ১ হাজার ৮৭৯ জন। পাশের হার ৭২.৬৯ শতাংশ। প্রথম বিভাগে পাশ করেছে ৯৪,৯১৩ জন, দ্বিতীয় বিভাগে ১ লক্ষ ৪৮ হাজার ৫৭৩ এবং তৃতীয় বিভাগে ৫৮ হাজার ৩৯৪ জন পাশ করেছে। এছাড়া ডিস্টিংশন পেয়েছেন ৮,৫১৭ জন, স্টার নম্বর ১৮ হাজার ৬৫৩ জন শিক্ষার্থী। উল্লেখ্য গত শিক্ষাবর্ষে হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষায় উত্তীর্ণের শতাংশের হার ছিল ৫৬.৪৯। এ বছর এই হার বেড়ে হয়েছে ৭২.৬৯ শতাংশ।

## গোসাবায় লোকালয়ে কুমির, উদ্ধার করল বন দফতর

গোসাবা, ২২ মে (হি. স.) : দক্ষিণ ২৪ পরগণার গোসাবার বিপ্রদাসপুর গ্রাম পঞ্চায়েতের মন্মথনগরে সন্তোষ বর্মণ নামে এক ব্যক্তির বাড়ির পুকুরে ঢুকে পড়ে একটি বিশালাকার কুমির। প্রায় বারো ফুট লম্বা কুমিরটিকে রবিবার রাতে পুকুর পাড়ে শুয়ে থাকতে দেখেন স্থানীয়রা। খবর পেয়ে প্রচুর গ্রামবাসী ঘটনাস্থলে এসে চেঁচামেচি শুরু করলে কুমিরটি পুকুরে নেমে পড়ে। এরপর স্থানীয়রা এ বিষয়ে বন দফতরের গোসাবা রেঞ্জ অফিসে খবর দিলে রাতেই বনকর্মীরা ঘটনাস্থলে পৌঁছয়। দীর্ঘক্ষণের প্রচেষ্টায় অবশেষে সোমবার দুপুর বারোটা নাগাদ পুকুর থেকে জাল ফেলে ধরা হয় কুমিরটিকে।
বন দফতর সূত্রের খবর, এটি একটি প্রাপ্ত বয়স্ক কুমির। ওজন প্রায় ২৫০ কিলোগ্রাম। এদিন কুমিরটি উদ্ধারের পর পশু চিকিৎসক সেটির শারীরিক পরীক্ষা নিরীক্ষা করেন। কুমিরটি সম্পূর্ণ সুস্থ রয়েছে বলে চিকিৎসক জানালে বন দফতরের তরফে কুমিরটিকে এদিন সুন্দরবনের পিরখালি ২ নম্বর জঙ্গল লাগোয়া নদীতে ছেড়ে দেওয়া হয়েছে। সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের অতিরিক্ত ফিল্ড ডিরেক্টর সৌমেন মণ্ডল বলেন, " গ্রামে কুমির ঢোকার খবর পেয়ে প্রচুর মানুষ সেখানে জড় হয়ে যান। যদিও গোসাবা থানার সহযোগিতায় সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের জাতীয় উদ্যান পূর্বের বনকর্মীরা কুমিরটিকে উদ্ধার করতে সক্ষম হয়েছেন। সেটিকে পুনরায় সুন্দরবনের প্রকৃতিতে ছেড়ে দেওয়া হয়েছে।" মন্মথনগরের পাশ দিয়ে চলা বিদ্যাধরি নদী থেকেই কুমিরটি গ্রামে ঢুকে পড়েছিল বলে দাবি বনকর্মীদের।

## রিমসের তৃতীয় তলা থেকে ঝাঁপ দিয়ে মৃত্যু রোগীর

রাঁচি, ২২ মে (হি. স.) : রিমসের তৃতীয় তলার নিউরোসার্জারি বিভাগের জানালা দিয়ে ঝাঁপ লক্ষ্মণ রাম নামে এক রোগীর। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। ঘটনার পর হাসপাতাল চত্বরে উত্তেজনা ছড়িয়ে পড়ে।
লক্ষ্মণ রাম ছত্তিশগড়ের বাসিন্দা, তিনি চিকিৎসার জন্য রিমসে এসেছিলেন। স্বজনরা জানিয়েছে, তিনি মানসিকভাবেও বিপর্যস্ত ছিলেন। রোগীর স্বজনরা জানান, টয়লেটে যাওয়ার সময় রিমসের জানালা থেকে লাফ দেন ওই ব্যক্তি। ঘটনার খবর পেয়ে বরিশাল থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। প্রসঙ্গত, লক্ষ্মণের চিকিৎসা চলছিল নিউরো সার্জারি বিভাগের এইচওডি ডাঃ সিবি সহায়ের ইউনিটে।

## পাপুয়া নিউগিনিতে মিলিত মোদী ও হিপকিন্স

পোর্ট মোরেসবি, ২২ মে (হি.স.): পাপুয়া নিউগিনিতে নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস হিপকিন্সের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সোমবার দ্বিপাক্ষিক নানা বিষয়ে মতবিনিময় করেছেন ভারত ও নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী টুইট করে জানিয়েছেন, 'নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস হিপকিন্সের সঙ্গে চমৎকার বৈঠক হয়েছে।' প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আরও জানয়েছেন, ভারত-নিউজিল্যান্ড সম্পর্কের সম্পূর্ণ পরিসর নিয়ে আলোচনা হয়েছে। কীভাবে উভয় দেশের মধ্যে বাণিজ্যিক ও সাংস্কৃতিক সম্পর্ক উন্নত করা যায় তা নিয়ে কথা বলেছি আমরা। প্রসঙ্গত, এদিনই পাপুয়া নিউগিনি সফর শেষে অস্ট্রেলিয়ার সিডনির উদ্দেশে রওনা হয়েছেন প্রধানমন্ত্রী মোদী।

## বজবজে দুর্ঘটনাস্থলে সিআইডি প্রতিনিধি দল

বজবজ, ২১ মে (হি. স.) : বজবজে বিস্ফোরণের জেরে এক নাবালিকা সহ ৩ জনের মৃত্যু হয়েছিল। ভেঙে গিয়েছিল বাড়ির একাংশ। গত রবিবার রাতভর তল্লাশি চালিয়ে পুলিশ বাজেয়াপ্ত করে প্রায় ২০ হাজার কেজি বেআইনি শব্দবাজি। গ্রেফতার করা হয় ৩৬ জনকে। সোমবার সেই দুর্ঘটনাস্থল খতিয়ে দেখতে আসে সিআইডি প্রতিনিধি দল।
বেআইনি বাজি কারখানা এবং বিস্ফোরণের প্রতিবাদে পথ অবরোধ করেছিলেন স্থানীয়রা। সোমবার সেই দুর্ঘটনাস্থল খতিয়ে দেখতে আসে সিআইডি প্রতিনিধি দল। নমুনা সংগ্রহ করার পাশাপাশি স্থানীয়দের সঙ্গে কথা বলেন রাজ্যের তদন্তকারী সংস্থার আধিকারিকরা।
অন্যদিকে, এখনও চিংড়িপোতা গ্রামের এন্টি পয়েন্টে জারি কড়া পাহারা। সমগ্র এলাকা ঘিরে রেখেছে মহেশতলা থানার পুলিশ।

## আদিবাসী সেঙ্গেল অভিযানের ডাকা বনধের আংশিক প্রভাব পড়ল ঝাড়গ্রামে

ঝাড়গ্রাম,২১ মে (হি. স.) : আদিবাসী সেঙ্গেল অভিযানের ডাকা বনধের আংশিক প্রভাব পড়ল ঝাড়গ্রামে। সোমবার বনধে রাস্তায় বেসরকারি বাস চলাচল করেনি। ঝাড়গ্রাম শহরে বেশিরভাগ দোকান পাট বন্ধ রয়েছে। বেসরকারি বাস রাস্তায় চলাচল না করায় নিত্য বাসযাত্রীরা সমস্যায় পড়েছেন। তবে হাতে গোনা দু একটি সরকারি বাস যাতায়াত করছে। তবে বনধকে কেন্দ্র করে এখনও পর্যন্ত কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।
এদিন গোপীবল্লভপুরের রাস্তায় সিঙ্গেল অভিযানের লোকজনরা রাস্তায় নেমে বনধ সফল করার স্লোগান দিচ্ছে এবং মিছিল করছে। তবে এই বনধের প্রভাব বিভিন্ন অফিসে কেমন পড়বে তা বোঝা যাবে বেলা বাড়ার সঙ্গে সঙ্গে।
আদিবাসী সেঙ্গেল অভিযানের ১২ ঘন্টার বনধে এখনও পর্যন্ত মিশ্র প্রতিক্রিয়া দেখা যাচ্ছে পুরুলিয়া জেলা জুড়ে। এদিন বনধ সফল করার লক্ষ্যে পুরুলিয়ার লালপুরে ৬০ নম্বর জাতীয় সড়ক অবরোধ করেন সংগঠনের সমর্থকরা। এদিন বনধের জেরে বেশ কিছু বেসরকারি বাস পথে নামেনি। সরকারি বাস অবশ্য চলেছে। পুরুলিয়ায় ট্রেন চলাচলে প্রভাব পড়েনি এই বনধের। আদিবাসী সেঙ্গেল অভিযানের ডাকা বাংলা বনধের আংশিক প্রভাব পড়ল বাঁকুড়া জেলায়। বনধের জেরে বাঁকুড়ার জঙ্গলমহল জুড়ে এদিন সকাল থেকে বন্ধ বেসরকারি বাস চলাচল। বাঁকুড়ার রাইপুর, সারেঙ্গা, রানীবাঁধ, বারিকুল এমনকি ঝাড়গ্রাম রুটেও সমস্ত বাস চলাচল বন্ধ থাকায় চূড়ান্ত সমস্যায় সাধারন যাত্রী থেকে নিত্যযাত্রী সকলেই।
অ-আদিবাসীদের আদিবাসী হিসাবে শংসাপত্র প্রদানের বিরোধিতা সহ আদিবাসী মানুষদের ন্যায় দেওয়ার দাবিতে এদিন বাংলা বনধের ডাক দেয় আদিবাসী সেঙ্গেল অভিযান নামে একটি আদিবাসী সংগঠন। এই বন্ধের সরাসরি বিরোধিতায় নামে ভারত জাকাত মাঝি পারগানা মহল সহ আদিবাসীদের অন্যান্য আদিবাসী সামাজিক সংগঠন। কিন্তু তারপরও বাঁকুড়ায় জঙ্গলমহলের রুটগুলিতে বাস চলাচল বন্ধ রয়েছে। বাঁকুড়া শহরের গোবিন্দনগর বাসস্ট্যান্ড থেকে দৈনিক জঙ্গলমহলের রুটগুলিতে প্রায় দু'শো বেসরকারী বাস চলাচল করে। এদিন সকাল থেকে সেই বাসগুলি নিজস্ব রুটে না বেরোনোয় নিত্য যাত্রী ও সাধারণ যাত্রীরা সমস্যায় পড়েন।
আদিবাসী সেঙ্গেল অভিযানের ১২ ঘন্টার বনধের সমর্থনে জেলার চন্দ্রকোনা রোড রাস্তার উপর পিকেটিং করছে সংগঠনের সদস্যরা। ফলে রাস্তার উপর লাইন দিয়ে দাড়িয়ে পড়েছে ট্রাক বাস। সমস্যায় নিত্যযাত্রীরা। সপ্তাহের প্রথম দিনে বনধ ফলে সমস্যায় অফিস যাত্রীরাও।

## বেঙ্গালুরুর আন্ডারপাসে জমা জলে তরুণীর মৃত্যুর প্রেক্ষিতে রিপোর্ট তলব, দায়ের এফআইআরও

বেঙ্গালুরু, ২২ মে (হি.স.): বেঙ্গালুরুতে আন্ডারপাসে জমা জলে তরুণীর মৃত্যুতে রিপোর্ট তলব করল কর্ণাটক সরকার। এই ঘটনায় দায়ের হয়েছে এফআইআরও। সোমবার কর্ণাটকের উপ-মুখ্যমন্ত্রী ডি কে শিবকুমার বলেছেন, একজন তরুণীর মৃত্যুর প্রেক্ষিতে বেঙ্গালুরুতে ১৮টি আন্ডারপাস-সহ রাজ্যের সমস্ত আন্ডারপাসের রিপোর্টের জন্য নির্দেশ দেওয়া হয়েছে। সবকিছু একদিনে ঘটবে না, তবে এই ধরনের ঘটনা যাতে আর না ঘটে তা নিশ্চিত করব। আমাদের নাগরিকদের জীবন রক্ষা করা আমাদের কর্তব্য।
কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বিজেপি নেতা বাসভরাজ বোম্মাই বলেছেন, ভারী বৃষ্টি ও আন্ডারপাসে জল জমার ঘটনা এর আগেও ঘটেছে, কিন্তু এর আগে কোনও মৃত্যু হয়েছে বলে আমার মনে নেই...এটি (মৃত্যু) এড়ানো যেত এবং বিবিএমপির সময়মতো পদক্ষেপ জীবন বাঁচাতে পারত। কিছু ত্রুটি আছে, খতিয়ে দেখা দরকার। আন্ডারপাসের জমা জল রবিবার প্রাণ কেড়েছে বেঙ্গালুরুতে। ২৩ বছরের এক তরুণীর গাড়ি জমা জলে আটকে গিয়েছিল। সেখানেই তাঁর মৃত্যু হয়েছে। বেঙ্গালুরুর একেবারে প্রাণকেন্দ্রে কে আর সার্কেল এলাকায় রবিবার এই ঘটনা ঘটে। তুমুল বৃষ্টির কারণে শহরের একাধিক এলাকায় জল জমে গিয়েছিল। আন্ডারপাসে জমা জলের পরিমাণ ছিল অনেকটাই বেশি।
স্থানীয়েরা জানিয়েছেন, প্রায় গলা পর্যন্ত ডুবে থাকার মতো জল জমেছিল ওই আন্ডারপাসে। সেখান দিয়ে গাড়ি নিয়ে এগোতে গিয়েই এই বিপত্তি। দুর্ঘটনাগ্রস্ত গাড়িটিতে মোট ছ'জন যাত্রী ছিলেন। তাঁরা সকলেই একই পরিবারের সদস্য। অন্ধ্রপ্রদেশের বিজয়ওয়াড়া থেকে গাড়ি নিয়ে বেঙ্গালুরুতে ঘুরতে এসেছিলেন তাঁরা। আন্ডারপাসে ঠিক কতটা জল জমেছে, বাইরে থেকে দেখে তা বুঝতে পারেননি চালক। তিনি সেখান দিয়েই গাড়ি এগিয়ে নিতে চেয়েছিলেন। কিন্তু জলে গাড়িটি ডুবে যায়। ফলে আর তা এগিয়ে নিয়ে যেতে পারেননি চালক। গাড়ি আটকে গিয়েছে দেখে ঘটনাস্থলে স্থানীয়েরা ছুটে আসেন। খবর দেওয়া হয় দমকল এবং জরুরি পরিষেবার কর্মীদের। তাঁদের দীর্ঘ ক্ষণের চেষ্টায় গাড়ি থেকে সকলকেই উদ্ধার করা হয়। হাসপাতালে নিয়ে গেলে তরুণীকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকেরা।
সোমবার কর্ণাটকের মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া ভানুরেখা নামে ওই ২৩ বছরের মৃত তরুণীর পরিবারের সদস্যদের সঙ্গে দেখা করেন। এদিকে, হালাসুরু গেট থানায় ভানুরেখার মৃত্যুর বিষয়ে এফআইআর দায়ের করা হয়েছে। ভানুরেখার ভাই সন্দীপের অভিযোগের ভিত্তিতে এফআইআর দায়ের করা হয়েছে।

# চিন সফরে বাংলাদেশের আওয়ামী লীগের প্রতিনিধিদল

ঢাকা, ২২ মে (হি.স): বাংলাদেশের ক্ষমতাসীন আওয়ামী লীগের ১৭ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল চিন সফরে গেছেন। চায়না কমিউনিস্ট পার্টির আমন্ত্রণে সেদেশে যান দলটি।

সোমবার দিবাগত রাতে চিনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন তারা। চিন সফরের বিষয়টি নিশ্চিত করেছেন সফররত সদস্যরা।

আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য লে. কর্নেল (অব.) মুহাম্মদ ফারুক খানের নেতৃত্বে ১৭ সদস্য বিশিষ্ট আওয়ামী লীগের দলটি রাতেই চিন গেছেন।

টিমের অন্য সদস্যরা হলেন- আওয়ামী লীগের কৃষি ও সমবায় বিষয়ক সম্পাদক ফরিদুন্নাহার লাইলী, ধর্ম বিষয়ক সম্পাদক সিরাজুল ইসলাম, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক দেলোয়ার হোসেন, শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক শামসুন নাহার চাপা, স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডা. রোকেয়া সুলতানা, উপ-দফতর বিষয়ক সম্পাদক সায়েম খান, সংসদ সদস্য কাজী নাবিল আহমেদ, কেন্দ্রের কার্যনির্বাহী সদস্য অ্যাডভোকেট সুফরা বেগম রুমি, গ্লোরিয়া সরকার ঝর্ণা, পারভীন জামান কল্পনা, আনোয়ার হোসেন, শাহাবুদ্দিন ফরাজী, আজিজুস সামাদ আজাদ ডন, আন্তর্জাতিক বিষয়ক উপ-কমিটির সদস্য তরুণ কান্তি দাস ও এ কে ফাইজুল হক রাজু।

প্রতিনিধি দলটি চিনের বিভিন্ন শহর সফর করবেন। এছাড়া চিনের অত্যন্ত ব্যয়বহুল ও বিতর্কিত ‘বেল্ট অ্যান্ড রোড’ ইনিশিয়েটিভ ফোরাম ফর ইন্টারকানেকটেড ল্যান্ড-সী ডেভেলপমেন্ট’ প্রকল্প নিয়ে এটি সেমিনারে অংশগ্রহণ করবেন।

# সাপ্তাহিক রিপোর্ট না পাঠানোয় ফের উপাচার্যদের চিঠি দিল রাজভবন

কলকাতা, ২২ মে (হি. স.) রাজ্যের সব বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে সাপ্তাহিক রিপোর্ট পাঠানোর নির্দেশ দিয়েছিলেন রাজপাল তথা আচার্য সিভি আনন্দ বোস। তারপরও সাপ্তাহিক রিপোর্ট না পাঠানোয় ফের উপাচার্যদের চিঠি পাঠানো হল রাজভবনের তরফে। এবিষয়ে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু স্পষ্ট জানিয়েছেন, মুখ্যমন্ত্রীর সঙ্গে পরামর্শের ভিত্তিতে নেওয়া হবে পরবর্তী পদক্ষেপ।

সম্প্রতি সাপ্তাহিক রিপোর্ট সংক্রান্ত চিঠিটি উপাচার্যদের পাঠিয়েছেন রাজ্যপালের সিনিয়র বিশেষ সচিব। চিঠিতে বলা হয়েছে, গত ৪ এপ্রিল ই-মেলের মাধ্যমে জানানো হয়েছিল, সপ্তাহের শেষ কাজের দিনে বিশ্ববিদ্যালয়ের সাপ্তাহিক কাজকর্মের রিপোর্ট জমা করতে। কিন্তু, এখনও পর্যন্ত এমন কোনও রিপোর্ট এসে পৌঁছয়নি। রাজভবনের তরফে পাঠানো ওই চিঠিতে উপাচার্যদের এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ করতে অনুরোধ করা হয়েছে। চিঠির শুরুতেই জানিয়ে দেওয়া হয়েছে, আচার্যের নির্দেশানুসারেই উপাচার্যদের এগুলি জানানো হচ্ছে।


উপাচার্যদের চিঠি পাঠানো নিয়ে প্রতিক্রিয়া দিয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। স্পষ্ট জানিয়েছেন, মুখ্যমন্ত্রীর সঙ্গে পরামর্শের ভিত্তিতে নেওয়া হবে পরবর্তী পদক্ষেপ। ব্রাত্য বসু বলেন, “এ বিষয়ে আর চর্বিত চর্বন করতে চাই না। আগেই যা বলার বলে দিয়েছি। শিক্ষা দপ্তরকে এভাবে বারবার সরিয়ে রেখে এই রকম চিঠি দেওয়া, এটা নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলব। মুখ্যমন্ত্রীর সঙ্গে পরামর্শ করে আমাদের কী করণীয় ঠিক করব।”

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# গত এক দশকে উল্লেখযোগ্য উন্নয়নের সাক্ষী অসম : রাজ্যপাল

শিলচর (অসম), ২২ মে (হি.স.) : অসমের সড়ক ও রেলওয়ে পরিকাঠামোয় উল্লেখযোগ্য বৃদ্ধি এবং উন্নয়নের সাক্ষী হয়েছে এবং গত এক দশক বা তারও বেশি সময়ে আইনশৃঙ্খলা ব্যবস্থায় উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। তিন দিনের সূচি নিয়ে বরাক উপত্যকা সফরে এসে আজ প্রথমদিন শিলচরে প্রশাসনিক অফিসারদের সঙ্গে বৈঠক শেষে নিজের মত ব্যক্ত করতে গিয়ে এভাবেই বলেন রাজ্যপাল গুলাবচাঁদ কাটারিয়া।

সোমবার বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি পর্যালোচনা করার জন্য বৈঠকে যোগ দেওয়ার পর কাছাড় জেলাশাসকের কার্যালয়ে সাংবাদিকদের সাথে কথা বলেন রাজ্যপাল কাটারিয়া। তিনি বলেন, গত ১০ থেকে ১২ বছরে অসমে অনেক পরিবর্তন এসেছে। সড়ক এবং রেল যোগাযোগের ক্ষেত্রে পরিকাঠামো ক্ষেত্রে প্রশংসনীয় উন্নয়ন হয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হয়েছে। এটি একটি ইতিবাচক লক্ষণ। রাজ্যে শান্তি থাকলে প্রগতি ও উন্নয়ন অবশ্যই আসবে, বলেন কাটারিয়া।

রাজ্যপাল বলেন, বিভিন্ন বিভাগের সাথে বৈঠক করেছেন এবং কাছাড় জেলায় প্রধানমন্ত্রী আবাস যোজনা, প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি এবং কেন্দ্রের অন্যান্য বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি পর্যালোচনা করেছেন। আগামী ছয় মাসের মধ্যে অসমের প্রতিটি জেলা পরিদর্শন করার চেষ্টা করবেন তিনি এবং কেন্দ্রের বিভিন্ন কল্যাণমূলক প্রকল্পের কাজের অগ্রগতি পর্যালোচনা করবেন যাতে সাধারণ মানুষ প্রকল্পগুলির সুবিধা পান।

রাজ্যপাল গুলাবচাঁদ কাটারিয়া জনস্বাস্থ্য ও কারিগরি, জলসম্পদ, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পূর্ত এবং সেচ বিভাগ সহ বিভিন্ন দফতরের পদস্থ আধিকারিকদের সাথে বৈঠকে অংশগ্রহণ করে বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি সম্পর্কে অবগত হন।

বিভাগীয় কর্মকর্তাদের দুগ্ধ উৎপাদন, কৃষি উন্নয়ন, মৎস্য চাষ ইত্যাদির উপর বিশেষ মনোযোগ দিয়ে কৃষকদের উন্নয়নে আরও বেশি কাজ করতে বলেন তিনি।

নিরাপত্তা আধিকারিকদের সাথে বৈঠকে জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতির পর্যালোচনা করেন রাজ্যপাল। বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন সম্পর্কে কাছাড় জেলা প্রশাসনের কর্মক্ষমতা এবং জেলা জুড়ে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য আইন ও প্রয়োগকারী কর্তৃপক্ষের দৃঢ় দৃষ্টিভঙ্গির উপর সন্তোষ প্রকাশ করেন।

শেষে রাজ্যপাল শিলচর এনআইটি-তে অনুষ্ঠিত ছাত্র ও শিক্ষকদের সাথে এক মতবিনিময় অনুষ্ঠানে অংশ নিয়ে বক্তব্য রাখেন। শিলচর এনআইটি-তে বৃক্ষরোপণ কার্যসূচি সম্পন্ন করে রাজ্যপাল অসম বিশ্ববিদ্যালয়ে গিয়ে অডিটোরিয়ামের শিলান্যাস করেন এবং বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে অনুষ্ঠিত এক সভায় অনুরূপ মতবিনিময়ে অনুষ্ঠানে অংশ নিয়ে বক্তব্য রাখেন। দুটি অনুষ্ঠানেই সাংসদ ডা. রাজদীপ রায়, জেলাশাসক রোহনকুমার ঝা, পুলিশ সুপার নোমাল মাহাতো, দুই প্রতিষ্ঠানের প্রধান দিলীপকুমার বৈদ্য ও উপাচার্য রাজীব পন্থ সহ অন্যান্য অধ্যাপক এবং আধিকারিকগণ অংশ নেন।

# মাটিজুরি সেতু দিয়ে ভারী যান চলাচল নিষিদ্ধ

হাইলাকান্দি (অসম) ২২ মে (হি.স.) : হাইলাকান্দি পূর্ত রোড ডিভিশন এর এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার এক বিজ্ঞপ্তিতে কাটাখাল নদীর উপর মাটিজুরি সেতু দিয়ে যাত্রীবাহী যান সহ সব ধরনের ভারী যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করেছেন। সেতু টি দুর্বল হয়ে পড়ায় ওই সেতু দিয়ে কেবল চার চাকার প্রাইভেট যান সহ হালকা যানবাহন গুলি চলাচল করা যাবে বলে জানানো হয়েছে।

# মাছিমপুরে সেনা পেনশন সংক্রান্ত শিবির ২৫ ও ২৬ মে

হাইলাকান্দি (অসম) ২২ মে (হি.স.) : হাইলাকান্দির জেলা সৈনিক কল্যাণ আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত জওয়ান ও কর্মকর্তাদের পেনশন এবং পারিবারিক পেনশন প্রদানের পোর্টেল ‘স্পর্শ’ সংক্রান্ত বিভিন্ন প্রশ্নের উত্তর দিতে আগামী ২৫ ও ২৬ মে কাছাড় জেলার মাছিমপুরে এক শিবির অনুষ্ঠিত হবে। যাদের পেনশন সংক্রান্ত কাগজপত্র স্পর্শ পোর্টালে স্থানান্তরিত হয়েছে কিন্তু প্রযুক্তিগত ত্রুটির কারণে তা কার্যকর হয়নি,তাদেরকে ওই শিবিরের সুযোগ নিতে আবেদন জানানো হয়েছে।

# ড্রপ আউট স্টুডেন্ট সম্পর্কে অনুসন্ধান করুন : কেন্দ্রীয় প্রতিমন্ত্রী মঞ্জুপারা মহেন্দ্রভাই

হাইলাকান্দি (অসম) ২২ মে (হি.স.): কেন্দ্রীয় মহিলা শিশু উন্নয়ন ও আয়ুস প্রতিমন্ত্রী মঞ্জুপারা মহেন্দ্রভাই বিদ্যালয়ের মাঝপথে পড়া ছেড়ে দেওয়া (ড্রপ আউট) ছাত্র-ছাত্রীদের কারণ অনুসন্ধান করতে শিক্ষা বিভাগকে নির্দেশ দিয়েছেন। তিনি সোমবার হাইলাকান্দিতে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কে এক রিভিউ মিটিং এ এই নির্দেশ দেন।

শিক্ষা বিভাগ থেকে সভায় জানানো হয় যে জেলার ১৩০৫টি শিক্ষাপ্রতিষ্ঠানে ১ লক্ষ ১৮ হাজার ৬৩৭ জন জন শিক্ষার্থীর পাঠদান চলছে। জেলায় ১২৯৬ টি শিক্ষা প্রতিষ্ঠানে মিড ডে মিল অর্থাৎ প্রধানমন্ত্রী পোষন কর্মসূচি চলছে। বিদ্যাঞ্জলি নামক প্রকল্পে জেলায় ১১৮২ টি সিলিং ফ্যান স্কুলের প্রাক্তনীরা তাদের নিজস্ব বিদ্যালয়ে দান করেছেন এবং আরোহন নামক প্রকল্পের ৫৬ জন মেধাবী পড়ুয়াকে জেলার উচ্চপদস্থ আধিকারিকরা স্পন্সর করছেন। জেলায় কর্মসংস্থানের জন্য স্কিল ডেভেলপমেন্ট এর ট্রেনিংপ্রাপ্ত ২৬৪ জনের মধ্যে ২২ শতাংশের নিযুক্তি না পাওয়ার কারণ সম্পর্কে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জানতে চাইলে জীবিকা মিশন থেকে জানানো হয় যে উপত্যকায় শিল্প প্রতিষ্ঠান নেই এবং ট্রেনিং প্রাপ্তরা অন্য রাজ্যে যেতে না চাওয়াই এই নিযুক্তি না হওয়ার কারণ। জীবিকা মিশনের প্রকল্প প্রধানমন্ত্রী স্বনিধি প্রকল্পে জেলার ১১৯৮ জনকে ক্ষুদ্রঋণ দিয়ে নিজের পায়ে দাঁড়ানোর কর্মসূচি লক্ষ্যমাত্রার বিপরীতে ১৪০ শতাংশ সফলতা পাওয়ায় কেন্দ্রীয় মন্ত্রী জেলার জীবিকা মিশন শাখার তৎপরতার ভূয়সী প্রশংসা করেন।

জেলা পরিষদ থেকে জানানো হয়েছে প্রধানমন্ত্রীর অভিবাসী প্রকল্প অমৃতসরোবরের ৬৭টি প্রকল্পের মধ্যে জেলায় ৪৬ টি সম্পূর্ণ এবং ২১ টির কাজ আগামী আগস্ট মাসের মধ্যে শেষ হবে। জেলার চা বাগান গুলিতে ২০২৩-২৪ অর্থবছরে ১২ লক্ষ ৮ হাজার ৬৫০ কর্ম দিবস সৃষ্টি করা হয়েছে। স্বচ্ছ ভারত কর্মসূচিতে জেলায় ১ লক্ষ ৩১৯৯ টি শৌচালয় নির্মাণ করে ১০০ শতাংশ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে। স্বাস্থ্য বিভাগে আয়ুষ্মান কার্ড এর ৩ লক্ষ ৪৭ হাজার ৭ ৫৯ এর ইকেওয়াইসি করা সম্ভব হয়েছে। মোট ৪ লক্ষ ৮০ হাজার একটি রেশন কার্ডের মধ্যে। পি এইচ ই বিভাগের জল জীবন মিশনের ১ লক্ষ ৩১ হাজার ৫৪ টি ঘরে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দিয়ে ৬১ শতাংশ সফলতা অর্জন করা সম্ভব হয়েছে বলে জানানো হয়। ২০২৪ সালের মার্চ মাসের মধ্যে জেলায় এক লক্ষ ৬৯ হাজার ১৯৬টি ঘরে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দিয়ে ১০০ শতাংশ লক্ষ্যমাত্রা অর্জন করা হবে বলে সভায় জানানো হয়।

জেলার সব শীর্ষ আধিকারিকদের উপস্থিতিতে সভায় জেলাশাসক নিসর্গ হিভারে গৌতম প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা স্কিমটির প্রস্তাবনা স্বাস্থ্য ও সমাজকল্যাণ বিভাগের দুটি পোর্টালের মাধ্যমে না পাঠিয়ে একত্রিকরণ করার প্রস্তাব দেন।

# বজরং-ভিনেশরা নারকো টেস্ট নিলে আমি দিতে রাজি: ব্রিজভূষণ

নয়াদিল্লি, ২২ মে (হি.স.) : ভারতীয় কুস্তি ফেডারেশনের প্রেসিডেন্ট ব্রিজ ভূষণ শরণ সিং-এর বিরুদ্ধে শারীরিক নিরাতনের অভিযোগ এনে বর্তমানে আন্দোলন করছেন কুস্তিগীররা। সেই তালিকায় রয়েছেন বজরং পুনিয়া, ভিনেশ ফোগত, স্বাক্ষী মালিকরা। আন্দোলন চলার মাঝেই ব্রিজ ভূষণের বিরুদ্ধে নারকো টেস্ট করানোর দাবিও জানিয়েছিলেন বজরংরা। এবার সেই নিয়ে মুখ খুললেন কুস্তি ফেডারেশন-এর বর্তমান প্রেসিডেন্ট। তাঁর বক্তব্য, আমি রাজি আছি, নারকো টেস্ট, পলিগ্রাফি টেস্ট সহ বাকি টেস্টগুলি করাতে। কিন্তু আমার একটা শর্ত আছে। সেই শর্তটা হল এই টেস্টগুলি যদি বজবং এবং ভিনেশরা টেস্ট নিলে আমি তা দিতে রাজি আছি। যদি কুস্তিগীররা রাজি থাকেন তাহলে সাংবাদিক সম্মেলন করেই তা ঘোষণা করেন। আমি দেশবাসীর কাছে আমার এই বক্তব্য তুলে ধরলাম। তারপরই জয় শ্রী রাম ধ্বনি দিতেও ভুললেন তিনি।

উল্লেখ্য, বজরং পুনিযা, ভিনেশ ফগতরা ব্রিজ ভূষণ শরণ সিং-এর বিরুদ্ধে শারীরিক নিরাতনের অভিযোগ এনে গত ২৩ এপ্রিল থেকে যন্তর-মন্তরের সামনে আন্দোলনে সামিল হয়েছেন। তাঁদের দাবি, এই অভিযোগে ব্রিজভূষণ শরণকে শুধু অপসারণ করলেই হবে না, তাঁকে গ্রেফতারেরও দাবি জানিয়েছেন। এরপরই তাঁরা শীর্ষ আদালতের দ্বারস্থ হন ন্যায় বিচারের জন্য।

# মাধ্যমিকে ঊর্ধগামী করিমগঞ্জের ফলাফল, মেধা তালিকায় নবম সুকন্যা দাস

করিমগঞ্জ (অসম), ২২ মে (হি.স.) : মাধ্যমিকে গতবারের চেয়ে এবার কিছুটা হলেও ঊর্ধগামী করিমগঞ্জের ফলাফল। তবে এবারও সরকারি স্কুলগুলিকে টেক্কা দিয়ে এগিয়ে গেছে বেসরকারি স্কুলগুলি। এছাড়া বরাবরের মতো এবারও দাপট দেখিয়েছে মেয়েরাই। মেধা তালিকায় নবম স্থান দখল করে জেলার নাম রেখেছে করিমগঞ্জ শহরের রোল্যান্ডস মেমোরিয়াল স্কুলের সুকন্যা দাস।

গতবার কেবল ৪৭.২০ শতাংশ নিয়ে করিমগঞ্জ খুশি থাকলেও এবার ফলাফল দাঁড়িয়েছে ৬৯.৯২ শতাংশে। অন্যান্যবারের মতো এ বছরও মাধ্যমিকে জেলায় ভালো ফল করেছে বেসরকারি স্কুলের পড়ুয়ারা। তবে কয়েকটি সরকারি স্কুলে সন্তোষজনক ফল রয়েছে। করিমগঞ্জে এ বছর মাধ্যমিকে বসেছিল মোট ১৫,১০২ জন পরীক্ষার্থী। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১০,৫৬০ জন। প্রথম বিভাগে ২,৯৮৫ জন, দ্বিতীয় বিভাগে ৫,০০০ জন এবং তৃতীয় বিভাগে পাশ করেছে মোট ২,৫৭৫ জন ছাত্রছাত্রী। জেলা সদরের বেশ কয়েকটি বেসরকারি শিক্ষা-প্রতিষ্ঠানের পাশের হার ১০০ শতাংশ।

# উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেলওয়ে সুরক্ষা বাহিনীর হাতে ৬.৯ লক্ষ টাকার অধিক মূল্যের নিষিদ্ধ সামগ্রী উদ্ধার ও গ্রেপ্তার ৫ জন

গুয়াহাটি ২২ মে, (হি.স.) : উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের রেলওয়ে সুরক্ষা বাহিনীর (আরপিএফ) পক্ষ থেকে রেলওয়ের মাধ্যমে পরিবহণ করা নিষিদ্ধ সামগ্রীর বিরুদ্ধে ক্রমাগতভাবে অভিযান চালিয়ে আসা হচ্ছে। গত শনিবার এবং গতকাল রবিবার উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ আগরতলা, চাপরমুখ ও বদরপুর রেলওয়ে স্টেশন, ট্রেনে নিষিদ্ধ সামগ্রীর বিরুদ্ধে অভিযান চালিয়ে ৬.৯ লক্ষ টাকার অধিক মূল্যের নিষিদ্ধ সামগ্রী উদ্ধার করে। অভিযানের সময় প্রায় ৬.৯ লক্ষ টাকা মূল্যের মোট ৬৯ কেজির কাছাকাছি গাঁজা উদ্ধার করা হয়। ঘটনায় পাঁচজন পাচারকারীকে গ্রেপ্তার করা হয়েছে এবং পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য বাজেয়াপ্ত করা সামগ্রী সহ ধৃতদের সংশ্লিষ্ট ওসি/জিআরপি অথবা স্থানীয় থানায় সমঝে দেওয়া হয়।

শনিবার বদরপুর আরপিএফ-এর একটি দল আগরতলা থেকে বদরপুর পর্যন্ত ১৫৬২৬ নং (আগরতলা-দেওঘর এক্সপ্রেস) ট্রেনে পাহারার দায়িত্ব পালনের সময় একটি দাবিহীন ব্যাগ শনাক্ত করে। ব্যাগটি খোলার পর ৮ প্যাকেট গাঁজা পাওয়া যায়। বাজেয়াপ্ত করা গাঁজার ওজন প্রায় ১২.৮০ কেজি এবং মূল্য প্রায় ১.২৮ লক্ষ টাকা। পরে উদ্ধারকৃত গাঁজা বদরপুর স্টেশনে নামানো হয় এবং বদরপুর জিআরপি-র হাতে তুলে দেওয়া হয়।

রবিবার একটি ঘটনায় আগরতলার আরপিএফ দল বিশেষ সূত্রে তথ্য লাভ করে আগরতলা স্টেশনে অভিযান চালায়। এই অভিযানের সময় তারা পাঁচটি ব্যাগ সহ পাঁচজন সন্দেহভাজন ব্যক্তিকে প্রত্যক্ষ করে। ব্যাগগুলি খোলার পর তারা আনুমানিক ৩.৬০ লক্ষ টাকা মূল্যের প্রায় ৩৬ কেজি ওজনের গাঁজা পায়। এই ঘটনা সম্পর্কে পাঁচজন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। পরে ধৃত ব্যক্তিদের পাশাপাশি উদ্ধারকৃত গাঁজা আগরতলার জিআরপি-র হাতে তুলে দেওয়া হয়।

উল্লেখ্য দেশকে মাদক মুক্ত করার লক্ষ্যে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের আরপিএফ বিভিন্ন রেলওয়ে স্টেশন ও ট্রেনে চোরাই সামগ্রী পাচার ও নিষিদ্ধ সামগ্রী পরিবহণ সম্পর্কিত কার্যকলাপের দিকে ধারাবাহিকভাবে কড়া নজরদারি চালিয়ে আসছে, যাতে দেশকে মাদকমুক্ত করা যায়।

## রাজ্যবাসী

● প্রথম পাতার পর

দিয়ে রেখেছেন। এদিকে ত্রিপুরা প্রদেশ বিজেপির কার্যকরণী বৈঠক শেষে আজ মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা সাংবাদিকদের মুখোমুখি হয়েছেন।

সেখানে সাংবাদিকরা ফের ইন্টার লোকেটর রাজ্যে আসা নিয়ে মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করলে তিনি পরিষ্কার বলেন ইন্টারলোকেটর বিষয়ে অফিসিয়ালি কোন খবর আমার কাছে নেই। আগেও আপনাদেরকে একই বিষয়ে অবগত করেছি। এখনো বলছি এই বিষয় সম্পর্কে আমার কাছে কোন খবর নেই। যদি কোন খবর থাকে তাহলে আপনাদের জানিয়ে দেব। সম্প্রতি রাজ্য সরকার থেকে এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছিল রাজ্যে একজন এডভাইজার আসছেন। সাংবাদিকদের এই প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী পরিষ্কারভাবে বলে দেন এডভাইজার আর ইন্টার লোকেটর দুটো আলাদা বিষয়।

এডভাইজার আসার ৩-৪ দিন আগেই তার সিকিউরিটি অ্যারেঞ্জমেন্ট করতে হয়। যেহেতু বিষয়টি ভারত সরকারের হাই অফিসিয়ালি। ইন্টার লোকেটরের ক্ষেত্রেও একই অবস্থা। তবে রাজ্যে যেই ইন্টারলোকেটর আসছে না তা মুখ্যমন্ত্রীর কথাতেই স্পষ্ট। সিবিএসই প্রশ্নপত্র ভাষা সমস্যা নিয়ে বিরোধী দলনেতা দেওয়া চিঠি পেয়েছেন মুখ্যমন্ত্রী বলে এদিন জানান তিনি। বিষয়টি সিবিএসইর। এদিকে সোশ্যাল মিডিয়ায় ভেসে আসা এক খবরে দেখা গেছে ত্রিপ্রা মথার কিছু নেতা কর্মী আজও দলীয় কর্মী-সমর্থকদের উদ্দেশ্যে বলছেন মহারাজের প্রতি সমর্থন রাখার।

২৭ তারিখ কেন্দ্রীয় সরকারের সঙ্গে একটা বোঝাপড়া হতে পারে বলেও আভাস রয়েছে। তবে কোন মাসের ২৭ তারিখ তা কিন্তু স্পষ্ট হয়নি তাদের কথায়। কোন সমস্যার সমাধান হবে এ নিয়েও স্পষ্ট করে বলেননি নেতারা। এই ধরনের বক্তব্য জনসমক্ষে তুলে ধরে দলীয় কর্মী সমর্থকদের চাঙ্গা করার পাশাপাশি দলের ভাঙ্গন রোধ করতে এখন ময়দানে নেমে পড়েছেন।

## সাইবার

● প্রথম পাতার পর

জেলা পুলিশ প্রশাসনের বিভিন্ন স্তরের আধিকারিক, বিভিন্ন গ্রাম পঁায়েতের প্রধান, উপপ্রধান প্রমুখ উপস্থিত ছিলেন।

## বাংলাদেশী

● প্রথম পাতার পর

বাংলাদেশে পাচার হচ্ছে। ধৃত দুই বাইক চোরের পরিচয় বাংলাদেশের আখাউড়ার বাসিন্দা মহম্মদ ঝুনু মিয়া এবং কালাম মিয়া। ধৃতদের জিজ্ঞাসাবাদ চালিয়ে বাংলাদেশে বাইক চোর চক্র সম্পর্কে নানা তথ্য জানা যাবে বলে দাবি করেন তিনি।

## অর্থ দপ্তরের

● প্রথম পাতার পর

জনসাধারণ এবং রাজ্য সরকার উপকৃত হবে। এজি (এ এণ্ড ই) অফিসের সিনিয়র অ্যাকাউন্টস অফিসার অনিন্দিতা ধরও আলোচনা করেন।

এছাড়া বক্তব্য রাখেন জিরানীয়ার সাব ট্রেজারি অফিসার সুভাষ দেবনাথ। স্বাগত বক্তব্য রাখেন আগরতলা ট্রেজারি ওয়ান এর ট্রেজারি আধিকারিক হর্ষিতা বিশ্বাস। উপস্থিত ছিলেন এজি (এ এণ্ড ই) অফিসের সিনিয়র অ্যাকাউন্টস আধিকারিক কালীপদ পাল সহ বিভিন্ন আরক্ষা বাহিনীর ডিডিওগণ। উদ্বোধনী অনুষ্ঠানের পর শুরু হয় টেকনিক্যাল সেশন। এতে জি এস টি, মিসিং ক্রেডিট অব জিপিএফ, ফাইন্যাল পে অব জিপিএফ, সিটিওএস এবং এইচ আর এম এস নিয়ে বিস্তারিত প্রতিবেদন তুলে ধরা হয়।

## বসত ঘর

● প্রথম পাতার পর

পাঠিয়েছেন দমকল বাহিনীকে। কিন্তু দমকলের ইঞ্জিন ঘটনাস্থলে আসার আগেই ঘরে থাকা একটি গ্যাস সিলিন্ডার ফেটে আগুন তীব্র আকার ধারণ করে বলে জানিয়েছেন তিনি। দমকল কর্মীদের দীর্ঘ প্রচেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আসে। জনৈক দমকল কর্মী জানিয়েছেন, আগুনে ওই বৃদ্ধার ঘরে থাকা জিনিসপত্র পুড়ে ছাই হয়ে গেছে। কিন্তু আগুন লাগার কারণ খুঁজে পাওয়া যায়নি বলে জানান তিনি।

## এক পরিবারের

● প্রথম পাতার পর

সমস্যার সমাধান করে হয়।

প্রসঙ্গত, গতকাল রবিবার ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব কুমার দেব বিজেপিতে বহিরাগতদের হস্তক্ষেপের অভিযোগ এনে প্রচন্ড বিরক্তি প্রকাশ করেছেন। হাইকমান্ডের কাছে নালিশ করবেন বলেও জানিয়েছিলেন। এ-বিষয়ে আজ মুখ্যমন্ত্রী ডা. মানিক সাহা সাফ জানালেন, কোন মন্তব্য করতে চাই না।

## ২০০০ টাকার

● প্রথম পাতার পর

লোকেরা মানা করে দেওয়ায় আতঙ্ক তৈরি হচ্ছে। অনেকে ২,০০০ টাকার নোট নিয়ে সোনার দোকানেও পৌঁছে যাচ্ছেন। এদিকে আরবিআইয়ের বিজ্ঞপ্তিতে স্পষ্ট করে লেখা, ২,০০০ টাকার নোট অবৈধ হচ্ছে না। ৩০ সেপ্টেম্বর পর্যন্ত তা লেনদেনের জন্য ব্যবহার করা যাবে।

সম্প্রতি, আরবিআইয়ের তরফে জানিয়ে দেওয়া হয়, ২,০০০ টাকার নোট বাতিল করা হচ্ছে। নতুন করে আর ২,০০০ টাকার নোট ছাপানো হবে না। চলতি বছরের ৩০ সেপ্টেম্বরের মধ্যে ২,০০০ টাকার সমস্ত নোট তুলে নেবে আরবিআই। আপাতত এই নোট বৈধ থাকবে। যাঁদের কাছে এখনও ২০০০ টাকার নোট রয়েছে তাঁদের ৩০ সেপ্টেম্বরের মধ্যে ব্যাংকে জমা করার নির্দেশ দেওয়া হয়।

## গুরুত্বারোপ

● প্রথম পাতার পর

হয়েছে। প্রত্যেকেই তৃণমূল স্তর পর্যন্ত সংগঠনের শক্তি বৃদ্ধির উপর জোর দিয়েছেন। তাঁর কথায়, ত্রিপুরায় ৩৩২৮টি বুথ রয়েছে। প্রত্যেক বুথে অধিকাংশ ভোটার বিজেপিকে সমর্থন জানালে বিধানসভা এবং লোকসভা নির্বাচনে জয় অসম্ভব নয়। তাঁর দাবি, দলের কর্মীরা ভোটারদের মন জয়ে দায়িত্বশীল ভূমিকা নেবেন। লোকসভা নির্বাচনের লক্ষ্যে সেদিকে বিশেষ জোর দেওয়া হবে।

এদিন বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নয় বছরের কার্যকাল সমাপ্ত হওয়ায় ত্রিপুরায় মাসব্যাপী কর্মসূচীর পরিকল্পনা নেওয়া হয়েছে। তিনি বলেন, ৩০ মে প্রধানমন্ত্রী পদে নরেন্দ্র মোদী নয় বছর পূর্ণ করবেন। সেই লক্ষ্যে দফাওয়ারী কর্মসূচী শুরু করা হবে। তাঁর কথায়, ২৯ মে বরিষ্ঠ নেতৃবৃন্দ সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের সাথে রুদ্ধদ্বার বৈঠক করবেন। পাশাপাশি, বরিষ্ঠ নেতা, বুদ্ধিজীবী, প্রভাবশালী ব্যক্তিদের সাথেও নির্দিষ্ট দিনে বৈঠকের আয়োজন করা হবে। সব শেষে জুন মাসে ১০ দিবসীয় জন সম্পর্ক অভিযানের পরিকল্পনা রয়েছে, যোগ করেন তিনি।

## জ্যোৎস্না আখতার

● প্রথম পাতার পর

আক্তারের বাড়িতে যান রাজ্য সরকারের সমবায়, জনজাতি এবং সংখ্যালঘু উন্নয়ন দপ্তরের মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। সাথে ছিলেন বিধায়িকা স্বপ্না মজুমদার, বিজেপি প্রদেশ আই টি ইনচার্জ চন্দন দেবনাথ, ঋষ্যমুখ বিধানসভা কেন্দ্রের বিজিত প্রার্থী তথা বিজেপি দক্ষিণ জেলা কমিটির সাধারণ সম্পাদক দ্বীপায়ন চৌধুরী, এলাকার প্রধান উপপ্রধান সহ অন্যান্যরা। মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া এলাকাবাসীদের সামনে বাল্যবিবাহ নিয়ে এবং জ্যোৎস্না আক্তার যাতে এই বিষয়টি নিয়ে সমাজের কাছে অবহেলিত না হয় সেদিকে আলোচনার পাশাপাশি এলাকাবাসীকে সতর্ক করে দেন। পাশাপাশি আগামী দিনে যাতে কেউ বাল্যবিবাহ না দেন সেই অনুরোধ রাখেন। মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া জ্যোৎস্না আক্তারের উচ্চ শিক্ষার বিষয়ে সরকারি ভাবে সমস্ত ধরনের সহযোগিতার আশ্বাস দেন। পাশাপাশি দরিদ্র জ্যোৎস্না আক্তারের পরিবারকেও বিভিন্ন রকমের সরকারি সহযোগিতার আশ্বাস দেন। মন্ত্রী আরো বলেন, সরকার এবং দল সবসময় এই পরিবারের পাশে থাকবেন। মন্ত্রীর আশ্বাস পেয়ে স্বাভাবিকভাবেই খুশি জ্যোৎস্নার পরিবারসহ এলাকাবাসী। মন্ত্রীর পাশে দাঁড়িয়ে জ্যোৎস্না তার কঠিন পরিস্থিতির কথা তুলে ধরে। পাশাপাশি কেউ যাতে ১৮ বছরের নিচে কাউকে বিয়ে না দেন তার আবেদনও রাখেন।

## মিশন লাইফ

● প্রথম পাতার পর

দৈনন্দিন জীবনে সম্ভাব্য সব আচরণগত পরিবর্তন এবং পরিবেশ বান্ধব অভ্যাস গড়ে তোলার উপর আলোকপাত করেন। তিনি সচিত্র প্রতিবেদনের মাধ্যমে ভারত সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের ’মিশন লাইফ’ প্রচারাভিযান কর্মসূচির উপর বিস্তারিত আলোচনা করেন। তিনি জানান, ’মিশন লাইফ’ সচেতনতা কর্মসূচি মূলত ৭টি বিষয়কে কেন্দ্র করে তৈরি করা হয়েছে। ৭টি বিষয়ের মধ্যে রয়েছে শক্তি স’য়, জলসম্পদ সংরক্ষণ, একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক ব্যবহার হ্রাস, অপচয়হীন খাদ্যাভ্যাস, বর্জ্য ব্যবস্থাপনা, সুস্থ জীবনযাপন, ই-বর্জ্য হ্রাস ইত্যাদি।

তিনি বলেন, চলতি মে মাসে কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক রাজ্য বি’ান, প্রযুক্তি এবং পরিবেশ দপ্তরকে সারা রাজ্যে এই ’মিশন লাইফ’ কর্মসূচিতে ২,০০০টি বিভিন্ন ধরনের কার্যক্রম আয়োজন করার জন্য লক্ষ্যমাত্রা স্থির করে দেয়। অধিকর্তা জানান, ইতিমধ্যেই ৪০৩টি কার্যক্রম করা হয়েছে। অধিকর্তা ’মিশন লাইফ’ কর্মসূচি রূপায়ণের ক্ষেত্রে রাজ্য সরকারের দপ্তরভিত্তিক বিভিন্ন কর্মপরিকল্পনার বিষয়েও বিস্তারিত আলোচনা করেন। তাছাড়াও তিনি ’মিশন লাইফ’ কর্মসূচি রূপায়ণে ’মেরি লাইফ’ পোর্টাল নিয়েও আলোচনা করেন। তিনি বলেন, রাজ্যে এই কর্মসূচি রূপায়ণে নোডাল দপ্তর হিসেবে বি’ান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তর দায়িত্বে থাকবে।

# উদয়পুরে ক্রিকেটে শুভজিতের পারফরম্যান্স স্কুল ক্রিকেটে সেরা ইংলিশ মিডিয়াম

## ইংলিশ মিডিয়াম:-২১৫ জামজুরি স্কুল:-৪৭

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২২ মে।। প্রত্যাশিতভাবেই উদয়পুর মহকুমার সেরা হলো ইংলিশ মিডিয়াম স্কুল। অনেকটা বিনা লড়াইয়েই। শ্রীমন দেবনাথের দুরন্ত ব্যাটিং এর পর শুভজিৎ সূত্রধরের অলরাউন্ড পারফরম্যান্সে। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত অনূর্ধ-১৭ আন্ত: স্কুল ক্রিকেটে। কে বি আই মাঠে অনুষ্ঠিত ফাইনালে ম্যাচে একতরফা খেলে ইংলিশ মিডিয়াম স্কুল ১৬৮ রানের বড় ব্যবধানে জয় লাভ করে। গ্রুপ লিগে ইনিংসে ১০ উইকেট নিয়ে নজীর গড়া শুভজিৎ ফাইনাল ম্যাচেও ছিলো বিধ্বংসী মেজাজে। ওই স্কুলের একাদশ শ্রেণীর ছাত্র শুভজিতের বিধ্বংসী বোলিংয়ে কার্যত কুপোকাৎ হয়ে পড়ে জামজুরি স্কুল। এবং ২২ গজে লুটিয়ে পড়ে ব্যাটসম্যান-রা। ইংলিশ মিডিয়াম স্কুলের গড়া ২১৫ রানের জবাবে জামজুরি স্কুল মাত্র ৪৭ রান করতে সক্ষম হয়। বিজয়ী দলের শ্রীমন দেবনাথ ৭৯ রান করে। এছাড়া শুভজিৎ সূত্রধর প্রথমে ব্যাট হাতে ৫৮ রান করার পর বল হাতে ৪ উইকেট দখল করে। সকালে টসে জয়লাভ করে ইংলিশ মিডিযাম স্কুলকে প্রথমে ব্যাট করার আমন্ত্রণ জানায় জামজুরি স্কুলের অধিনায়ক সানু দাস। ইংলিশ মিডিয়াম স্কুল নির্ধারিত ৪০ ওভারে ৫ উইকেট হারিয়ে ২১৫ রান করে। দলের পক্ষে ওপেনার শ্রীমন দেবনাথ ১১৬ বল খেলে ১২ টি বাউন্ডারির সাহায্যে ৭৯, শুভজিৎ সূত্রধর ৪২ বল খেলে ৫ টি বাউন্ডারি ও ৩ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৫৮ (অপ:), আফতাব চৌধুরি ২৭ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ১৮ এবং শানিথ সাহা ৩৬ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১৪ রান করে। দল অতিরিক্ত খাতে পায় ৩৭ রান। জামজুরি স্কুলের পক্ষে দলনায়ক সানু দাস (২/২৪) সফল বোলার। জবাবে খেলতে নেমে বিশাল রানের নীচে চাপা পড়ে যায় জামজুরি স্কুল। কোনও রকম প্রতিরোধই গড়ে তুলতে পারেনি জামজুরির ব্যাটসম্যান-রা। দল ১১.৪ ওভার ব্যাট করে ৪৭ রান যোগ করার ফাঁকে সবকটি উইকেট হারায়। দলের পক্ষে একমাত্র দ্বীপরাজ দেব দুই অঙ্কের রানে পা রাখতে সক্ষম হয়।
দ্বীপরাজ ২০ বল খেলে ৪ টি বাউন্ডারির সাহায্যে ২২ রান করে। ইংলিশ মিডিযাম্ স্কুলের পক্ষে শুভজিৎ সূত্রধর (৪/১৬) এবং শাহিন হুসেন পোদ্দার (২/০) সফল বোলার। দলের কোচ শিব শঙ্কর দেবনাথ এবং ম্যানেজার দিলীপ সরকার অভিনন্দন জানান গোটা দলের ক্রিকেটারদের।

# কাজল স্মৃতি স্কুল ফুটবল দিয়ে টিএফএ-র মরশুম শুরু ২৯ শে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২২ মে।। টিএফএ এ বছর মরশুম শুরু করতে যাচ্ছে কাজল স্মৃতি আন্ত: স্কুল ফুটবল টুর্নামেন্ট দিয়ে। অনূর্ধ ১৪ কাজল স্মৃতি স্কুল ফুটবল টুর্নামেন্ট শুরু হচ্ছে ২৯ মে থেকে। মোট বারোটি স্কুল দল এতে অংশগ্রহণ করবে বলে নাম নথিভুক্ত করেছে। ইতোমধ্যে টুর্নামেন্ট কমিটির কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণকারী স্কুল দলের প্রতিনিধিদের নিয়ে সভায় বসেছেন এবং লটারির মাধ্যমে ক্রীড়া সূচি তৈরির জন্য গ্রুপ বিন্যাস করা হয়েছে। অংশগ্রহণকারী বারোটি স্কুল দলকে চারটি গ্রুপে ভাগ করা হয়েছে। প্রতিটি গ্রুপের তিনটি দল নক আউট পদ্ধতিতে খেলবে। গ্রুপ এ-তে রয়েছে সুধন্য দেববর্মা মেমোরিয়াল স্কুল, মধুবন কাঠালতলী স্কুল, প্রণবানন্দ বিদ্যামন্দির। গ্রুপ বি-তে রয়েছে মতিনগর স্কুল, ড় বি আর আম্বেদকর স্কুল, আসাম রাইফেলস পাবলিক স্কুল, গ্রুপ সি-তে রয়েছে সেন্ট পলস স্কুল, সুখময় স্কুল ও বড়জলা স্কুল। গ্রুপ ডি-তে রয়েছে উমাকান্ত ইংলিশ মিডিয়াম স্কুল, আনন্দমার্গ স্কুল ও হলিক্রস স্কুল। চার গ্রুপের চারটি গ্রুপ চ্যাম্পিয়ন দল মূল পর্বে লীগ পদ্ধতিতে খেলবে। ২৯ মে উদ্বোধনী ম্যাচে উমাকান্ত ইংলিশ মিডিয়াম স্কুল এবং আনন্দমার্গ স্কুল পরস্পরের মুখোমুখি হবে বলে লটারিতে স্থির হয়েছে। খেলোয়ারদের অবশ্যই বিকেল সাড়ে তিনটার মধ্যে মাঠে রিপোর্ট করতে বলা হয়েছে। ইতোমধ্যে, দুই একদিনের মধ্যে টুর্নামেন্টের পূর্ণাঙ্গ ক্রীড়াসূচী টিএফএ-র পক্ষ থেকে ঘোষণা করা হবে বলে জানানো হয়েছে।

# আমবাসা সিনিয়র ক্লাব ক্রিকেটে জয়ী কুলাই স্পোর্টস দল

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২২ মে।। সহজ ম্যাচকে কঠিন করে জিতলো কুলাই স্পোর্টস দল। ৪ উইকেটে পরাজিত করলো ভেনাস ক্লাবকে। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র ক্রিকেটে। সোমবার দশমীঘাট মাঠে অনুষ্ঠিত ম্যাচে ভেনাস ক্লাব প্রথমে ব্যাট নিয়ে ৭৬ রান করে।
দলের পক্ষে প্রসেনজিৎ রুদ্র পাল ১৭ এবং রূপান্ত দাস ১২ রান করেন। কুলাই স্পোর্টস দলের শৈলেশ দেববর্মা ৩ উইকেট পেয়েছেন। জবাবে খেলতে নেমে কুলাই স্পোর্টস দল। দলের পক্ষে জীবনানন্দ দেবনাথ ১৮ বল খেলে ২ টি বাউন্ডারি ও ৩ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৯ রানে অপরাজিত থেকে যান। ভেনাস ক্লাবের দেবাশিষ দেবনাথ ৪ উইকেট পেয়েছেন।

# অমরপুর সিনিয়র ক্রিকেটে চ্যাম্পিয়ন দেবার্পিত একাডেমী

## দেবার্পিত সি এ-২০৮ ব্রাইট ডায়মন্ড-১০১

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২২ মে।। অমরপুরে সিনিয়র ক্রিকেট টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হলো দেবার্পিত ক্রিকেট আকাদেমি। সোমবার ফাইনালে দেবার্পিত ক্রিকেট আকাদেমি ১০৭ রানের বড় ব্যবধানে পরাজিত করে ব্রাইট ডায়মন্ড ক্লাবকে। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র ক্লাব লিগ ক্রিকেটে। দেবোত্তম ঘোষের অলরাউন্ড পারফরম্যান্সে দেবার্পিত ক্রিকেট আকাদেমির জয় সহজ হয়ে যায়। রাঙ্গামাটি স্কুল মাঠে অনুষ্ঠিত খেতাব নির্ণায়ক ম্যাচে দেবার্পিত ক্রিকেট আকাদেমি-র গড়া ২০৮ রানের জবাবে ব্রাইট ডায়মন্ড ক্লাব মাত্র ১০১ রান করতে সক্ষম হয়। বিজয়ী দলের দেবোত্তম প্রথমে ব্যাট হাতে ২৮ রান করার পর বল হাতে ৪ উইকেট তুলে নিয়ে ম্যাচের সেরা ক্রিকেটার নির্বাচিত হয়েছেন।
সোমবার সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে দেবার্পিত ক্রিকেট আকাদেমি ৪৮ ওভারে সবকটি উইকেট হারিয়ে ২০৮ রান করে। দলের পক্ষে ওপেনার তথা দলনায়ক সুবিমল নাথ ৬৬ বল খেলে ৯ টি বাউন্ডারির সাহায্যে ৪৭, রাহুল সরকার ২৪ বল খেলে ৬ টি বাউন্ডারি ও ৩ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৪৪, দেবোত্তম ঘোষ ৫৮ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২৮,টুটন সরকার ৩৬ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ২০, বচ্চন দাস ৩০ বল খেলে ১ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৯ এবং মহাবির জমাতিয়া ২৭ বল খেলে ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১২ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ১৮ রান। ব্রাইট ডায়মন্ড ক্লাবের পক্ষে রিয়াজ উদ্দিন (৪/৫১), কমল দেব (৩/৩৯) এবং রীতেশ দাস (২/২৩) সফল বোলার। জবাবে খেলতে নেমে ব্রাইট ডায়মন্ড ক্লাব ১০১ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে রীতেশ দাস ৩২ বল খেলে ২ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৬, সঞ্জয় মজুমদার ৪৫ বল খেলে ১ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৬ এবং চিরঞ্জীৎ দাস ৪০ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ১৫ রান করেন।
দল অতিরিক্ত খাতে পায় ১৭ রান। দেবার্পিত ক্রিকেট আকাদেমির পক্ষে দেবোত্তম ঘোষ (৪/৩৫), গোপাল দাশগুপ্ত (৩/২৯) সফল বোলার।

# এমবিবি এয়ারপোর্ট ফুটবল টুর্নামেন্টে ইন্ডিগো চ্যাম্পিয়ন, রানার্স সিআইএসএফ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২২ মে।। এয়ারপোর্ট ফুটবলে ইন্ডিগো চ্যাম্পিয়ন হয়েছে। রানার্স খেতাব পেয়েছে সিআইএসএফ। উত্তেজনাপূর্ণ ফাইনাল ম্যাচে ইন্ডিগো ২-১ গোলের ব্যবধানে সিআইএসএফ-কে পরাজিত করে চ্যাম্পিয়নশিপ কাপ জিতে নিয়েছে। মহারাজা বীর বিক্রম এয়ারপোর্ট অথরিটি আয়োজিত ফুটবল টুর্নামেন্টে আয়োজক এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া ছাড়াও সিআইএসএফ, ফ্লাই বিগ, এয়ার ইন্ডিয়া এবং ইন্ডিগো টিম অংশগ্রহণ করেছে। প্রতিদ্বন্দ্বিতা পূর্ণ ফাইনাল ম্যাচে ইন্ডিগো ২-১ গোলের ব্যবধানে সিআইএসএফ-কে পরাজিত করে চ্যাম্পিয়নশিপ কাপ ঘরে তুলে নিয়েছে। বিজয়ী দলের পক্ষে জোসি ডার্লং একাই দুটি গোল করেন। ফাইনাল ম্যাচের শেষে মাঠেই এক বর্ণাঢ্য অনুষ্ঠানে বিজয়ীদের সুদৃশ্য চ্যাম্পিয়নশিপ কাপ প্রদান করা হয়েছে। সেরা গোলকিপারের পুরস্কার পেয়েছেন সিক্স-ই ভাস্কর ঘোষ। সর্বোচ্চ গোলদাতার পুরস্কার পেয়েছেন জোসি ডার্লং। ম্যান অফ দ্য টুর্নামেন্টের পুরস্কারও জোসি ডার্লং-এর হাতে। তবে যুগ্মভাবে ম্যান অব দ্যা ম্যাচের পুরস্কার দেওয়া হয়েছে সিক্স-ই সুদীপ্ত প্রসাদ চন্দ এবং অভিষেক জমাতিয়া-কে। ব্যস্ততা পূর্ণ কর্মজীবনের মধ্যে বিনোদনমূলক ফুটবল টুর্নামেন্ট আয়োজন ঘিরে অংশগ্রহণকারীদের মধ্যে যথেষ্ট উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে। টুর্নামেন্ট সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় উদ্যোক্তাদের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়েছে।

## কাজল স্মৃতি আন্ত: স্কুল ফুটবলের ক্রীড়া সূচি তৈরি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২২ মে।। কাজল স্মৃতি স্কুল ফুটবল টুর্নামেন্ট শুরু হচ্ছে ২৯ মে থেকে। উদ্যোক্তা ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন। মোট বারোটি স্কুল দল এতে অংশগ্রহণ করবে বলে নাম নথিভুক্ত করেছে।

**অপরিচিত পুরুষ ব্যক্তির মৃতদেহের সনাক্ত করণ চাই**

Ref :- West Agt PS UD Case. No-2023 WAG027 dated , 17/05/2023 U/S-174Copc

পাশের ছবিটি একজন মৃত অপরিচিত শিশুর (পুরুষ) ব্যক্তির মৃতদেহ বয়স - আনুমানিক ৬৫ বছর উচ্চতা- ৫ ফুট ৬ ইঞ্চি, গায়ের রঙ - শ্যামলা, চুল- সাদার, চোখ- কালো পরনে - সিলভার রঙেরদ্ধক লম্বা পেন্ট। গত ১৭/০৫/২০২৩ ইং তারিখ আগরতলা আইজিএম হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়। এবং ডাক্তার মহাশয় মৃত বলে ঘোষণা দেন, বর্তমানে মৃতদেহ আগরতলা জিবিপি হাসপাতালের মর্গে রাখা হয়েছে সনাক্ত করণ করার জন্য আজ পর্যন্ত কোন ব্যক্তি বা আত্মীয় স্বজন মৃতের দাবি করেননি।



উপরে উল্লেখিত অপরিচিত শিশুর (পুরুষ) ব্যাপারেকাহারো কোন তথ্য জানা থাকিলে নিম্নলিখিত ঠিকানায় ও ফোন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হইল।

১। পুলিশ সুপার (পশ্চিম ত্রিপুরা) - ০৩৮১-২৩২-৩৫৮৬
২। সিটি কন্ট্রোল - ০৩৮১-২৩২-৫৭৮৪/১০০,
৩। জিবি টিওপি - ০৩৮১-২৩৫-৫০৯৫

পুলিশ সুপার
পশ্চিম ত্রিপুরা।

ICA-D-255/23

**TENDER NOTICE**

Sealed quotation for purchase of different Office stationary articles under Kakraban Agri.Sub-Division for the year 2023-24 for a period of 1 (one ) year w.e.f (July 2023 to June 2024), will be received on 05-06-2023 in the chamber of Superintendent of Agriculture & Farmers welfare, Kakraban, Udaipur, Tripura, from 11 A.M to 3 P.M. For details please visit www.agri.tripura.gov.in.

Superintendent of Agriculture
Kakraban Agri. Sub-Division
Udaipur, Gomati, Tripura

ICA/C-639/23

**SHORT NOTICE INVITING TENDER NO: - 01/SDO/IESD/TLM / 2023-24**

DATED: - 18/05/2023

The Sub-Divisional Officer, Internal Electrification Sub-Division, Teliamura invites on behalf of the Governor of Tripura sealed percentage rate tender in PWD Form-7 for the following works up to 3.00PM on 30/05/2023 from the eligible, financial capable and experienced Internal Enlisted Contractors of appropriate class of Tripura PWD/ MES / RAILWAY/ CPWD having valid Electrical License of Tripura Government. Tender will be opened at 3.30 PM on the same day if possible in presence of the Contractors or other representatives.

| Sl. No. | Description of item | Estimated Cost | Earnest Money | Time of Completion |
|---|---|---|---|---|
| 1 | Providing and fixing of 17 (seventeen) nos. LED street light for illumination from Jarailongbari to Chakmaghat Bazar under Chakmaghat GP under Teliamura R.D Block. DNIT NO– 01/SDO/IESD/TLM/2023-24 | ₹ 1,76,335.00 | ₹ 3,527.00 | 30 Days. |
| 2 | Request for Mtc. of 1 (one) MCB of AC Connection at Khowai Town Hall (New) Under Khowai Municipal Council / SH: - Providing Petty Maintenance of AC Panel in Khowai Town Hall (New) Under Khowai Municipal Council. DNIT NO– 02/SDO/IESD/TLM/2023-24 | ₹ 22,029.00 | ₹ 441.00 | 10 Days. |

Detailed Tender Notice/Forms/Terms & Conditions is available in the office of the Sub-Divisional Officer Internal Electrification Sub-Division, Teliamura, Khowai Tripura from 11.00 A.M. to 4.00 P.M. during office hours on all working days specified as above.

ICA/C-631/23

Sd/- (Er. A. Banik)
SSub-Divisional Officer (E)
I.E. Sub-Division Teliamura
Khowai Tripura.

**PNIeTNo. 39 /EE/DWS/BLG/2023-24 dated 19/05/2023**

The Executive Engineer, DWS Division, Bishalgarh Sepahijala District, Tripura on behalf of the "Governor of Tripura" invites on line percentage rate single bid from eligible bidders up to 15.00 hrs. 12/06/2023 for "Drilling & development of No.DTW with contractor's direct rotary drilling Rig & other machineries & equipments in/c providing of ERW pipes, Pea-gravels etc. at Goutam Colony Ward No.3 under BMC, Sepahijala".For details please visit https:// tripuratenders .gov.in and https://etenders.gov.in / eprocure /app. or contact with at the O/O the Executive Engineer, DWS Division, Bishalgarhfor clarifications. if any.

(Er.A.B.Chaudhuri)
Executive Engin
DWS Division, Bishalgarh

ICA/C-627/23

**PRESS NOTICE INVITING e-TENDER NO: 04/NIT/EE/PWD/AMP/2023-24**

Memo No.F.TC-I(P-I)/EE/PWD/AMP/1893-1961
Cost of Tender form: Rs.1,000.00/- (One thousand) only.
Dated : 20-05-2023.
Last date and time for document downloading and bidding: 09-06-2023 upto 15.00 hrs.
Time and date for opening of bid: 09-06-2023 at 16:00 hrs. (if possible.)

| Sl No. | Name of work | Estimated Cost | Earnest Money | Time for completion | Class of Bidder |
|---|---|---|---|---|---|
| 1 | DNIT NO: 01 /DNIT/R/EE/PWD/AMP/2023-24 | Rs. 24,30,161.00 | Rs. 48,603.00 | 90 Days | Appropriate Class |
| 2 | DNIT NO: 02 /DNIT/R/EE/PWD/AMP/2023-24 | Rs. 19,01,710.00 | Rs. 38,034.00 | 90 Days | |
| 3 | DNIT NO: 03 /DNIT/R/EE/PWD/AMP/2023-24 | Rs. 24,42,780.00 | Rs48,856.00 | 120 Days | |
| 4 | DNIT NO: 04 /DNIT/R/EE/PWD/AMP/2023-24 | Rs. . 20,61,530.00 | Rs. 41,231.00 | 90 Days | |

Tender can also be seen in the website hitps://tripuratenders.gov.in.
All other necessary information can be seen in the Amarpur Division PWD(R&B) office in office hours.
For and on behalf of Governor of Tripura

Executive Engineer
Amarpur Division, PWD(R&B)
Amarpur, Gomati Tripura

ICA/C-622/23

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021-2023



# মোদীকে সর্বোচ্চ নাগরিক সম্মানে সম্মানিত করল ফিজি, অভিভূত ভারতের প্রধানমন্ত্রী

পোর্ট মোরেসবি, ২২ মে (হি.স.): ফের একবার বিশ্ব মঞ্চে বন্দিত হলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্রী মোদী। সোমবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ফিজি সরকার তাঁদের সর্বোচ্চ নাগরিক সম্মানে সম্মানিত করেছে। প্রধানমন্ত্রী এই সম্মান দেওয়ার জন্য ফিজি সরকারকে ধন্যবাদ জানান। পাপুয়া নিউ গিনিতে ফিজির সর্বোচ্চ সম্মান 'কম্প্যানিয়ন অব দ্য অর্ডার অব ফিজি' পেলেন ভারতের প্রধানমন্ত্রী। ফিজির প্রধানমন্ত্রী সিতিভেনি রাবুকা মোদীর গলায় মেডেল পরিয়ে এই সম্মান তুলে দেন। এর পাশাপাশি পাপুয়া নিউ গিনিও তাদের সর্বোচ্চ সম্মান 'কম্প্যানিয়ন অব দ্য অর্ডার অব লোগোহু' তে ভূষিত করল মোদীকে। গোটা বিশ্বকে নেতৃত্বদানের জন্যই তাঁর হাতে এই সম্মান তুলে দেওয়া হল। তবে এই প্রথম নয়। এর আগেও বিশ্বের নানা দেশের একাধিক সম্মানে ভূষিত হয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী বলেছেন, 'এই সম্মান শুধুমাত্র আমার নয়, ১৪০ কোটি ভারতীয়ের, শতাব্দী প্রাচীন ভারত-ফিজি সম্পর্কের..।'



অর্থ দপ্তরের উদ্যোগে বিভিন্ন দপ্তরের ডিডিওদের নিয়ে প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে সোমবার। ছবি নিজস্ব।

## ধর্মনগরে গভীর রাতে বাড়ি থেকে বাইক চুরি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** আবারো রাতের আধারে ধর্মনগরের একটি বাড়ি থেকে বাইক চুরি। ঘটনাটি ঘটে রবিবার গভীর রাতে ধর্মনগর কলেজ রোড বিদ্যাসাগর সরণীতে।

বাইক মালিক বিভাস পাল জানান রবিবার রাতে ধর্মনগর কলেজ রোডে বন্ধন অফিসের নিচের বাড়ি থেকে টি্রু ০৫ ঞ্ব ৭৬৭৮ নম্বরের একটি বাইক চুরি করে নিয়ে যায় চোর। সোমবার তিনি সকালে ঘুম থেকে উঠে এই ঘটনা প্রত্যক্ষ করেন। অনেক খুঁজাখুঁজি করে বাইক না পেয়ে সিসি টিভি ক্যামেরার ফুটেজ দেখার পর বিষয়টি স্পষ্ট হয়। রাতে বাড়ির পেছন দিয়ে প্রবেশ করে চোর। এরপর বাইকটি চুরি করে নিয়ে যায়। বাইক চুরির বিষয়টি ফোনে ধর্মনগর থানাকে অবগত করেন। পুলিশ ঘটনাস্থলে এসে তদন্ত শুরু করেছে। মালিকের বক্তব্য বাড়িতে একই সঙ্গে আরো বেশ কয়েকটি বাইক ছিল। কিন্তু চোর তার বাইকটি চুরি করে নিয়ে গেছে।

## প্রয়াত সমীর দেবকে শেষ শ্রদ্ধা জানাল সিপিএম পশ্চিম জেলা কমিটি



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** প্রয়াত সিপিআইএম নেতা সমীর দেব-কে শেষ শ্রদ্ধা জানাল সিপিআইএম পশ্চিম জেলা কমিটি।

শনিবার নিজ বাড়িতে ব্রেইন স্ট্রোকে আক্রান্ত হন সিপিআইএম নেতা সমীর দেব।

প্রথম দিকে তিনি বিষয়টি গুরুত্ব দেন নি। পরবর্তী সময় শারীরিক অবস্থার অবনতি ঘটলে ওনাকে নিয়ে যাওয়া হয় জিবি হাসপাতালে। ঐ দিনই জিবি হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেন তিনি। তারপর ওনার মৃতদেহ জিবি হাসপাতালের মর্গে রাখা হয়।

পুনে থেকে ওনার মেয়ে রাজ্যে আসার পর সোমবার মেয়ের হাতে তুলে দেওয়া হয় প্রয়াত সমীর দেব-র মৃতদেহ। তারপর মৃতদেহ নিয়ে যাওয়া হয় সিপিআইএম পশ্চিম জেলা কার্যালয়ে। সেখানে সিপিআইএম নেতা পবিত্র কর, শঙ্কর প্রসাদ দত্ত সহ অন্যান্যরা প্রয়াত সমীর দেব-কে শেষ শ্রদ্ধা জানান।

## শ্যাম সুন্দর কোং জুয়েলার্স উদযাপন করলো অক্ষয় তৃতীয়ার মেগা ড্র পুরস্কার বিতরণ অনুষ্ঠান



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** ২২ শে মে, ২০২৩ শ্যাম সুন্দর কোং জুয়েলার্স আগরতলা প্রেসক্লাবে আয়োজন করেছিল অক্ষয় তৃতীয়া মেগা ড্র পুরস্কার বিতরণ অনুষ্ঠান। যা সত্যিই অক্ষয় তৃতীয়া উৎসবের এক শুভ সমাপ্তি বলা যায়।

গত ১লা মে , ২০২৩ অক্ষয় তৃতীয়ার উৎসবের ভাগ্যবান বিজয়ীদের বাছা হয়েছিল লাকি ড্রয়ের মাধ্যমে। সেই ৩-জন ভাগ্যবান বিজয়ীদের এই অনুষ্ঠানে মেগা ড্র পুরস্কার ৩টি স্ক্যুটি তুলে দেওয়া হয়।

এই বছর, ভাগ্যবান বিজয়ীরা হলেন শ্রী পঙ্কজ সাহা (কুপনী ঞ্জ০৮৫০) শ্রীমতী পূর্ণিমা দেবনাথ (কুপনী ঙ১৫৩৭) এবং শ্রীমতী শিপ্রা গোস্বামী (কুপনী ক্ষ১৩৩৩)। পুরস্কার হিসেবে লাকি ড্র তে জেতা স্কুটিগুলি তাদের কাছে বিশেষ আনন্দ আর একরাশ খুশি বয়ে নিয়ে এসেছে।

প্রত্যেকের কথাতে তাদের আনন্দ ও শ্যাম সুন্দর কোং জুয়েলার্সের উন্নত পরিসেবা ও চমকে ভরা আয়োজনের কথা বার বার উঠে এসেছে।

শ্যাম সুন্দর কোং জুয়েলার্সের ডিরেক্টর অর্পিতা সাহা সকল ভাগ্যবান বিজয়ীদের শুভেচ্ছা জানান এবং অক্ষয় তৃতীয়া উৎসবে পাশে থাকার জন্য সমস্ত রাজ্যবাসীকে ধন্যবাদ জানান জ্জ শ্যাম সুন্দর কোং জুয়েলার্সের আর এক ডিরেক্টর রূপক সাহা বলেন, "ভাগ্যবান বিজয়ীদের হাতে স্ক্যুটি গুলি তুলে দিতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত।

একইসঙ্গে বিজয়ীদের আরো সৌভাগ্য কামনা করছি। ত্রিপুরা এবং কলকাতা জুড়ে এই প্রতিষ্ঠানের গ্রাহক-বন্ধুদের ধন্যবাদ জানাতে আমরাএই উদ্যোগ নিয়েছি। কারণ, গ্রাহকরা যেভাবে এই উৎসবের এই বিশেষ আয়োজনে সাড়া দিয়েছেন, অংশ নিয়েছেন তা এক কথায় অভূতপূর্ব। একইসঙ্গে এই প্রতিষ্ঠানের তরফে আমরা ফের আশ্বস্ত করছি আগামী দিনে ভালো পরিষেবা, গুণগতমান আর ন্যায্য মূল্য হিসেবে গ্রাহকদের প্রত্যাশা পূরণ করার জন্য আমরা সবসময় তাঁদের কাছে প্রতিশ্রুতিবদ্ধ থাকবো।"

এক আনন্দ ঘন পরিবেশে ভবিষ্যতের আরও উন্নত পারিসেবা দেবার আশ্বাস এর মধ্য দিয়ে অনুষ্ঠানের পারিসমাপ্তি হয়।

## তেলিয়ামুড়ায় সম্ভাব্য বন্যা পরিস্থিতি মোকাবেলায় নালা তৈরী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২২ মে।।** তেলিয়ামুড়া পৌর এলাকার ১২ নং ওয়ার্ডের এক বিশাল এলাকাকে বর্ষার জল প্লাবন থেকে রক্ষা করতে জরুরী ভিত্তিতে তেলিয়ামুড়া পৌর পরিষদ একটি নালা তৈরি করে দেওয়া হচ্ছে। যা এলাকার নাগরিকদের দীর্ঘদিনের দাবী ছিল। সেই উদ্যেশ্যে আগাম বর্ষার আগেই কাজ করা হচ্ছে। যাতে পুর এলাকার কয়েকটি ওয়ার্ড এলাকার বাসিন্দারা অসুবিধার সম্মুখীন না হয়।

আগামী কয়েক মাসের মধ্যে পাকা ড্রেইন নির্মাণ করে তাদের দীর্ঘ ২৫ বছরের দুঃখ লাঘব করতে পারবেন বলে জানান তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারম্যান রুপক সরকার । তেলিয়ামুড়া পুর পরিষদের কয়েকটি ওয়ার্ড নিচু এলাকায় অবস্থিত হওয়ায় বর্ষার সময় বৃটির জল জমে এলাকাবাসীরা অসুবিধার সম্মুখীন হয়। ওই সব এলাকার ড্রেন গুলোতে জল জমে থাকার ফলে বাড়ি ঘর এবং রাস্তায় জল ঢুকেযায়। এই সমস্যা দীর্ঘ বছর ধরেই চলে আসছিল। এ বছর যাতে পুর বাসি বিশেষ করে ১২ নং ওয়ার্ড এলাকার একটা বড় অংশ জল যন্ত্রনা থেকে মুক্তি পায় সেই লক্ষ্যে এই ব্যাবস্থা করা হয়েছে। ইতি মধ্যেই পুর পরিষদের চেয়ারম্যান রুপক সরকারএর তত্বাবধানে এই সমস্ত এলাকাকে বর্ষার সময়ে জল প্লাবন থেকে রক্ষা করার লক্ষে কাজ শুরু করেদিয়েছেন।

তিনি জানান কিছু কিছু সমস্যা এখনো রয়েছে। সেগুলো নিরসন করে আগামী কয়েক মাসের মধ্যে একটা স্থায়ী সমাধানের ব্যবস্থা করার চেষ্টাও চলছে।

## উত্তর প্রদেশের বালিয়ায় দু'টি গাড়ির সংঘর্ষে বাবা ও ছেলের মৃত্যু

বালিয়া, ২২ মে (হি.স.): উত্তর প্রদেশের বালিয়া জেলায় দু'টি গাড়ির সংঘর্ষে প্রাণ হারালেন বাবা ও ছেলে। এই দুর্ঘটনায় আহত হয়েছেন কমপক্ষে ৮ জন। সোমবার দুর্ঘটনাটি ঘটেছে বালিয়া জেলার গাদওয়ার এলাকায়। দু'টি এসইউভি গাড়ির সংঘর্ষে বাবা ও ছেলের মৃত্যুর পাশাপাশি ৮ জন আহত হয়েছেন।

পুলিশ জানিয়েছে, বালিয়া জেলার গাদওয়ার এলাকায় ইনদেরপুর পেট্রোল পাম্পের কাছে একটি জিপ ও স্করপিও গাড়ির সংঘর্ষ হয়। সংঘর্ষের জেরে জিপটি উল্টে যায়। প্রাণ হারান রামশঙ্কর চৌহান (৪৫) ও তাঁর বাবা খিচড়ি চৌহান (৬৫)। আহত অবস্থায় ৮ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

## হ্যাম রেডিওর নতুন স্টেশান গোসাবায়

গোসাবা, ২২ মে (হি. স.) : সুন্দরবনের উপর মাঝে মধ্যেই ঘূর্ণিঝড়ের মতো প্রাকৃতিক বিপর্যয় আছড়ে পড়ে। সেই সময় কোথাও কোথাও নদীবাঁধ ভেঙে বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়। কার্যত যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে গোটা এলাকা। সেই প্রাকৃতিক দুর্যোগের সময় এলাকার মানুষের খবর যাতে জেলা বা মহকুমাস্তরে পৌঁছে দেওয়া যায়, পাশাপাশি সরকারি তরফে বা আবহাওয়া দফতরের বার্তা ও নির্দেশিকা যাতে এলাকার মানুষের কাছে পৌঁছে দেওয়া যায় সেই উদ্দেশ্যে গোসাবায় একটি অস্থায়ী রেডিও স্টেশান তৈরি করা হল সোমবার।

ইন্ডিয়ান একাডেমি অফ কমিউনিকেশান অ্যান্ড ডিজাস্টার্স ম্যানেজমেন্ট কোর্সের মাধ্যমে যোগাযোগ মন্ত্রকের পরীক্ষায় পাশ করা গোসাবার চণ্ডীপুরের বাসিন্দা দেবব্রত মন্ডলের বাড়িতেই এই রেডিও স্টেশান তৈরি করা হল। জেলাশাসকের নির্দেশে হ্যাম রেডিও ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাবের উদ্যোগে এই নতুন রেডিও স্টেশানটি তৈরি করা হয়েছে। হ্যাম রেডিও ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাবের সম্পাদক অম্বরীশ নাগ বিশ্বাস বলেন, " আপৎকালীন অবস্থায় এলাকার টেলি যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বিপর্যস্ত হয়ে পড়ে। সেই সময়ও যাতে পুরো কাজ করা যায়, সমস্তরকম যোগাযোগ সব দফতরের সাথে করা যায় সেই কারণে এই রেডিও স্টেশানটি তৈরি করা হয়েছে।" দেবব্রত বলেন, " আমি গোসাবা ব্লকের সিভিল ডিফেন্সের একজন কর্মী। আমার বাড়িতে এই রেডিও স্টেশানটি তৈরি হয়েছে। আশাকরি এটি এলাকার মানুষের উপকারে আসবে।"

## নবীন পট্টনায়ক মন্ত্রিসভার সম্প্রসারণ, শপথ নিলেন বিক্রম আরুখ, সারদা ও সুদাম

ভুবনেশ্বর, ২২ মে (হি.স.) : আজ সোমবার নবীন পট্টনায়কের মন্ত্রিসভা সম্প্রসারণে তিন বিধায়ককে মন্ত্রিসভায় স্থান দেওয়া হয়েছে। তিনজনকেই ক্যাবিনেট মন্ত্রীর মর্যাদা দেওয়া হয়েছে। গভর্নর অধ্যাপক ড. গণেসিলাল লোকসেবা ভবনের সম্মেলন কক্ষে বিক্রম কেশরী আরুখ, সারদা নায়ক এবং সুদাম মারান্ডিকে শপথ পাঠ পড়ান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক, মন্ত্রিসভার সদস্য এবং একাধিক বিধায়ক।

উল্লেখ্য, এর আগে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী নব কিশোর দাসকে খুন করা হয়েছিল। অন্য দুই মন্ত্রী, সমীর রঞ্জন দাশ এবং শ্রীকান্ত সাহু তাদের পদ থেকে ইস্তফা দিয়েছেন। বিধানসভার স্পিকার পদ থেকে ইস্তফা দিয়েছেন বিক্রম কেশরি আরুখ। এরপর থেকেই তাকে মন্ত্রিসভায় নেওয়া হতে পারে বলে জল্পনা চলছিল। বিক্রম কেশরী অরুখের পাশাপাশি এর আগেও নতুন মন্ত্রিসভায় ছিলেন সারদা নায়ক এবং সুদাম মারান্ডি।

গঞ্জাম জেলার ভাঞ্জনগর বিধানসভা আসন থেকে বিক্রম কেশরী আরুখ টানা ছয়বার জিতেছেন। ২০০৯ সাল থেকে তিনি নতুন মন্ত্রিসভায় অবিচ্ছিন্ন মন্ত্রী ছিলেন। গত বছর মন্ত্রিসভা রদবদলের আগে তিনি পদত্যাগ করেছিলেন। সুদাম মারান্ডিকে আবারও মন্ত্রিসভায় জায়গা দেওয়া হয়েছে পট্টনায়েক। সারদা নায়ক রাউরকেলার বিধায়ক। তৃতীয়বারের মতো জিতেছেন তিনি। ২০০৯ সালেও তিনি নবীন পট্টনায়েক সরকারের মন্ত্রীর দায়িত্ব পালন করেছেন।

## দুবরাজপুরে তৃণমূলকর্মীর বাড়িতে মজুত বোমায় বিস্ফোরণ

দুবরাজপুর, ২২ মে (হি. স.) : বীরভূমের দুবরাজপুর বিস্ফোরণ উড়ে গেল বাড়ি। প্রাথমিক ভাবে অনুমান, বাড়িতে মজুত বোমা থেকেই বিস্ফোরণ হয়েছে। সোমবার ঘটনাটি ঘটেছে পদুমা গ্রাম পঞ্চায়েতের ঘোরাপাড়া গ্রামে।

এ বিষয়ে বীরভূমের পুলিশ সুপার রাজনারায়ণ মুখোপাধ্যায় সঙ্গে যোগাযোগ করা হয়। তিনি কোনও মন্তব্য করতে চাননি। স্থানীয় সূত্রে খবর, বিস্ফোরণে যে বাড়িটি ক্ষতিগ্রস্ত হয়েছে, সেটি স্থানীয় তৃণমূল কর্মী শেখ শফিকের বাড়ি। খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছেছে দুবরাজপুর থানার বিশাল পুলিশবাহিনী। অভিযোগ, শফিকের বাড়ির সিঁড়ির কাছে বোমাগুলি মজুত রাখা ছিল। কোনও কারণে তা থেকে বিস্ফোরণ হয়। বিস্ফোরণের তীব্রতা এতটাই বেশি ছিল যে, বাড়ির দেওয়াল, ছাদ ফেটে গিয়েছে। এই ঘটনার জেরে এলাকায় ব্যাপক আতঙ্ক ছড়িয়েছে। তবে হতাহতের কোনও খবর মেলেনি এখনও। তবে স্থানীয়দের দাবি, পাশের বাড়ির একটি শিশু বিস্ফোরণের জোরাল শব্দে অজ্ঞান হয়ে গিয়েছে। তাকে স্থানীয় চিকিৎসাকেন্দ্রে নিয়ে যাওয়া হয়েছে।

পুলিশ সূত্রে খবর, বিস্ফোরণের তীব্রতা দেখে অনুমান, বাড়িতে অন্তত ৫০-এর বেশি বোমা মজুত ছিল।





দিল্লীতে কুস্তিগীরদের সাথে যৌন হয়রানির প্রতিবাদে আগরতলায় এআইডিএসও এর বিক্ষোভ। ছবি নিজস্ব।

## আজ থেকে নবউদ্যমে নবজোয়ার কর্মসূচি, অভিষেককে ঘেরাওয়ের হুঁশিয়ারি কুড়মিরা



কলকাতা, ২২ মে (হি.স.) : সোমবার থেকে ফের নব উদ্যমে নবজোয়ার কর্মসূচি শুরু করছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। বাঁকুড়ার ইন্দাসে আজ রাতে অধিবেশন দিয়ে শুরু হবে দ্বিতীয় দফায় 'তৃণমূলে নবজোয়ার'। পরেরদিন, মঙ্গলবার বিষ্ণুপুর থেকে তালড্যাংরা হয়ে রায়পুর যাওয়ার কথা তাঁর। আর সেখানেই অভিষেক বন্দ্যোপাধ্যায়কে ঘেরাওয়ের হুঁশিয়ারি দিলেন কুড়মিরা। গোপন সূত্রে খবর পেয়ে অভিষেকের নিরাপত্তা নিয়ে বাড়তি তৎপর পুলিশ। খোদ ডিআইজি বিষয়টির দিকে নজর রেখেছেন বলে খবর। এদিকে, অভিষেকের কর্মসূচি এবং নিরাপত্তার জন্য বিষ্ণুপুরের রামানন্দ কলেজের পরীক্ষা পিছিয়ে দেওয়া হয়েছে।

'তৃণমূলে নবজোয়ার' কর্মসূচি নিয়ে তিনি এই মুহূর্তে ঘুরছেন জেলায় জেলায়।

বাঁকুড়ায় অন্তত তিনটি জায়গায় হওয়ার কথা সভা, কর্মসূচি, অধিবেশন। একাধিক বিধানসভা কেন্দ্রে জনসংযোগ করবেন তিনি। সূত্রের খবর, এক জায়গা থেকে আরেক জায়গায় যাওয়ার পথেই তাঁকে ঘেরাওয়ের হুমকি দিয়েছে কুড়মি সমাজের নেতা রাজেশ মাহাতো। গোয়েন্দা সূত্রে খবর, মঙ্গলবার তালড্যাংরা থেকে রায়পুর যাওয়ার পথে ঘেরাও করা হতে পারে তাঁকে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।